রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১২, ২০২৫

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

প্রজ্ঞাপন

তারিখ: ১০ নভেম্বর ২০২৫

নং **৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০১৫৭.০৬.৯৭.২৭২.১৫৯**—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫নং আইন) এর ধারা ২৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, পূর্ব প্রকাশের পর, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিল:—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও কার্যকারিতা।—(১) এই বিধিমালা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে;

(২) এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হওয়ার তারিখ হইতে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) ‘‘**অধিভুক্ত**’’ বলিতে নিম্নবর্ণিত কোম্পানিও অন্তর্ভুক্ত হইবে:

(অ) যাহা নিজে কিংবা অন্যান্য ব্যক্তিদের সহিত একযোগে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ট্রাস্টি বা সম্পদ ব্যবস্থাপকের উপর উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রয়োগ করে;

(আ) যাহার উপর ট্রাস্টি বা সম্পদ ব্যবস্থাপক নিজে বা অন্যান্য ব্যক্তিদের সহিত একযোগে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রয়োগ করে;

মূল্য : টাকা ৭০.০০

(ই) যাহার উপর নিম্নবর্ণিতদের দ্বারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রযোজ্য হয়, যথা :—

(১) ব্যক্তিগণ, বা

(২) উক্ত ব্যক্তি বা ব্যক্তিগণের আত্মীয়-স্বজন, যাহারা নিজে কিংবা অন্যদের সহিত একযোগে সম্পদ ব্যবস্থাপক বা ট্রাস্টির উপর উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রয়োগ করে;

ব্যাখ্যা:—এই উপ-দফার উদ্দেশ্যে, ''আত্মীয়-স্বজন'' বলিতে সংশ্লিষ্ট ব্যক্তির স্ত্রী, স্বামী, ভাই, বোন, পুত্র, কন্যা, পিতা, মাতা, শ্বশুর, শাশুড়ি এবং পরিবারের সেই সকল সদস্যকে বুঝাইবে যাহারা উক্ত ব্যক্তির উপর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্ভরশীল;

(খ) "**অপ্রকাশিত মূল্য সংবেদনশীল তথ্য**" অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ২০২২ এর বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (খ) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে;

(গ) ''**আইন**'' অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন);

(ঘ) **"আর্থিক বিবরণী (Financial Statements)"** অর্থ কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের আর্থিক অবস্থার বিবরণী (Statement of Financial Position), লাভ বা ক্ষতি এবং অন্যান্য বিশদ আয় বিবরণী (Statement of Profit or Loss and Other Comprehensive Income), নগদ প্রবাহ বিবরণী (Statement of Cash Flows), ইক্যুইটি বা মালিকানাস্বত্ব পরিবর্তন বিবরণী (Statement of Changes in Equity) এবং আর্থিক বিবরণীর টীকাসমূহ (Notes to the Financial Statements) ও হিসাবায়নের নীতিমালা (Accounting Policies) ইত্যাদি যাহা ইন্টারন্যাশনাল ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (IFRS)/ ইন্টারন্যাশনাল অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (IAS) এবং ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) অনুযায়ী ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (FRC) কর্তৃক নির্ধারিত আর্থিক প্রতিবেদন মান অনুসারে প্রস্তুতকৃত;

(ঙ) ''**ইউনিট**'' অর্থ কোনো মিউচ্যুয়াল ফান্ড স্কীমে বিনিয়োগকারীদের স্বার্থ, যাহা উক্ত স্কীমের সম্পদের একটি অবিভক্ত অংশের প্রতিনিধিত্বকারী ক্ষুদ্রতম সম একক বা অংশ;

(চ) ''**ইউনিট হোল্ডার বা মালিক**'' অর্থ কোনো মিউচ্যুয়াল ফান্ড স্কীম-এর ইউনিটের মালিক;

(ছ) ''**উদ্যোক্তা (Sponsor)**'' অর্থ কোনো ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, কমিশন কর্তৃক নিবন্ধিত সম্পদ ব্যবস্থাপক কোম্পানি, ফান্ড ম্যানেজার, ইন্স্যুরেন্স কোম্পানি, সংবিধিবদ্ধ সংস্থা, পাবলিক লিমিটেড কোম্পানি, প্রাইভেট লিমিটেড কোম্পানি, কোনো বৈদেশিক পাবলিক কিংবা প্রাইভেট লিমিটেড কোম্পানি যা এককভাবে কিংবা স্থানীয় উদ্যোক্তার সাথে যৌথভাবে, স্বীকৃত তথা রেজিস্টার্ড ট্রাস্ট ফান্ড, পেনশন ফান্ড, প্রভিডেন্ট ফান্ড, সুপার এনুয়েশন ফান্ড (Super Annuation Fund), সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বৈদেশিক ফান্ড, যাহা এককভাবে বা মিলিতভাবে কোনো মিউচ্যুয়াল ফান্ড বা স্কীম গঠন করা:

তবে শর্ত থাকে যে, কোনো প্রাইভেট লিমিটেড কোম্পানি কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের উদ্যোক্তা (sponsor) হওয়ার ক্ষেত্রে নিম্নোক্ত শর্ত পরিপালন করিতে হইবে:

(অ) উহার ন্যূনতম নীট সম্পদ (net worth) ১০ (দশ) কোটি টাকা হইতে হইবে;

(আ) উহার প্রতিশ্রুত অর্থ (committed sponsor subscription) পরিশোধের জন্য পর্যাপ্ত নগদ এবং নগদ সমতুল্য বা তরল সম্পদ থাকিতে হইবে;

(ই) উহা নিয়মিত আয়কর প্রদানকারী হইতে হইবে;

(ঈ) উহা ঋণখেলাপী হইবে না;

(জ) ''**উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ**'' বলিতে বুঝাইবে কোনো ব্যক্তি বা ব্যক্তি সমষ্টির প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো কোম্পানিতে কমপক্ষে ১০ (দশ) শতাংশ ভোটদানের ক্ষমতা সম্বলিত শেয়ারের মালিকানা, নিয়ন্ত্রণ বা দখল থাকে;

(ঝ) "**এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড**" অর্থ Bangladesh Securities and Exchange Commission (Exchange Traded Fund) Rules, 2016, এর বিধি এর ২ এর উপ-বিধি (১) এর দফা (১৮) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে;

(ঞ) ''**ট্রাস্টি (Trustee)**'' অর্থ এমন কোনো সংবিধিবদ্ধ সংস্থা বা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত কোনো পাবলিক লিমিটেড কোম্পানি যাহা মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের সম্পদ ট্রাস্টি ব্যবস্থাধীনে রাখিবার উদ্দেশ্যে এই বিধিমালার বিধি ২০ এর অধীন নিবন্ধিত;

(ট) "**ডেট সিকিউরিটিজ** (Debt Securities)" অর্থ Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021 এর বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (g) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে;

(ঠ) ''**তদারকী কর্মকর্তা (Compliance Officer)**'' অর্থ এই বিধিমালার অধীন নিবন্ধিত ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারী কর্তৃক নিয়োগকৃত কর্মকর্তা, যিনি বিধি মোতাবেক পরিপালন (Compliance) নিশ্চিত করেন;

(ড) ''**তফসিল**'' অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ঢ) **"নিরীক্ষা (Audit)"** অর্থ মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের আর্থিক বিবরণীর এমন নিরীক্ষা, যাহা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক প্যানেলভুক্ত নিরীক্ষক এবং একই সাথে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (FRC) কর্তৃক নিবন্ধিত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম দ্বারা সম্পাদিত হয় এবং ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এর অধীন প্রণীত ফাইনান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস, কোড, নির্দেশনা, বিধি বা প্রবিধানসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক করা হয়;

(ণ) ''**পরিদর্শন কর্মকর্তা**'' অর্থ কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারীর হিসাব, হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র পরিদর্শনের নিমিত্ত এই বিধিমালার বিধি ৮৯ এর উপ-বিধি (১) এর অধীন কমিশন কর্তৃক নিযুক্ত দুই বা ততোধিক কর্মকর্তা;

(ত) "**পদ্ধতিগত বিনিয়োগ পরিকল্পনা (Systematic Investment Plan)**" বলিতে বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের বিনিয়োগ পরিকল্পনার অধীন নির্দিষ্ট সময় অন্তর অন্তর সুনির্দিষ্ট পরিমাণ অর্থ বিনিয়োগকারি কর্তৃক বিনিয়োগের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে ইউনিট ক্রয় করাকে বুঝাইবে;

(থ) ''**প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী**'' বলিতে কোনো কোম্পানি, ট্রাস্ট, স্বীকৃত তথা রেজিস্টার্ড ট্রাস্ট ফান্ড, পেনশন ফান্ড, প্রভিডেন্ট ফান্ড, সুপার অ্যানুয়েশন ফান্ড (Super Annuation Fund), সমবায় সমিতি, কোনো সরকারি বা সংবিধিবদ্ধ সংস্থাকে বুঝাইবে;

(দ) **''পুনঃপরীক্ষা (Re-examination) কর্মকর্তা''** অর্থ এই বিধিমালার বিধি ৯৯ এর উপ-বিধি (১) এর অধীন মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীম বা সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি, হেফাজতকারী এর নিবন্ধন সনদ বাতিলের কারণ উদঘাটন বা যৌক্তিক মূল্যায়নের নিমিত্ত কমিশন কর্তৃক নিযুক্ত এক বা একাধিক কর্মকর্তা;

(ধ) ''**স্পেশাল পার্পাস ফান্ড (Special Purpose Fund)**'' অর্থ কোনো বিশেষ উদ্দেশ্যে গঠিত মিউচ্যুয়াল ফান্ড বা স্কীম যাহার গঠন প্রক্রিয়া শুরু করিবার পূর্বে উক্ত ফান্ড বা স্কীমের ধারণাপত্র (Concept Paper) কমিশন কর্তৃক অনুমোদিত হইয়া থাকে;

(ন) ''**ফরম**'' অর্থ এই বিধিমালার তফসিল এ প্রদত্ত কোনো ফরম;

(প) ''**ফান্ড আকার (Fund Size)**'' অর্থ কোনো নির্দিষ্ট তারিখে কোনো মিউচ্যুয়াল ফান্ডের বা কোনো স্কীমের মোট নীট সম্পদ মূল্য (Net Asset Value); তবে মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের সূচনালগ্নে মোট সংগৃহীত অর্থকেও বুঝাইবে;

(ফ) "**ফিক্সড ইনকাম সিকিউরিটিজ (Fixed Income Securities)**" অর্থ এমন সিকিউরিটিজ যাহা থেকে নির্দিষ্ট মেয়াদে সুনির্দিষ্ট পরিমাণে এক বা একাধিক আয় বা মুনাফা পাওয়া যায় এবং মেয়াদ শেষে বিনিয়োগকৃত মূল অর্থ ফেরত পাওয়া যায়; তবে ঐ সকল সিকিউরিটিজও অন্তর্ভুক্ত হইবে যেগুলো সুপ্ত (intrinsic) বা প্রকাশিত (explicit) হারে আয় বা মুনাফা প্রদান করিয়া থাকে;

(ব) "**ফিক্সড ইনকাম স্কীম (Fixed Income Scheme)**" অর্থ এমন কোনো মিউচ্যুয়াল ফান্ড স্কীম যাহা Fixed Income Securities এ বিনিয়োগের উদ্দেশ্যে গঠিত হয়;

(ভ) ''**ফেয়ার ভ্যালু (Fair value)**" বলিতে সংশ্লিষ্ট International Financial Reporting Standard (IFRS) এ বর্ণিত সংজ্ঞা ও মূল্যায়ন পদ্ধতিকে বুঝাইবে;

(ম) "**বর্ধিষ্ণু স্কীম (Growth Scheme)**" অর্থ এমন কোনো মিউচ্যুয়াল ফান্ড স্কীম যাহার মুখ্য উদ্দেশ্য হইলো, অধিক হারে লভ্যাংশ বণ্টনের পরিবর্তে দীর্ঘমেয়াদে মূলধন প্রবৃদ্ধি (Capital Appreciation) করা;

(য) **"বার্ষিক প্রতিবেদন"** অর্থ মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের একটি নির্দিষ্ট অর্থবছরের জন্য প্রস্তুতকৃত এমন একটি বিস্তারিত প্রতিবেদন যাহাতে ফান্ড বা উহার স্কীমের আর্থিক অবস্থান, আয়-ব্যয়, বিনিয়োগের বিবরণ, ইউনিটহোল্ডারদের প্রতি লভ্যাংশ বণ্টন, নিরীক্ষকের প্রতিবেদন এবং সম্পদ ব্যবস্থাপকের কার্যক্রমের সারসংক্ষেপ অন্তর্ভুক্ত থাকে;

(র) ''**ব্যক্তি**'' বলিতে The Securities and Exchange Ordinance, 1969 এর ধারা ২ এর দফা (j) এ সংজ্ঞায়িত কোনো ব্যক্তিকে বুঝাইবে;

(ল) ''**বিজ্ঞাপন**'' অর্থে সকল ধরনের প্রচারণাকে বুঝাইবে, যাহা কোনো পত্র-পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে প্রকাশ হইতে পারে বা কোনো প্রদর্শনী, বিজ্ঞপ্তি, প্রতীক, লেবেল, সার্কুলার বা সুবিন্যস্ত তালিকা আকারে প্রকাশ হইতে পারে বা অন্য কোনো দলিল, চিত্র প্রদর্শনী বা ফটোগ্রাফিক চলচ্চিত্র হিসাবে প্রদর্শিত হইতে পারে বা বেতার, টেলিভিশন বা কোনো ডিজিটাল মিডিয়া মাধ্যমে প্রচারণা হইতে পারে কিংবা অন্য কোনো পন্থায় হইতে পারে;

(শ) ''**বিক্রয় প্রতিনিধি (Selling Agent)**'' অর্থ মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের ইউনিট বিক্রয়ের উদ্দেশ্যে সম্পদ ব্যবস্থাপক কর্তৃক মনোনীত কোনো ব্যক্তি; তবে প্রাকৃতিক ব্যক্তিস্বত্তা বিশিষ্ট মনোনীত কোনো বিক্রয় প্রতিনিধিকে কমিশন কর্তৃক স্বীকৃত নির্দিষ্ট কোর্সের সনদধারী হইতে হইবে;

(ষ) "**বিদ্যমান মিউচ্যুয়াল ফান্ড বা স্কীম**" অর্থ এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার পূর্ব হইতে যে সকল মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম কমিশনের অনুমোদনক্রমে পরিচালিত হইয়া আসিতেছে;

(স) ''**বে-মেয়াদি (Open-end) স্কীম**'' অর্থ কোনো মিউচ্যুয়াল ফান্ডের এমন কোনো স্কীম যাহা পরিশোধের জন্য কোনো মেয়াদ ও স্কীমের পরিমান র্নিধারণ না করিয়া উহার ইউনিট বিক্রয়ের প্রস্তাব করে এবং বুক ক্লোজারের সময় ব্যতিরেকে বছরের সারা সময় ধরিয়া ক্রয় ও পুনঃক্রয়ের সুবিধা প্রদান করে;

(হ) ''**মিউচ্যুয়াল ফান্ড**'' অর্থ ট্রাস্ট আকারে স্বতন্ত্র আইনগত স্বত্তা হিসেবে গঠিত এবং কমিশন কর্তৃক নিবন্ধিত এমন কোনো যৌথ বিনিয়োগ স্কীম (collective investment scheme), যাহা এই বিধিমালার বিধি ৬৭ অনুযায়ী সুনির্দিষ্ট উদ্দেশ্য, ধরন ও খাতে বিনিয়োগ কার্যক্রম পরিচালনা করিবার নিমিত্ত এক বা একাধিক স্কীমের অধীন জনসাধারণের নিকট ইউনিট বিক্রয়ের মাধ্যমে অর্থ সংগ্রহ করিয়া থাকে;এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে:

তবে শর্ত থাকে যে, Bangladesh Securities and Exchange Commission (Exchange Traded Fund) Rules, 2016, এর বিধান অনুযায়ী এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড নিবন্ধিত ও পরিচালিত হইবে;

(ঢ়) "**মূলধন পর্যাপ্ততার অনুপাত**" বলিতে the Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (c) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে সে অর্থ কে বুঝাইবে;

(ড়) ''**মূলধনী লাভ বা আয়**'' অর্থ আয়কর আইন, ২০২৩ এর ''মূলধনী লাভ বা আয়'' যে অর্থে ব্যবহৃত হইয়াছে;

(য়) ''**মূল্য সংবেদনশীল তথ্য (Price Sensitive Information)**'' অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ২০২২ এর বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (ট) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে;

(য়ক) ''**মেয়াদি (Closed-end) স্কীম**'' অর্থ মিউচ্যুয়াল ফান্ডের এমন কোনো স্কীম যাহার পরিপক্কতার মেয়াদ ও আকার পূর্ব নির্ধারিত থাকে এবং যাহা চাহিদা ভিত্তিক কোনো ইউনিট ইস্যু করেনা;

(য়খ) ''**যৌথ বিনিয়োগ স্কীম (Collective Investment Scheme)**'' অর্থ কমিশন কর্তৃক প্রণীত সুনির্দিষ্ট নীতিমালা বা বিধিমালার অধীন ট্রাস্ট আকারে গঠিত এবং নিবন্ধিত সম্পদ ব্যবস্থাপকের তত্ত্বাবধানে পরিচালিত কোনো বিনিয়োগ স্কীম বা ফান্ড, যাহা জনসাধারণের নিকট হইতে অর্থ সংগ্রহ করিয়া সংশ্লিষ্ট বিধিমালা বা নীতিমালা অনুযায়ী যোগ্য সিকিউরিটিজ বা সম্পদে বিনিয়োগ করিয়া থাকে;

(য়গ) ''**সম্পদ ব্যবস্থাপক (Asset Manager)**'' অর্থ কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীম ব্যবস্থাপনা ও পরিচালনা এবং উহার প্রাতিষ্ঠানিক মক্কেলের ফান্ড ব্যবস্থাপনা ও পরিচালনার উদ্দেশ্যে এই বিধিমালার বিধি ২৮ এর অধীন নিবন্ধিত কোনো ব্যক্তি;

(য়ঘ) "**সরকারি সিকিউরিটিজ**'' বলিতে সরকারি ঋণ আইন, ২০২২ মোতাবেক সরকার বা সরকারের পক্ষে ইস্যুকৃত সিকিউরিটিজকে বুঝাইবে;

(য়ঙ) "**হস্তান্তর**" বলিতে কোনো মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের ইউনিট ক্রয়-বিক্রয়, পুনঃ ক্রয়, সমর্পন বা উত্তরাধিকার বা উপহার ইত্যাদির মাধ্যমে উহার মালিকানা পরিবর্তনকে বুঝাইবে;

(য়চ) ''**হেফাজতকারী (Custodian)**'' অর্থ কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের নগদ ও নগদ সমতুল্য সম্পদ সহ অন্যান্য সম্পদ ও সিকিউরিটিজ হেফাজতে রাখা, মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের ইস্যুকৃত ইউনিটের হিসাব রক্ষণের কর্মে নিয়োজিত থাকা এবং গ্রাহকের (তথা ফান্ড বা স্কীম) পক্ষে সিকিউরিটিজ সরবরাহের কিংবা ক্লিয়ারিং পদ্ধতিতে অংশ গ্রহণ করিবার উদ্দেশ্যে এই বিধিমালার বিধি ৩৯ এর অধীন নিবন্ধিত কোনো ব্যক্তি;

(য়ছ) "**স্কীম**" অর্থ এই বিধিমালার সপ্তম অধ্যায়ে বর্ণিত বিধান মোতাবেক কোনো মিউচ্যুয়াল ফান্ডের অধীন গঠিত কোনো স্কীম, যাহা কমিশন কর্তৃক অনুমোদিত স্বতন্ত্র প্রসপেক্টাস বা অফার ডকুমেন্ট মোতাবেক ঘোষিত হয়;

(য়জ) "**স্বার্থ সংশ্লিষ্ট পক্ষ**" অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ২০২২ এর বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (ত) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে;

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির (expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি যে অর্থে Trust Act, 1882 (Act No. II of 1882), the Registration Act, 1908 (Act No. XVI of 1908), the Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন), ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন), বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এবং ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৯ নং আইন) ও উহাদের অধীনে জারীকৃত কোনো বিধিমালা বা প্রবিধানমালায় ব্যবহৃত হইয়াছে সে অর্থে ব্যবহৃত হইবে।

দ্বিতীয় অধ্যায়

মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন

৩। মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন।—প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড এই বিধিমালার অধীন নিবন্ধিত হইতে হইবে এবং উক্তরূপ নিবন্ধন ব্যতীত কোনো মিউচ্যুয়াল ফান্ড পরিচালনা করা যাইবে না।

৪। নিবন্ধনের দরখাস্ত।—কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের জন্য উদ্যোক্তা কর্তৃক ফরম 'ক'-তে কমিশনের নিকট দরখাস্ত করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার পূর্বে কোনো উদ্যোক্তা মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের জন্য কমিশনের নিকট দরখাস্ত করিয়া থাকিলে তাহা এই বিধির অধীন দরখাস্ত বলিয়া গণ্য হইবে এবং তদানুযায়ী উহা নিষ্পত্তি করা হইবে।

৫। দরখাস্ত ফি।—বিধি ৪ এর অধীন পেশকৃত প্রত্যেকটি দরখাস্তের সহিত দরখাস্ত ফি বাবদ ০১ (এক) লক্ষ টাকা (অফেরতযোগ্য) কমিশন বরাবরে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে প্রদান করিতে হইবে, অন্যথায় কোনো দরখাস্ত বিবেচিত হইবে না।

৬। দরখাস্ত পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত হইতে হইবে।—বিধি ৪ এর অধীন পেশকৃত প্রত্যেকটি দরখাস্ত তজ্জন্য নির্ধারিত ফরমে বর্ণিত নির্দেশাবলি অনুযায়ী পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত হইতে হইবে, অন্যথায় দরখাস্ত বাতিলযোগ্য হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো দরখাস্ত বাতিল করিবার পূর্বে কমিশন কর্তৃক উত্থাপিত আপত্তি ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করিবার জন্য দরখাস্ত প্রাপ্তির তারিখ হইতে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইতে হইবে।

৭। অতিরিক্ত তথ্য বা ব্যাখ্যা তলব।—(১) কমিশন কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের ক্ষেত্রে প্রয়োজন মনে করিলে, উদ্যোক্তা কর্তৃক তাহার দরখাস্তে প্রদত্ত তথ্যের অতিরিক্ত কোনো তথ্য বা প্রদত্ত তথ্যের ব্যাখা তলব করিতে পারিবে;

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো তথ্য বা উহার ব্যাখ্যা তলব করা হইলে প্রয়োজনে উদ্যোক্তা অথবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোনো প্রতিনিধি ব্যক্তিগতভাবে উপস্থিত হইয়াও উক্ত তথ্যের ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।

৮। দরখাস্ত বিবেচনা।—বিধি ৪ এর অধীন প্রাপ্ত সকল দরখাস্ত কমিশন যথাযথভাবে বিবেচনা করিবে এবং দরখাস্ত প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে কমিশন তৎসম্পর্কে উহার সিদ্ধান্ত প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, বিধি ৭ এর অধীন কোনো অতিরিক্ত তথ্য বা ব্যাখ্যা তলব করা হইলে উহা প্রদানের তারিখ হইতে উক্ত ৩০ (ত্রিশ) কার্যদিবস গণনা করা হইবে।

৯। নিবন্ধন মঞ্জুরীর জন্য অযোগ্যতা।- কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না, যদি—

(ক) উহা ট্রাস্ট আকারে গঠিত না হয় এবং কমিশন কর্তৃক উহার ট্রাস্ট দলিল অনুমোদিত না হয়;

(খ) উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক এবং হেফাজতকারী এই বিধিমালার অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত না হয় এবং উক্ত সকল পক্ষ স্বতন্ত্র ও পৃথক সত্ত্বা না হয়:

তবে শর্ত থাকে যে, ইতোপূর্বে নিবন্ধিত কোনো মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি ও হেফাজতকারী একই প্রতিষ্ঠান হইয়া থাকিলে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০১ (এক) বছরের মধ্যে, ট্রাস্টি সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপকের সহিত পরামর্শক্রমে এবং কমিশনের পূর্বানুমোদনক্রমে বিদ্যমান হেফাজতকারীর স্থলে বিধি ৪২ মোতাবেক নতুন হেফাজতকারী নিয়োগ করিবে;

(গ) কোনো বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের প্রাথমিক সংগৃহীতব্য অর্থের (Initial Target Size) অন্ততঃ ১০ (দশ) শতাংশ উদ্যোক্তা প্রদান না করে:

তবে শর্ত থাকে যে, কোনো বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের স্কীম ঘোষণার তারিখ হইতে উদ্যোক্তা কর্তৃক উক্ত স্কীমের ধারণকৃত ইউনিট অন্ততঃ ০১ (এক) বছর পর্যন্ত সার্বক্ষণিকভাবে সংরক্ষণ করিতে হইবে এবং তৎপরবর্তীতে উক্ত ধারণকৃত ইউনিটের অন্ততঃ ১০ (দশ) শতাংশ সার্বক্ষণিকভাবে সংরক্ষণ করিতে হইবে:

আরো শর্ত থাকে যে, উক্ত ০১ (এক) বছর অতিক্রান্ত হইবার পর কমিশনের পূর্বানুমোদনক্রমে উদ্যোক্তা হওয়ার যোগ্যতা সম্পন্ন কোনো ব্যক্তির অনুকূলে উক্ত ধারণকৃত ইউনিট হস্তান্তর করা যাইবে;

(ঘ) বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হালনাগাদকৃত সিআইবি রিপোর্ট অনুযায়ী উদ্যোক্তা, সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি এবং হেফাজতকারী বা উহাদের কোনো পরিচালক যদি ঋণখেলাপি হয়।

১০। নিবন্ধন মঞ্জুরী।—(১) বিধি ৯ এ উল্লিখিত কোনো অযোগ্যতা না থাকিলে কমিশন মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের দরখাস্ত মঞ্জুর করিবে এবং মিউচ্যুয়াল ফান্ডটি নিবন্ধন করিবেঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ সংশ্লিষ্ট ফান্ডের ট্রাস্ট দলিলে ঘোষিত ফান্ড আকারের ০.২ (শূন্য দশমিক দুই) শতাংশ হারে কমিশন বরাবরে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে;

(২) কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'ঙ'-তে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে;

(৩) কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধিত হইবার অনধিক ০৩ (তিন) মাসের মধ্যে গণপ্রস্তাবের (public offering) নিমিত্ত খসড়া প্রসপেক্টাস কমিশনে দাখিল করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, কমিশন যৌক্তিক মনে করিলে উক্ত সময়সীমা বর্ধিত করিতে পারিবেঃ

আরো শর্ত থাকে যে, উক্ত মিউচ্যুয়াল ফান্ডের কোনো বে-মেয়াদি স্কীমের ইউনিট স্টক এক্সচেঞ্জ বা স্বীকৃত কোনো সংস্থা কর্তৃক প্রদত্ত প্লাটফরমে হস্তান্তর করিতে চাহিলে খসড়া প্রসপেক্টাসে উহার ঘোষণা থাকিতে হইবে।

১১। বার্ষিক ফি।—(১) এই বিধিমালার অধীন নিবন্ধিত মিউচ্যুয়াল ফান্ডের প্রত্যেক স্কীমকে উহার প্রতি অর্থ বছর শুরু হইবার পূর্বে বার্ষিক ফি বাবদ সর্বশেষ ঘোষিত ফান্ড আকারের (ফেয়ার ভ্যালুর ভিত্তিতে) উপর ০.১০% (শূন্য দশমিক এক শূন্য শতাংশ) টাকা কিংবা ০১ (এক) লক্ষ টাকার মধ্যে যাহা বেশি হইবে উহা কমিশন বরাবরে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমাণ অর্থ জরিমানা হিসাবে সম্পদ ব্যবস্থাপকের নিজস্ব হিসাব হইতে কমিশনে জমা করিতে হইবে;

(২) উপ-বিধি (১) অনুযায়ী কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীম বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে, উক্ত বকেয়া ফি পরিশোধ করিবার পূর্বে নতুন কোনো স্কীম গ্রহণে কমিশন উক্ত সম্পদ ব্যবস্থাপককে বিবেচনা করিবে না;

(৩) এই বিধিমালার কোনো বিধান ক্ষুণ্ন না করিয়া, কমিশন যদি ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমকে, উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থ বছর শুরু হইবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে যে কোনো সময় সংশ্লিষ্ট ফি প্রদান করিবার অনুমতি প্রদান করিতে পারিবে।

১২। নিবন্ধিত মিউচ্যুয়াল ফান্ড কর্তৃক পালনীয় বিষয়সমূহ।—বিধি ১০ এর অধীন নিবন্ধিত প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের উদ্যোক্তা, ট্রাষ্টি, সম্পদ ব্যবস্থাপক এবং হেফাজতকারী—

(ক) সংশ্লিষ্ট সকল আইন ও এই বিধিমালার বিধানাবলি মানিয়া চলিবে;

(খ) সার্বক্ষণিক অভ্যন্তরীণ নিরীক্ষা নিশ্চিত করিবে;

(গ) পূর্বে পেশকৃত বা প্রকাশিত বা ঘোষিত তথ্য বস্তুগতভাবে ভ্রান্তিপূর্ণ বা অসত্য বলিয়া অবহিত হওয়া মাত্র উহা কমিশনকে জানাইবে;

(ঘ) কমিশন কর্তৃক প্রদত্ত নিবন্ধনের সহিত সংশ্লিষ্ট ইতোপূর্বে পেশকৃত কোনো তথ্য বা বিবরণীতে কোনো বস্তুগত পরিবর্তন ঘটিলে অনতিবিলম্বে উহা কমিশনকে অবহিত করিবে;

(ঙ) কমিশন কর্তৃক কোনো পরিদর্শন, পুনঃপরীক্ষা, অনুসন্ধান বা তদন্তকালে উহার সকল পরিচালক, কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীসহ সম্পৃক্ত কোনো ব্যক্তিকে জেরা করিবার অনুমতিসহ এই ব্যাপারে সর্বাত্মক সহযোগিতা প্রদান করিবে;

(চ) কোনো পরিদর্শন, পুনঃপরীক্ষা, অনুসন্ধান বা তদন্তের প্রয়োজনে তলবকৃত হিসাব বহি, দলিলপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট পেশ করিবে;

(ছ) মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি বোর্ড সভায় সম্পদ ব্যবস্থাপক কর্তৃক দাখিলকৃত ফান্ড বা স্কীম ভিত্তিক হিসাব বিবরণী অনুমোদনের জন্য দাখিল করিবে এবং একই সাথে লভ্যাংশ প্রস্তাব অনুমোদনের জন্যও পেশ করিবে; তবে ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত লভাংশ চূড়ান্ত বলিয়া গন্য হইবে;

(জ) বে-মেয়াদি স্কীমে ইউনিট হোল্ডার নগদ লভ্যাংশ গ্রহণ অথবা নগদ লভ্যাংশের পরিবর্তে সমন্বিত বিনিয়োগ পরিকল্পনা (Cumulative Investment Plan) এর আওতায় নতুন ইউনিট গ্রহণের যে কোনো একটি অপশন গ্রহণ করিতে পারিবে।

টীকা: সমন্বিত বিনিয়োগ পরিকল্পনা বলিতে নগদ লভ্যাংশের পরিবর্তে উক্ত অর্থের সমপরিমাণ স্কীমের ইউনিট প্রতি নীট সম্পদের (নগদ লভ্যাংশ ঘোষণা পরবর্তী নীট সম্পদ) ভিত্তিতে নতুন ইউনিট ইস্যু করাকে বুঝাইবে। তবে, নগদ লভ্যাংশ গ্রহণ বা সমন্বিত বিনিয়োগ পরিকল্পনার আওতায় নতুন ইউনিট গ্রহণ ইউনিট হোল্ডারের সম্পূর্ণ ইচ্ছাধীন হইবে।

১৩। কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের বাধা-নিষেধ।—(১) কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীম ব্যবস্থাপনার জন্য কোনো কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করিবে না;

(২) ট্রাস্টি, হেফাজতকারী বা সম্পদ ব্যবস্থাপক উহার নিজস্ব কোম্পানির নাম ব্যতিত কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের নামে কোনো কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করিতে পারিবে না;

(৩) ট্রাস্টি, হেফাজতকারী বা সম্পদ ব্যবস্থাপক উহার কর্মকর্তা/কর্মচারীর বেতন ভাতা বা কোনো সুবিধাদি মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের উপর চার্জ/ধার্য করিতে পারিবে না;

(৪) কোনো মিউচ্যুয়াল ফান্ডের পরিচালনা বা ব্যবস্থাপনার সহিত সম্পৃক্ত ট্রাস্টি, হেফাজতকারী বা সম্পদ ব্যবস্থাপকের কোনো কর্মকর্তা/কর্মচারী একই সাথে স্টক-ব্রোকার, স্টক-ডিলার বা পোর্টফোলিও ম্যানেজারের কর্মকর্তা/কর্মচারী হইতে পারিবে না।

১৪। নিবন্ধন মঞ্জুর না হওয়ার ক্ষেত্রে করণীয়।—(১) বিধি-৯ এ উল্লিখিত বিষয়সমূহের আলোকে কমিশনের নিকট কোনো মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের অনুপযুক্ত বিবেচিত হইলে কমিশন তৎসংক্রান্ত দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে;

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো দরখাস্ত নামঞ্জুর করা হইলে কমিশন উহার কারণসহ সিদ্ধান্তটি দরখাস্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে;

(৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত কোনো সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি উহা অবহিত হইবার ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সিদ্ধান্তটি পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট দরখাস্ত করিতে পারিবে;

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো দরখাস্ত প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে দরখাস্তকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানির সুযোগ প্রদান পূর্বক কমিশন দরখাস্ত প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত শুনানি গ্রহণের তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত দরখাস্তকারীকে জানাইয়া দিবে।

তৃতীয় অধ্যায়

মিউচ্যুয়াল ফান্ড গঠন ও ব্যবস্থাপনা

১৫। মিউচ্যুয়াল ফান্ড গঠন পদ্ধতি।—(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড, Trust Act, 1882 (II of 1882) এর অধীন, ট্রাস্ট আকারে গঠন করিতে হইবে এবং Registration Act, 1908 (XVI of 1908) এর অধীন উহার ট্রাস্ট দলিল নিবন্ধন করিতে হইবে;

(২) কোনো মিউচ্যুয়াল ফান্ড এক বা একাধিক স্কীম পরিচালনার উদ্দেশ্যে গঠন করা যাইবে:

তবে শর্ত থাকে যে, একই ফান্ডের অধীন একাধিক স্কীমের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন ট্রাস্ট দলিল নিবন্ধন করিবার প্রয়োজন হইবে না;

(৩) উক্ত ট্রাস্ট দলিল ট্রাস্টির বরাবরে উদ্যোক্তা কর্তৃক সম্পাদিত হইতে হইবে;

(৪) প্রতিটি মিউচ্যুয়াল ফান্ডের নাম সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপকের নাম সহকারে শুরু হইবে; এবং সেই সাথে উদ্যোক্তাদের নামও ফান্ডের নামের সাথে সংযুক্ত করা যাইতে পারে:

তবে শর্ত থাকে যে, যদি একই মিউচ্যুয়াল ফান্ডের অধীনে একাধিক স্কীম গঠিত হয়, তাহা হইলে স্কীমের নামকরণে সংশ্লিষ্ট ফান্ডের নামও উক্ত স্কীমের নামের সাথে সংযুক্ত করিতে হইবে;

(৫) বিনিয়োগ উদ্দেশ্যের সাথে মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের নামকরণের সামঞ্জস্যতা থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, যদি কোনো স্কীম কোনো বিশেষ বিনিয়োগ উদ্দেশ্যে গঠিত হয়, তাহা হইলে মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের নামকরণ বিনিয়োগ উদ্দেশ্যের সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে;

(৬) কোনো মিউচ্যুয়াল ফান্ডের অধীন কোনো নতুন স্কীম গঠন করিবার প্রয়োজনে উক্ত স্কীমের নতুন উদ্যোক্তা গ্রহণের ক্ষেত্রে স্কীমের নামকরণে নতুন উদ্যোক্তার নাম সংযুক্ত করা যাইবে;

(৭) উক্ত ট্রাস্ট দলিল নিবন্ধনের পূর্বে কমিশনের নিকট উহা অনুমোদনের জন্য পেশ করিতে হইবে এবং কমিশনের অনুমোদনের পর উক্ত ট্রাস্ট দলিল নিবন্ধন করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিবন্ধিত ট্রাস্ট দলিলের কোনো দফা বা বিধান পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন বা সংশোধন কমিশনের অনুমোদন ব্যতিরেকে করা যাইবে না;

(৮) উক্ত ট্রাস্ট দলিলে এই বিধিমালার দ্বিতীয় তফসিলে বর্ণিত বিষয়সমূহ বা বিধানসমূহ উল্লেখ থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কমিশন কর্তৃক সময়ে সময়ে অনুমোদিত/নিশ্চিতকৃত (vetted) স্ট্যান্ডার্ড ট্রাস্ট দলিল (Standard Trust Deed) অনুসরণ করিতে হইবে;

(৯) উক্ত ট্রাস্ট দলিলে এমন কোনো বিষয়ের উল্লেখ থাকিবে না, যাহা—

(ক) মিউচ্যুয়াল ফান্ড বা উহার ইউনিট মালিকদের সম্পর্কে ট্রাস্টের দায়দায়িত্ব ও বাধ্যবাধকতা সীমাবদ্ধ করিবে বা উহার অবসান ঘটাইবে; অথবা

(খ) ট্রাস্টি, হেফাজতকারী বা সম্পদ ব্যবস্থাপকের কার্যে অবহেলা বা তৎকর্তৃক কোনো কার্য করা বা না করার কারণে ইউনিট মালিকদের লোকসান বা ক্ষতি সাধিত হইবার পরও উহার দায়দায়িত্ব হইতে ট্রাস্টি, হেফাজতকারী ও সম্পদ ব্যবস্থাপককে অব্যাহতি দান করিবে; অথবা

(গ) এই বিধিমালার সহিত সাংঘর্ষিক হইবে:

তবে শর্ত থাকে যে, যদি উক্ত ট্রাস্ট দলিলে এমন কোনো বিষয় উল্লেখ থাকে যাহা এই বিধিমালার সহিত সাংঘর্ষিক হয়, তাহা হইলে এই বিধিমালার বিধান প্রাধান্য পাইবে।

(১০) মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধিত দফতর অর্থাৎ ট্রাস্টি, হেফাজতকারী বা সম্পদ ব্যবস্থাপক এর রেজিস্টার্ড অফিস এবং সম্পদ ব্যবস্থাপকের ওয়েবসাইটে উহার ব্যবস্থাপনাধীন প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্ট দলিল, উহার প্রতিটি স্কীমের প্রস্পেক্টাস, বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তিপত্র সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখিতে হইবে এবং কেহ চাহিলে তাহাকে নির্ধারিত মূল্যে উক্ত দলিলের সত্যায়িত অনুলিপি সরবরাহ করিতে হইবে।

১৬। মিউচ্যুয়াল ফান্ডের ব্যবস্থাপনা।—(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের সম্পদ অছি ব্যবস্থাধীনে রাখিবার জন্য এই বিধিমালার বিধি ২০-এর অধীন নিবন্ধিত কোনো ট্রাস্টিকে ফান্ডের ট্রাস্টি হিসাবে নিয়োগ করিতে হইবে এবং বিধি ১৫ এর অধীন সম্পাদিতব্য ট্রাস্ট দলিল উক্ত ট্রাস্টির বরাবরে সম্পাদিত হইতে হইবে;

(২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের ব্যবস্থাপনা ও উহার স্কীমসমূহের পরিচালনার জন্য এই বিধিমালার বিধি-২৮ এর অধীন নিবন্ধিত কোনো সম্পদ ব্যবস্থাপককে উক্ত ফান্ড বা স্কীমের সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিয়োগ করিতে হইবে;

(৩) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের সিকিউরিটিজসহ অন্যান্য সকল সম্পদ হেফাজতে রাখিবার উদ্দেশ্যে এই বিধিমালার বিধি-৩৯ এর অধীন নিবন্ধিত কোনো হেফাজতকারীকে ফান্ডের হেফাজতকারী হিসেবে নিয়োগ করিতে হইবে; এবং উক্ত হেফাজতকারী সংশ্লিষ্ট ফান্ড বা স্কীমের নামে সকল সিকিউরিটিজ হিসাব (যথা, BOID ও BPID), সকল ধরণের ব্যাংক হিসাব ও ডিপোজটরির সহিত ফান্ড বা উহার স্কীমের ইউনিট ইস্যু বা সমর্পণ হিসাব পরিচালনা করিবে।

চতুর্থ অধ্যায়

ট্রাস্টি

১৭। ট্রাস্টি হিসাবে নিবন্ধন।—কোনো মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি হিসাবে নিয়োগের জন্য কোনো সংবিধিবদ্ধ সংস্থা বা কোনো পাবলিক লিমিটেড কোম্পানি এই বিধিমালা মোতাবেক কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো প্রাইভেট লিমিটেড কোম্পানি ইতোপূর্বে ট্রাস্টি হিসেবে নিবন্ধিত হইয়া থাকিলে এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০৬ (ছয়) মাসের মধ্যে উহাকে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত হইতে হইবে:

আরো শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে কোনো নিবন্ধিত ট্রাস্টি প্রাইভেট লিমিটেড কোম্পানি হইতে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত হইতে ব্যর্থ হইলে, কমিশন উহার নিবন্ধন বাতিল করিয়া, উহার অধীন সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের উদ্যোক্তা, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারীর সহিত পরামর্শক্রমে উহার স্থলে বিধি ২৩ মোতাবেক নতুন ট্রাস্টি নিয়োগ করিতে পারিবে।

১৮। নিবন্ধনের দরখাস্ত।—(১) ট্রাস্টি হিসাবে নিবন্ধন লাভের জন্য ফরম 'খ'-তে কমিশনে দরখাস্ত দাখিল করিতে হইবে ও দরখাস্ত ফি বাবদ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা (অফেরতযোগ্য) একটি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে কমিশনের বরাবরে জমা করিতে হইবে;

(২) উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের সহিত উক্ত দরখাস্তকারীর সংঘ স্মারক ও সংঘ বিধি বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আইন এর কপি কমিশনের নিকট দাখিল করিতে হইবে;

(৩) বিধি ৬, ৭ ও ৮ এর বিধানাবলি উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৯। নিবন্ধন মঞ্জুরির জন্য অযোগ্যতা।—(১) কোনো দরখাস্তকারী ট্রাস্টি হিসাবে নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না, যদি—

(ক) উহার অন্যূন ১০ (দশ) কোটি টাকা পরিশোধিত মূলধন না থাকে:

তবে শর্ত থাকে যে, ইতোপূর্বে নিবন্ধনপ্রাপ্ত কোনো ট্রাস্টির পরিশোধিত মূলধন যদি ১০ (দশ) কোটি টাকার কম থাকে তাহা হইলে এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০১ (এক) বছরের মধ্যে পরিশোধিত মূলধন অন্ততঃ ১০ (দশ) কোটি টাকায় উন্নীত করিতে হইবে:

আরো শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে কোনো নিবন্ধিত ট্রাস্টি উহার পরিশোধিত মূলধন অন্ততঃ ১০ (দশ) কোটি টাকায় উন্নীত করিতে ব্যর্থ হইলে, কমিশন উহার নিবন্ধন বাতিল করিয়া, উহার ব্যবস্থাধীন সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের উদ্যোক্তা, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারীর সহিত পরামর্শক্রমে, উহার স্থলে বিধি ২৩ মোতাবেক নতুন ট্রাস্টি নিয়োগ করিতে পারিবে;

(খ) বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হালনাগাদকৃত সিআইবি রিপোর্ট অনুযায়ী, উহা বা উহার কোনো পরিচালক যদি ঋণ খেলাপি থাকে;

(গ) উহার লেনদেনে সততার সুখ্যাতি না থাকে;

(ঘ) উহা বা উহার কোনো পরিচালক কোনো মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, সম্পদ ব্যবস্থাপক, স্টক-ডিলার, স্টক-ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার হন বা উহার বা উহাদের অধীনস্থ কোনো কোম্পানি বা সংস্থার কোনো পরিচালক হন বা উহার সহিত কোনোভাবে সম্পর্কিত হন;

(ঙ) উহার প্রধান নির্বাহী কর্মকর্তার আর্থিক বা পুঁজিবাজারে সেবার ক্ষেত্রে নির্বাহী হিসাবে অন্যূন ০৫ (পাঁচ) বছরের এবং অন্যান্য কর্মকর্তার আর্থিক বা পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রয়োজনীয় অভিজ্ঞতা না থাকে:

তবে শর্ত থাকে যে, যদি কোনো কোম্পানি শুধুমাত্র ট্রাস্টি সেবা প্রদানের জন্য নিবন্ধিত হয়, সেক্ষেত্রে উক্ত কোম্পানির প্রধান নির্বাহীর আর্থিক বা পুঁজিবাজারে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ কমপক্ষে ১০ (দশ) বছরের কর্ম অভিজ্ঞতা (work experience) থাকিতে হইবে;

(চ) ট্রাস্টির কার্যক্রম পরিচালনার জন্য ০১ (এক) জন আইন উপদেষ্টাসহ পর্যাপ্ত জনবল না থাকে:

তবে শর্ত থাকে যে, উক্ত আইন উপদেষ্টার কর্পোরেট ও সিকিউরিটিজ আইন সম্পর্কে বিশদ জ্ঞান থাকিতে হইবে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে:

আরো শর্ত থাকে যে, ট্রাস্টির অধীন এক বা একাধিক শরীয়াহ ভিত্তিক মিউচ্যুয়াল ফান্ড স্কীম পরিচালিত হইলে ন্যূনতম ০১ (এক) জন শরীয়াহ উপদেষ্টা থাকিতে হইবে;

(ছ) উহার ন্যূনতম ০১ (এক) জন তদারকি কর্মকর্তা না থাকে:

তবে শর্ত থাকে যে, উক্ত তদারকি কর্মকর্তার পুঁজিবাজারে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসহ অন্ততঃ ০৫ (পাঁচ) বছরের কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে:

আরো শর্ত থাকে যে, উক্ত তদারকি কর্মকর্তাকে কমিশন কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত সার্টিফিকেট কোর্স সম্পন্ন করিতে হইবে;

(জ) উহার ব্যবসার স্থান, অফিস, সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জাম ও নিজস্ব ওয়েব-সাইট (Web-site) না থাকে;

(ঝ) উহা Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর বিধান মোতাবেক মূলধন পর্যাপ্ততা অনুপাত (Capital Adequacy Ratio) অনুযায়ী পর্যাপ্ত মূলধন সংরক্ষণ না করে:

তবে শর্ত থাকে যে, ইতোপূর্বে নিবন্ধনপ্রাপ্ত কোনো ট্রাস্টি এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০১ (এক) বছরের মধ্যে উক্ত মূলধন পর্যাপ্ততা অনুপাত (Capital Adequacy Ratio) অনুযায়ী পর্যাপ্ত মূলধন সংরক্ষণ করিতে হইবে;

(ঞ) উহার হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স না থাকে;

(ট) উহার, নিবন্ধন সনদ প্রাপ্তি বা এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০১ (এক) বছর, যাহা পরে সংঘটিত হয়, উক্ত সময়ের মধ্যে পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত কর্মকর্তা-কর্মচারী নিয়োগ ও আচরণবিধি সংক্রান্ত নীতিমালা না থাকে;

(ঠ) কমিশন কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত অন্য কোনো শর্তাদি পরিপালন না করে;

(২) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১) এর বিধানাবলির যে কোনোটি, যে কোনো দরখাস্তকারীর ক্ষেত্রে শিথিল করিতে পারিবে।

২০। নিবন্ধন মঞ্জুরি।—(১) বিধি ১৯ এ উল্লিখিত কোনো অযোগ্যতা না থাকিলে, কমিশন দরখাস্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে নিবন্ধনের দরখাস্ত মঞ্জুর করিবে এবং উক্ত দরখাস্তকারীকে ট্রাস্টি হিসেবে নিবন্ধন করিবে:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফারের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে;

(২) কোনো দরখাস্তকারীকে ট্রাস্টি হিসেবে নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'ঙ'-তে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে।

২১। নিবন্ধন নামঞ্জুর হওয়ার ক্ষেত্রে করণীয়।—(১) বিধি ১৮ এর উপ-বিধি (১) মোতাবেক কোনো দরখাস্তকারীর যদি বিধি ১৯ এ উল্লিখিত কোনো অযোগ্যতা বিদ্যমান থাকে তবে কমিশন ট্রাস্টি হিসেবে উহার নিবন্ধনের দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে;

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো দরখাস্ত নামঞ্জুর করা হইলে উহার কারণসহ সিদ্ধান্তটি কমিশন দরখাস্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে;

(৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্তে সংক্ষুব্ধ দরখাস্তকারী উহা অবহিত হইবার ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট আবেদন করিতে পারিবে;

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো আবেদনপত্র প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে আবেদনকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানির সুযোগ প্রদানপূর্বক কমিশন আবেদন প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানি গ্রহণের তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে।

২২। বার্ষিক ফি।—(১) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেক ট্রাস্টিকে প্রত্যেক অর্থ বছর শুরু হইবার পূর্বে বিধি ১৯ এর পরিপালন প্রতিবেদন পেশ করিতে হইবে এবং বার্ষিক ফি বাবদ পঞ্চাশ হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে উক্ত পরিপালন প্রতিবেদন এবং বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশবিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমাণ অর্থ জরিমানা হিসাবে কমিশনে জমা করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী কোনো ট্রাস্টি উক্ত পরিপালন প্রতিবেদন এবং বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে কমিশন উক্ত ট্রাস্টিকে পরিপালন প্রতিবেদন জমা এবং বকেয়া ফি পরিশোধ করিবার পূর্বে উক্ত ট্রাস্টিকে নতুন কোনো ফান্ডের ট্রাস্টি হিসাবে বিবেচনা করিবে না;

(৩) এই বিধিমালার কোনো বিধান ক্ষুণ্ন না করিয়া, কমিশন যদি উক্ত পরিপালন প্রতিবেদন জমাদান বা ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোনো ট্রাস্টিকে উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থ বছর শুরু হইবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে যে কোনো সময় সংশ্লিষ্ট পরিপালন প্রতিবেদন এবং ফি জমাদানের অনুমতি প্রদান করিতে পারিবে।

২৩। ফান্ডের ট্রাস্টি নিয়োগ ও বাতিল।—(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা উহার সম্পদ অছি ব্যবস্থাধীনে রাখিবার উদ্দেশ্যে এই বিধিমালার বিধি ২০ এর অধীন নিবন্ধিত কোনো ট্রাস্টিকে নিয়োগদান করিবে;

(২) উপ-বিধি (১) এর অধীনে নিয়োগকৃত কোনো ট্রাস্টি সংশ্লিষ্ট ফান্ডের উদ্যোক্তা বা সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারীর অধিভুক্ত, অধীনস্থ বা সহযোগী হইতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, জনস্বার্থে কমিশন কোনো ট্রাস্টির ক্ষেত্রে এই উপ-বিধি (২) এর বিধান শিথিল করিতে পারিবে;

(৩) ট্রাস্টির একজন তদারকি কর্মকর্তা সর্বোচ্চ ১০ (দশ) টির বেশি স্কীমের তদারকি কর্মকর্তা হিসেবে থাকিতে পারিবে না;

(৪) ট্রাস্টি নিয়োগের ক্ষেত্রে যে কোনো পরিবর্তনের (যেমন, ট্রাস্টি বোর্ড, শরীয়াহ সুপারভাইজরী বোর্ড, ইত্যাদি) জন্য কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে;

(৫) কোনো মিউচ্যুয়াল ফান্ড স্কীমের ন্যূনতম দুই-তৃতীয়াংশ (ইউনিট সংখ্যার-ভিত্তিতে) ইউনিট মালিকগণের লিখিত আবেদন, কিংবা কমিশন জনস্বার্থে উপযুক্ত বিবেচনা করিলে, কমিশন কোনো ট্রাস্টির নিয়োগ বাতিল করিয়া উদ্যোক্তা, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারীর সাথে পরামর্শক্রমে উহার স্থলে নতুন ট্রাস্টি নিয়োগ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, ব্যক্তিগত শুনানির সুযোগ প্রদান না করিয়া কমিশন কোনো ফান্ডের ট্রাস্টির নিয়োগ বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করিবে না;

(৬) কোনো ট্রাস্টি তাহার স্থলে অন্য কোনো ট্রাস্টি নিযুক্ত না হওয়া পর্যন্ত অবসর গ্রহণ করিতে পারিবে না;

(৭) নতুন ট্রাস্টির নিকট দায়িত্ব হস্তান্তরের পূর্বে, বিদ্যমান ট্রাস্টি বিশেষ নিরীক্ষক দ্বারা সংশ্লিষ্ট ফান্ডের হিসাব নিরীক্ষাপূর্বক নতুন ট্রাস্টি ও কমিশনের নিকট বিশেষ নিরীক্ষা প্রতিবেদন দাখিল করিবে;

(৮) ট্রাস্টি নিম্নবর্ণিত শর্ত পরিপালন ও কমিশনের অনুমোদন সাপেক্ষে প্রতিটি ফান্ডের জন্য স্বতন্ত্র "বোর্ড অব ট্রাস্টি" (অতঃপর ট্রাস্টি বোর্ড হিসেবে বিবেচিত) গঠন করিবে, যথা:—

(ক) ট্রাস্টি বোর্ড ন্যূনতম ০৩ (তিন) সদস্যের সমন্বয়ে গঠিত হইতে হইবে; উহার এক-তৃতীয়াংশ বহিঃ সদস্য থাকিতে হইবে;

(খ) বহিঃ সদস্য সংশ্লিষ্ট ট্রাস্টি বা ফান্ডের কোনো পক্ষের সহিত সম্পর্কিত হইবেন না বা উহার স্বার্থ সংশ্লিষ্ট কোনো পক্ষও হইবেন না;

(গ) বহিঃ সদস্যের অবশ্যই ব্যবসায় বা বাণিজ্যের যেকোনো বিষয়, অর্থনীতি বা পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রি থাকিতে হইবে এবং পুঁজিবাজারে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে;

(৯) যদি কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীম শরীয়াহ ভিত্তিতে পরিচালিত হয় তাহা হইলে ট্রাস্টি কমপক্ষে ০২ (দুই) জন শরীয়াহ বিশেষজ্ঞসহ কমপক্ষে ০৩ (তিন) সদস্যবিশিষ্ট শরীয়াহ সুপারভাইজরী বোর্ড গঠন করিবে:

তবে শর্ত থাকে যে, উক্ত সুপারভাইজরী বোর্ড এ ন্যূনতম ০১ (এক) জন শরীয়াহ উপদেষ্টা থাকিবে যিনি একজন পেশাদার (professional) ফকীহ হইবেন এবং ফিকহ-ই-মুয়ামালাত বা ইসলামিক লেনদেন বিষয়ক বিষদ জ্ঞানসম্পন্ন হইবেন:

আরো শর্ত থাকে যে, উক্ত সুপারভাইজরী বোর্ড এর সভাপতি হইবেন একজন ফকীহ সদস্য।

২৪। ট্রাস্টির দায়-দায়িত্ব।—(১) ফান্ড পরিচালনার সহিত সম্পর্কিত যে কোনো তথ্য সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারীর নিকট হইতে প্রাপ্তির অধিকার ট্রাস্টির থাকিবে এবং ট্রাস্টি সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারীর নিকট সময় সময় সাময়িক প্রতিবেদন চাহিতে পারিবে;

(২) ট্রাস্টি যদি কখনও মনে করে বা অবগত হয় যে, কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের কার্যক্রম সংশ্লিষ্ট আইন, বিধিমালা, ট্রাস্ট দলিল বা সময় সময় কমিশন কমিশন কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুযায়ী পরিচালিত হইতেছে না তাহা হইলে, তৎক্ষণাৎ ট্রাস্টি পরিস্থিতি সংশোধনের উদ্দেশ্যে উক্ত ফান্ড বা স্কীমের সকল ধরনের ব্যাংক হিসাব, বিও হিসাব, বিপি হিসাব, সম্পদ ব্যবস্থাপকের ব্যবস্থাপনা ফি, ইত্যাদি স্থগিত এবং আইনগত পদক্ষেপসহ যেকোনো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে এবং কমিশনকে তৎসম্পর্কে অবহিত করিবে;

(৩) ট্রাস্টি ফান্ডের পক্ষে কোনো অর্জন ও হস্তান্তরের জন্য প্রয়োজনীয় সকল দলিল সম্পাদনের ব্যবস্থা নিশ্চিত করিবে এবং সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারী কর্তৃক এই বিধিমালা অনুসারে সকল লেনদেন যথাযথভাবে সম্পাদিত হয় তাহা নিশ্চিত করিবে;

(৪) সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারী এই বিধিমালা যথাযথভাবে মানিয়া চলিতেছে কিনা উহা ট্রাস্টি তদারকি করিবে এবং উক্ত তদারকির ব্যর্থতার জন্য ট্রাস্টি দায়ী থাকিবে। এছাড়াও ট্রাস্টির অবহেলাজনিত কারনে ফান্ডের কোনো ক্ষতি হইলে তাহার জন্যও ট্রাস্টি দায়ী থাকিবে;

(৫) ট্রাস্টি, ট্রাস্ট দলিল বলে ক্ষমতাবান হইলে, সম্পদ ব্যবস্থাপকের সহিত তৃতীয় তফসিলে বর্ণিত বিষয়সমূহ এবং মিউচ্যুয়াল ফান্ডের তহবিল বিনিয়োগের জন্য প্রয়োজনীয় অন্যান্য বিষয় সম্বলিত একটি বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তি সম্পাদন করিবে;

(৬) ট্রাস্টি মিউচ্যুয়াল ফান্ড বা উহার সকল স্কীমের সম্পদের তত্ত্বাবধান করিবে এবং এই বিধিমালা ও ট্রাস্ট দলিল অনুযায়ী ইউনিট মালিকগণের পক্ষে উহা অছি ব্যবস্থাধীনে রাখিবে;

(৭) ট্রাস্টি, ট্রাস্ট দলিলের ক্ষমতাবলে, ইউনিটহোল্ডারদের পক্ষে মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের আইনগত মালিক (Legal Owner) হিসেবে দায়িত্ব পালন করিবে এবং ইউনিটহোল্ডারদের বেনিফিসিয়াল ইন্টারেস্ট রক্ষণাবেক্ষণের জিম্মাদারির (Fiduciary) দায়িত্ব পালন করিবে;

(৮) মিউচ্যুয়াল ফান্ডের সকল লেনদেন যাহাতে ট্রাস্ট দলিল ও এই বিধিমালার তৃতীয় তফসিল অনুযায়ী পরিচালিত হয় তাহা ট্রাস্টি নিশ্চিত করিবে;

(৯) এই বিধিমালা ও ট্রাস্ট দলিল অনুযায়ী মিউচ্যুয়াল ফান্ডে প্রদেয় অর্থ এবং কোনো স্কীমের ইউনিট মালিকদের পক্ষে মিউচ্যুয়াল ফান্ডে গৃহীত অর্থের হিসাবের জন্য ট্রাস্টি দায়ী থাকিবে;

(১০) মিউচ্যুয়াল ফান্ডের কর্মকান্ড সম্পর্কে ট্রাস্টি সম্পদ ব্যবস্থাপকের নিকট হইতে কমিশন কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত ছকে ত্রৈমাসিক প্রতিবেদন গ্রহণপূর্বক উহা পরীক্ষা করিবে এবং সম্পদ ব্যবস্থাপক উহার দায়িত্ব যথাযথভাবে পরিপালন করিতেছে কিনা, তাহা প্রত্যয়নসহ উক্ত ত্রৈমাসিক প্রতিবেদন জমা গ্রহণের পরবর্তী এক মাসের মধ্যে কমিশনের নিকট পেশ করিবে;

(১১) ট্রাস্টি সংশ্লিষ্ট ফান্ড বা উহার স্কীমের সকল সিকিউরিটিজ হিসাব তথা (বিও হিসাব, বিপি হিসাব) বা সকল ধরনের ব্যাংক হিসাব খোলা, স্থানান্তর, বন্ধকরণসহ হিসাব পরিচালনার জন্য হেফাজতকারী মনোনীত স্বাক্ষরকারীকে (signatory) অনুমোদন করিবে এবং উক্ত হিসাবসমূহ হেফাজতকারীর অধীনে পরিচালিত হয় উহা নিশ্চিত করিবে;

(১২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের নামে পরিচালিত সকল ধরনের ব্যাংক হিসাবের বিবরণী যাহাতে সম্পদ ব্যবস্থাপক প্রয়োজনে সংগ্রহ করিতে পারে, ব্যাংক হিসাব খোলার সময় ট্রাস্টি ও হেফাজতকারী উহা নিশ্চিত করিবে;

(১৩) ট্রাস্ট দলিলবলে অর্জিত যাবতীয় ক্ষমতা ট্রাস্টি "বোর্ড অব ট্রাস্টির" পক্ষে প্রয়োগ করিবে এবং ট্রাস্টির দায় দায়িত্বও ট্রাস্টি বোর্ডের উপর বর্তাইবে;

(১৪) ট্রাস্টি বোর্ড সভায়, অন্যান্য বিষয়ের মধ্যে, নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত থাকিবে, যথা:—

(ক) নিরীক্ষিত হিসাব বিবরণীর অনুমোদন;

(খ) অনিরীক্ষিত (ত্রৈমাসিক ও ষাণ্মসিক) হিসাব বিবরণীর অনুমোদন;

(গ) লভ্যাংশ, বুক ক্লোজার ও রেকর্ড ডেট, ইত্যাদি সংক্রান্ত সুনির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন;

(ঘ) ফান্ড বা স্কীমের ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদন;

(ঙ) ত্রৈমাসিক ভিত্তিতে কোনো মিউচ্যুয়াল ফান্ডের সহিত সম্পদ ব্যবস্থাপনা কোম্পানি বা তাহার স্বার্থ সংশ্লিষ্ট পক্ষের সাথে স্বার্থ সংশ্লিষ্ট লেনদেনের পর্যালোচনা;

(চ) ফান্ড বা স্কীমের নামে যেকোনো ব্যাংক হিসাব, বিও হিসাব বা বিপি হিসাব খোলা, বন্ধ, নবায়ন বা স্থানান্তর অনুমোদন এবং উক্ত হিসাবসমূহের পরিচালনাকারী তথা স্বাক্ষরকারীর (signatory) অনুমোদন;

(ছ) ফান্ডের পক্ষসমূহের কার্যক্রম পর্যালোচনা বা উহাদের পরিবর্তন সংক্রান্ত প্রস্তাব বা সিদ্ধান্ত গ্রহণ;

(জ) ফান্ড বা স্কীমের অবলুপ্তি বা অবসায়ন (তথা মেয়াদপূর্তির পূর্বেই অবলুপ্তির প্রস্তাব গ্রহণ) সংক্রান্ত যেকোনো প্রস্তাব বা সিদ্ধান্ত গ্রহণ;

(ঝ) ট্রাস্ট দলিলবলে অন্য যেকোনো বিষয়;

(১৫) নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ উদ্ভূত হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে, ২১ (একুশ) দিনের নোটিশ প্রদানপূর্বক, ট্রাস্টি ইউনিট মালিকদের সভা আহ্বান করিবে, যথা:—

(ক) কমিশন ইউনিট মালিকদের স্বার্থে সভা আহ্বানের নির্দেশ প্রদান করিলে; অথবা

(খ) কোনো একটি স্কীম বা সকল স্কীমের ইউনিট মালিকদের তিন-চতুর্থাংশ (ইউনিট সংখ্যার ভিত্তিতে) সভা তলব করিলে; অথবা

(গ) ট্রাস্টি কোনো স্কীম অবসায়ন করিতে বা যথাসময়ের পূর্বেই ইউনিটসমূহের মূল্য পরিশোধ করিতে কিংবা কোনো স্কীম সংশোধন করিতে চাহিলে; অথবা

(ঘ) কোনো স্কীমের ফেয়ার ভ্যালুর ভিত্তিতে নির্ণীত নীট সম্পদ মূল্য যদি ক্রয়মূল্যে নির্ণীত নীট সম্পদ মূল্যের চেয়ে ৪০% কম হয়;

(ঙ) কোনো মেয়াদি স্কীমের ইউনিটের ০৬ (ছয়) মাসের গড় ভিত্তিতে ট্রেডিং মূল্য যদি ফেয়ার ভ্যালুতে নির্ণীত নীট সম্পদ মূল্যের চেয়ে ২৫% কম হয়;

(চ) কোনো স্কীম পর পর ০৩ (তিন) বছর লভ্যাংশ দিতে ব্যর্থ হয়; অথবা

(ছ) কোনো বে-মেয়াদি স্কীমের ইউনিটের ইউনিটহোল্ডারের সংখ্যা যদি ২৫ (পঁচিশ) জনের নিচে নামিয়া যায়;

(১৬) ট্রাস্টি মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের অধীন অর্জিত যাবতীয় সম্পদের হালনাগাদকৃত তথ্যাদি, সকল প্রকার সিকিউরিটিজ হিসাব (বিও হিসাব বা বিপি হিসাব), সকল ধরনের ব্যাংক হিসাব এবং উক্ত সকল প্রকার হিসাবের অনুমোদিত স্বাক্ষরকারীর তথ্যাদিসহ প্রয়োজনীয় অন্যান্য হালনাগাদকৃত তথ্যাদি নিজস্ব তত্ত্বাবধানে সংরক্ষণ করিবে; এবং উক্ত সকল তথ্যাদি ফান্ড বা উহার স্কীমের অবলুপ্তির পরেও কমপক্ষে ০৭ (সাত) বছর সংরক্ষণ করিবে।

পঞ্চম অধ্যায়

সম্পদ ব্যবস্থাপক

২৫। সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধন।—কোনো মিউচ্যুয়াল ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিয়োগের জন্য কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত কোনো কোম্পানি বা সংবিধিবদ্ধ সংস্থাকে এই বিধিমালা মোতাবেক কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে এবং উক্তরূপে নিবন্ধিত না হইলে কোনো কোম্পানি বা সংবিধিবদ্ধ সংস্থা সম্পদ ব্যবস্থাপক হিসাবে কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, যদি কোনো প্রাইভেট লিমিটেড কোম্পানি ইতোপূর্বে সম্পদ ব্যবস্থাপক হিসেবে নিবন্ধিত হইয়া থাকে বা উহার ব্যবস্থাপনাধীন সকল মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের মোট ফান্ড আকার (ক্রয়মূল্যে) যদি ২৫০ (দুইশত পঞ্চাশ) কোটি টাকা বা তদূর্ধ্ব হয়, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০১ (এক) বছরের মধ্যে, অথবা উহার ব্যবস্থাপনাধীন সকল মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের মোট ফান্ড আকার ২৫০ (দুইশত পঞ্চাশ) কোটি টাকা পৌঁছানোর পর ০৬ (ছয়) মাসের মধ্যে, উহাকে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তর করিতে হইবে:

আরো শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে উক্ত নিবন্ধিত সম্পদ ব্যবস্থাপক প্রাইভেট লিমিটেড কোম্পানি থেকে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত হইতে ব্যর্থ হইলে, কমিশন উহার নিবন্ধন বাতিল করিতে পারিবে এবং উহার ব্যবস্থাপনাধীন সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের ট্রাস্টি, কমিশনের পূর্বানুমোদনক্রমে ও হেফাজতকারীর সহিত পরামর্শক্রমে, উহার স্থলে বিধি ৩১ মোতাবেক নতুন সম্পদ ব্যবস্থাপক নিয়োগ করিবে।

২৬। নিবন্ধনের দরখাস্ত।—(১) সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধন লাভের জন্য ফরম 'গ' তে দরখাস্ত কমিশনে দাখিল করিতে হইবে ও দরখাস্ত ফি বাবদ এক লক্ষ টাকার (অফেরতযোগ্য) একটি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে কমিশন বরাবরে জমা করিতে হইবে;

(২) উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের সহিত উক্ত দরখাস্তকারীর সংঘ স্মারক ও সংঘ বিধি বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আইন বা আদেশ এর কপি কমিশনের নিকট দাখিল করিতে হইবে;

(৩) বিধি ৬,৭ ও ৮ এর বিধানাবলি উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২৭। নিবন্ধন মঞ্জুরির জন্য অযোগ্যতা।—(১) কোনো দরখাস্তকারী সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধন মঞ্জুরির জন্য যোগ্য হইবে না, যদি—

(ক) উহার অন্যূন ১০ (দশ) কোটি টাকা পরিশোধিত মূলধন না থাকে:

তবে শর্ত থাকে যে, ইতোপূর্বে নিবন্ধনপ্রাপ্ত কোনো সম্পদ ব্যবস্থাপকের পরিশোধিত মূলধন যদি ১০ (দশ) কোটি টাকার কম থাকে তাহা হইলে এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০৩ (তিন) বছরের মধ্যে উহার পরিশোধিত মূলধন অন্ততঃ ১০ (দশ) কোটি টাকায় উন্নীত করিতে হইবে:

আরো শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে কোনো নিবন্ধিত সম্পদ ব্যবস্থাপক উহার পরিশোধিত মূলধন অন্ততঃ ১০ (দশ) কোটি টাকায় উন্নীত করিতে ব্যর্থ হইলে, কমিশন উহার নিবন্ধন বাতিল করিতে পারিবে এবং উহার ব্যবস্থাপনাধীন সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের ট্রাস্টি, কমিশনের পূর্বানুমোদনক্রমে ও হেফাজতকারীর সহিত পরামর্শক্রমে, উহার স্থলে বিধি ৩১ মোতাবেক নতুন সম্পদ ব্যবস্থাপক নিয়োগ করিবে;

(খ) বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হালনাগাদকৃত সিআইবি রিপোর্ট অনুযায়ী, উহা বা উহার কোনো পরিচালক যদি ঋণ খেলাপী থাকে;

(গ) উহার লেনদেনে সততার সুখ্যাতি না থাকে;

(ঘ) উহা বা উহার কোনো পরিচালক কোনো ট্রাস্টি বা হেফাজতকারীর পরিচালক হন বা স্টক ডিলার, স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার হন বা উহার বা উহাদের অধীনস্থ কোনো কোম্পানি বা সংস্থার কোনো পরিচালক হন বা উহা বা উহাদের স্বার্থ সংশ্লিষ্ট পক্ষ হন;

(ঙ) উহার পরিচালনা পর্ষদের মোট সদস্যের এক-পঞ্চমাংশ সদস্য স্বতন্ত্র পরিচালক (Independent Director) না থাকেন:

তবে শর্ত থাকে যে, কমিশনের অনাপত্তি সাপেক্ষে পরিচালনা পর্ষদ স্বতন্ত্র পরিচালক নিয়োগ করিবে এবং বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডার কর্তৃক অনুমোদিত হইতে হইবে:

আরো শর্ত থাকে যে, স্বতন্ত্র পরিচালক (Independent Director) উক্ত কোম্পানি বা সংস্থার কোনো শেয়ারহোল্ডার হইবেন না বা শেয়ারহোল্ডারের পরিবারভুক্ত হইবেন না বা উহার হোল্ডিং বা অধীনস্থ কোনো কোম্পানি বা সংস্থার কোনো পরিচালক হইবেন না বা উহার বা উহাদের স্বার্থ সংশ্লিষ্ট পক্ষ হইবেন না:

আরো শর্ত থাকে যে, ইতোপূর্বে নিবন্ধিত সম্পদ ব্যবস্থাপককে এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০১ (এক) বছরের মধ্যে স্বতন্ত্র পরিচালকের বিধান পরিপালন করিতে হইবে;

(চ) উহার প্রধান নির্বাহী কর্মকর্তার আর্থিক বা পুঁজিবাজারে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সহ কমপক্ষে ১০ (দশ) বছরের কর্ম অভিজ্ঞতা (work experience) না থাকে;

(ছ) উহার ন্যূনতম ০১ (এক) জন তদারকি কর্মকর্তা না থাকে:

তবে শর্ত থাকে যে, উক্ত তদারকি কর্মকর্তার পুঁজিবাজারে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসহ অন্ততঃ ৫ (পাঁচ) বছরের কর্ম অভিজ্ঞতা (work experience) থাকিতে হইবে:

আরো শর্ত থাকে যে, উক্ত তদারকি কর্মকর্তাকে কমিশন কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত সার্টিফিকেট কোর্সধারী হইতে হইবে;

(জ) উহার প্রয়োজনীয় জনবল, ব্যবসার স্থান, অফিস, সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জাম ও নিজস্ব ওয়েব-সাইট (Web-site) না থাকে;

(ঝ) উহার হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স না থাকে;

(ঞ) উহার, নিবন্ধন সনদ প্রাপ্তি বা এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০১ (এক) বছর, যাহা পরে সংঘটিত হয়, উক্ত সময়ের মধ্যে পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত কর্মকর্তা-কর্মচারী নিয়োগ ও আচরণবিধি সংক্রান্ত নীতিমালা না থাকে;

(ট) উহা Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর বিধান মোতাবেক মূলধন পর্যাপ্ততা অনুপাত (Capital Adequacy Ratio) অনুযায়ী পর্যাপ্ত মূলধন সংরক্ষণ না করে:

তবে শর্ত থাকে যে, ইতোপূর্বে নিবন্ধনপ্রাপ্ত কোনো সম্পদ ব্যবস্থাপককে এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০১ (এক) বছরের মধ্যে উক্ত মূলধন পর্যাপ্ততা অনুপাত (Capital Adequacy Ratio) অনুযায়ী পর্যাপ্ত মূলধন সংরক্ষণ করিতে হইবে;

(২) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১) এর বিধানাবলির যে কোনোটি, যে কোনো দরখাস্তকারীর ক্ষেত্রে যথোপযুক্ত কারণ ব্যাখ্যা করিয়া শিথিল করিতে পারিবে।

২৮। নিবন্ধন মঞ্জুরি।—(১) বিধি ২৭ এ উল্লিখিত কোনো অযোগ্যতা না থাকিলে কমিশন দরখাস্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে নিবন্ধনের দরখাস্ত মঞ্জুর করিবে এবং উক্ত দরখাস্তকারীকে সম্পদ ব্যবস্থাপক হিসেবে নিবন্ধন করিবে:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ পাঁচ লক্ষ টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

(২) কোনো দরখাস্তকারীকে সম্পদ ব্যবস্থাপক হিসেবে নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'ঙ'-তে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে।

(৩) সম্পদ ব্যবস্থাপকের উদ্যোক্তাদের শেয়ার এর উপর, উহার নিবন্ধন সনদ প্রাপ্তির তারিখ হইতে ০৩ (তিন) বছর পর্যন্ত, লক-ইন (Lock- in) বলবৎ থাকিবে।

২৯। নিবন্ধন নামঞ্জুর হওয়ার ক্ষেত্রে করণীয়।—(১) বিধি ২৭ এ উল্লিখিত কোনো অযোগ্যতা বিদ্যমান থাকিলে কমিশন সম্পদ ব্যবস্থাপক নিবন্ধনের দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে;

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো দরখাস্ত নামঞ্জুর করা হইলে, কমিশন উহার কারণসহ সিদ্ধান্তটি দরখাস্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে;

(৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্তে সংক্ষুব্ধ দরখাস্তকারী উহা অবহিত হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট আবেদন করিতে পারিবে;

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো আবেদনপত্র প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে আবেদনকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানির সুযোগ প্রদানপূর্বক কমিশন আবেদনপত্র প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানির গ্রহণের তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে।

৩০। বার্ষিক ফি।—(১) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেক সম্পদ ব্যবস্থাপককে প্রত্যেক অর্থ বছর শুরু হইবার পূর্বে বিধি ২৭ এর পরিপালন প্রতিবেদন পেশ করিতে হইবে এবং বার্ষিক ফি বাবদ ০১ (এক) লক্ষ টাকা কমিশন বরাবরে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে উক্ত পরিপালন প্রতিবেদন এবং বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশবিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমাণ অর্থ জরিমানা হিসাবে কমিশনে জমা করিতে হইবে;

(২) উপ-বিধি (১) অনুযায়ী কোনো সম্পদ ব্যবস্থাপক পরিপালন প্রতিবেদন এবং বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে উক্ত পরিপালন প্রতিবেদন জমা এবং বকেয়া ফি পরিশোধ করিবার পূর্বে কমিশন উক্ত সম্পদ ব্যবস্থাপককে নতুন কোনো ফান্ড বা স্কীমের সম্পদ ব্যবস্থাপক হিসাবে কোনো দায়িত্ব গ্রহণ বিবেচনা করিবে না;

(৩) এই বিধিমালার কোনো বিধান ক্ষুণ্ন না করিয়া, কমিশন যদি পরিপালন প্রতিবেদন জমাদান বা ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোনো সম্পদ ব্যবস্থাপককে, উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থবছর শুরু হইবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে যে কোনো সময় সংশ্লিষ্ট পরিপালন প্রতিবেদন এবং ফি জমাদানের অনুমতি প্রদান করিতে পারিবে।

৩১। সম্পদ ব্যবস্থাপক নিয়োগ ও বাতিল।—(১) কমিশনের অনুমোদন সাপেক্ষে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, কিংবা ট্রাস্ট দলিলবলে ক্ষমতাবান হইলে ট্রাস্টি, মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীম ব্যবস্থাপনা ও পরিচালনার উদ্দেশ্যে সম্পদ ব্যবস্থাপক নিয়োগ করিবে ও তৃতীয় তফসিলে বর্ণিত বিষয় এবং মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের তহবিল বিনিয়োগের জন্য প্রয়োজনীয় অন্যান্য বিষয় সম্বলিত একটি বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তি সম্পাদন করিবে;

(২) ট্রাস্টি, কমিশনের পূর্বানুমতিক্রমে, মিউচ্যুয়াল ফান্ডের স্বার্থে অথবা স্কীমের দুই-তৃতীয়াংশ ইউনিট মালিক (ইউনিট সংখ্যার ভিত্তিতে) দাবি করিলে, কোনো সম্পদ ব্যবস্থাপকের নিয়োগ বাতিল করিতে পারিবে এবং ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে উহা কমিশনকে লিখিতভাবে অবহিত করিবে;

(৩) কমিশন জনস্বার্থে, ব্যক্তিগত শুনানির সুযোগ প্রদান সাপেক্ষে, কোনো সম্পদ ব্যবস্থাপকের নিয়োগ বাতিল করিতে পারিবে;

(৪) সম্পদ ব্যবস্থাপকের নিকট হইতে, অব্যাহতি গ্রহণের যুক্তিসঙ্গত নোটিশ পাওয়ার পর, ট্রাস্টি উক্ত সম্পদ ব্যবস্থাপককে, কমিশনের পূর্বানুমতিক্রমে, সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের ব্যবস্থাপনা হইতে অব্যাহতি প্রদান করিতে পরিবে:

তবে শর্ত থাকে যে, কমিশনের অনুমোদনক্রমে নতুন সম্পদ ব্যবস্থাপক দায়িত্ব গ্রহণ না করা পর্যন্ত উক্তরূপ অব্যাহতি কার্যকর হইবে না;

(৫) সম্পদ ব্যবস্থাপক নিয়োগ বা পরিবর্তন কমিশনের পূর্বানুমোদনক্রমে হইতে হইবে।

৩২। প্রধান নির্বাহী কর্মকর্তার নিয়োগ, বরখাস্ত, ইত্যাদি।—(১) কমিশনের পূর্বানুমোদন সাপেক্ষে, পরিচালনা পর্ষদ, একজন যোগ্য ও অভিজ্ঞ ব্যক্তিকে পূর্ণকালীন "প্রধান নির্বাহী কর্মকর্তা" হিসেবে নিয়োগ করিবে, যিনি উক্ত সম্পদ ব্যবস্থাপকের ব্যবস্থাপনা প্রধান হিসেবে দায়িত্ব পালন করিবে:

তবে শর্ত থাকে যে, সম্পদ ব্যবস্থাপকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং সম্পদ ব্যবস্থাপকের প্রধান নির্বাহী কর্মকর্তা একই ব্যক্তি হইতে পারিবে না:

আরো শর্ত থাকে যে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০৬ (ছয়) মাসের মধ্যে এই বিধিমালায় বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন কোনো ব্যক্তিকে প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োগদান করিতে হইবে:

আরো শর্ত থাকে যে, যদি পরিচালনা পর্ষদ উক্ত সময়ের মধ্যে উক্ত পদে নিয়োগদান করিতে ব্যর্থ হয়, তাহা হইলে কমিশন প্রয়োজনবোধে নিয়মিত প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগ না হওয়া পর্যন্ত উপযুক্ত ব্যক্তিকে এই পদে নিয়োগদান করিতে পারিবে, তবে সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক তাহার বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধাদি পরিশোধ/বহন করিবে;

(২) প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি কোনো স্টক এক্সচেঞ্জ বা বাজার মধ্যস্থতাকারী বা সিকিউরিটিজ ব্যবসায়ের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে জড়িত কোনো প্রতিষ্ঠানের (সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপনা কোম্পানি ব্যতীত) সহিত সংযুক্ত থাকিতে পারিবে না এবং এই মর্মে একটি অঙ্গীকার নামা নিয়োগকালে দাখিল করিবে:

তবে শর্ত থাকে যে, প্রধান নির্বাহী কর্মকর্তা নিজ নামে বা অন্য কোনো মাধ্যমে সিকিউরিটিজ ব্যবসায়ের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত থাকিলে, সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় সংক্রান্ত প্রতিবেদন এবং পোর্টফোলিও প্রতিবেদন, মাসিক ভিত্তিতে, কমিশনের নিকট পেশ করিবেন;

(৩) প্রধান নির্বাহী কর্মকর্তা তাহার নিয়োগের তারিখ হইতে ০৪ (চার) বছর মেয়াদের জন্য স্বপদে বহাল থাকিবেন এবং কমিশনের পূর্বানুমোদনক্রমে তাহাকে পুনঃনিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, প্রতিবার পুনঃনিয়োগের মেয়াদ ০৪ (চার) বছরের বেশি হইবে না:

আরো শর্ত থাকে যে, কোনো ব্যক্তির বয়স ৭০ (সত্তর) বছর পূর্ণ হইলে তিনি প্রধান নির্বাহী পদে নিযুক্ত হইবার যোগ্য হইবে না বা প্রধান নির্বাহী পদে বহাল থাকিবে না; তবে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার পূর্বে নিয়োগপ্রাপ্ত প্রধান নির্বাহীর ক্ষেত্রে কমিশন বয়সসীমা শিথিল করিতে পারিবে:

আরো শর্ত থাকে যে, সিকিউরিটিজ আইন, বিধি বিধান লঙ্ঘনের দায়ে আর্থিক দন্ডপ্রাপ্ত কোনো ব্যক্তি উক্ত দণ্ড আদায় হওয়ার অন্ততঃ ০২ (দুই) বছর অতিক্রান্ত হওয়া না পর্যন্ত প্রধান নির্বাহী পদে নিযুক্ত হইতে পারিবেন না;

(৪) বাংলাদেশ ব্যাংকের সিআইবি রিপোর্ট (Credit Information Bureau) হইতে প্রাপ্ত হালনাগাদ তথ্য মোতাবেক প্রধান নির্বাহী কর্মকর্তাকে ঋণ খেলাপী মুক্ত হইতে হইবে;

(৫) যদি প্রধান নির্বাহী কর্মকর্তা তাহার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করিতে ব্যর্থ হন বা কোনো অসদাচরণ বা নৈতিক স্খলনের দায়ে দোষী সাব্যস্ত হন তাহা হইলে পরিচালনা পর্ষদ, কমিশনের পূর্ব অনুমোদন সাপেক্ষে তাহাকে বরখাস্ত বা অপসারণ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, বরখাস্ত বা অপসারণের সিদ্ধান্ত গ্রহণের পূর্বে তাহাকে যুক্তিসঙ্গত সময় প্রদান করতঃ সংশ্লিষ্ট অভিযোগের বিষয়ে তাহার লিখিত ও মৌখিক বক্তব্য প্রদানের সুযোগ দিতে হইবে;

(৬) প্রধান নির্বাহী কর্মকর্তা পদত্যাগ করিতে চাহিলে, ০৩ (তিন) মাসের অগ্রিম নোটিশসহ পরিচালনা পর্ষদের সভাপতি বরাবরে আবেদন পেশ করিবে এবং কমিশনকে উহার অনুলিপি প্রদান করিবে;

(৭) কোনো সম্পদ ব্যবস্থাপকের প্রধান নির্বাহী কর্মকর্তার পদ শূন্য থাকিলে বা কোনো কারণে তিনি দায়িত্ব পালন করিতে অসমর্থ হইলে তাহার পূর্ববর্তী উর্ধ্বতন কর্মকর্তা প্রধান নির্বাহী কর্মকর্তার অন্তর্বর্তীকালীন দায়িত্ব পালন করিবেন;

(৮) প্রধান নির্বাহী কর্মকর্তার পদ শূন্য হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে যদি পরিচালনা পর্ষদ উক্ত পদে নিয়োগ দান করিতে ব্যর্থ হয় তাহা হইলে, কমিশন, প্রয়োজনবোধে, নিয়মিত প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগ না হওয়া পর্যন্ত, উপযুক্ত ব্যক্তিকে এই পদে নিয়োগদান করিতে পারিবে; তবে সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক তাহার বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদি পরিশোধ/বহন করিবে;

(৯) কমিশন সময় সময়, প্রয়োজনে, প্রধান নির্বাহী কর্মকর্তার যোগ্যতা সম্পর্কে নির্দেশনা জারি করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কোনো সম্পদ ব্যবস্থাপক যদি কোনো রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান বা কোনো সংবিধিবিদ্ধ সংস্থার সাবসিডিয়ারী কোম্পানি হয় বা উক্ত সম্পদ ব্যবস্থাপকের যদি প্রধান নির্বাহী কর্মকর্তার সরাসরি সরকার কর্তৃক নিয়োগ হইয়া থাকে তাহা হইলে উক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে কমিশনের পূর্বানুমোদনের প্রয়োজন হইবে না; তবে উক্ত নিয়োগপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তাকে উপ-বিধি (২) মোতাবেক অঙ্গীকারনামা কমিশনে দাখিল করিতে হইবে এবং তিনি বিধি ৩৩ ও বিধি ৩৫ মোতাবেক দায়বদ্ধ থাকিবে;

(১০) যদি কোনো প্রধান নির্বাহী কর্মকর্তা সিকিউরিটিজ আইন লঙ্ঘন করে বা সিকিউরিটিজ আইন, বিধি-বিধান লঙ্ঘনের কারণে অর্থদন্ডে বা অন্য কোনো দন্ডে দন্ডিত হন, তাহা হইলে কমিশন, ইউনিট হোল্ডারদের স্বার্থে বা জনস্বার্থে, ব্যক্তিগত শুনানির সুযোগ প্রদান সাপেক্ষে, সম্পদ ব্যবস্থাপকের প্রধান নির্বাহী কর্মকর্তাকে অপসারণ বা বরখাস্ত করিতে পারিবে।

৩৩। প্রধান নির্বাহী কর্মকর্তার ক্ষমতা ও দায় দায়িত্ব।—(১) সম্পদ ব্যবস্থাপকের প্রধান নির্বাহী কর্মকর্তা সংশ্লিষ্ট ক্ষেত্রে সিকিউরিটিজ বাজার সম্পর্কিত সকল আইন, বিধি, প্রবিধি, নির্দেশনা, আদেশ, উপ-আইন বা সময়ে সময়ে কমিশন বা পরিচালনা পর্ষদ কর্তৃক জারীকৃত নির্দেশনা, আদেশ সমূহ বাস্তবায়ন করিবেন:

তবে শর্ত থাকে যে, পরিচালনা পর্ষদ কর্তৃক জারীকৃত কোনো আদেশ বা নির্দেশ সিকিউরিটিজ আইন, বিধি-বিধান বা কমিশন কর্তৃক জারীকৃত আদেশ বা নির্দেশের সহিত সাংঘর্ষিক হইলে সেইক্ষেত্রে সিকিউরিটিজ আইন, বিধি-বিধান বা কমিশন কর্তৃক জারীকৃত আদেশ বা নির্দেশ প্রাধান্য পাইবে;

(২) প্রধান নির্বাহী কর্মকর্তা এই বিধিমালার পরিপালন এবং সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপকের কর্মকর্তা-কর্মচারীদের কার্যাবলির তদারকি নিশ্চিত করিবেন;

(৩) পরিচালনা পর্ষদ কর্তৃক গঠিত সকল কমিটিতে প্রধান নির্বাহী কর্মকর্তা সদস্য হইবেন:

তবে শর্ত থাকে যে, প্রধান নির্বাহী কর্মকর্তার বিরুদ্ধে কোনো শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে গঠিত কোনো কমিটিতে তিনি সদস্য থাকিবেন না;

(৪) প্রধান নির্বাহী কর্মকর্তার উপর অর্পিত হয়নি এমন দায়িত্ব বা ক্ষমতা, বিশেষ পরিস্থিতিতে পরিচালনা পর্ষদের সভাপতি এবং কমিশনকে একইসঙ্গে অবহিত করিয়া প্রধান নির্বাহী কর্মকর্তা উক্ত দায়িত্ব বা ক্ষমতা পালন/প্রয়োগ করিতে পারিবে; তবে উহা পরিচালনা পর্ষদের পরবর্তী সভায় ঘটনোত্তর অনুমোদন গ্রহণ করিতে হইবে;

(৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, কমিশনের চাহিদা মোতাবেক, প্রশাসনিক কার্যাবলি এবং সিকিউরিটিজ আইন, বিধি-বিধান, উপ-আইন, নির্দেশনা বা আদেশ পরিপালন সংক্রান্ত প্রতিবেদন কমিশন এবং পরিচালনা পর্ষদের নিকট দাখিল করিবে;

(৬) প্রধান নির্বাহী কর্মকর্তা ইউনিট হোল্ডার বা ফান্ডের ক্ষয়ক্ষতির জন্যও দায়বদ্ধ থাকিবেন;

(৭) কোনো সম্পদ ব্যবস্থাপকের প্রধান নির্বাহী কর্মকর্তা পরিচালনা পর্ষদের অনুমতিক্রমে এবং কমিশন, প্রযোজ্য ক্ষেত্রে, ট্রাস্টি ও হেফাজতকারীকে অবহিত করিয়া সর্বোচ্চ ৯০ (নব্বই) দিন বাংলাদেশের বাহিরে অবস্থান করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, নব্বই দিনের বেশি বাংলাদেশের বাহিরে অবস্থান করিতে হইলে কমিশনের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

৩৪। সম্পদ ব্যবস্থাপকের তৎপরতার উপর বিধিনিষেধ।—কোনো সম্পদ ব্যবস্থাপক—

(ক) কোনো মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি বা হেফাজতকারী হিসাবে কাজ করিতে পারিবে না;

(খ) বিধি ৩৫ এ বর্ণিত সম্পদ ব্যবস্থাপকের কর্তব্য ও দায় দায়িত্ব ছাড়াও উদ্যোক্তা ও ট্রাস্টির সহিত সম্মতির ভিত্তিতে স্কীমের আকার, উদ্দেশ্য, ধরন, প্রচারপত্র প্রস্তুত ও তজ্জন্য কমিশনের সম্মতি গ্রহণ, স্কীমের ইউনিট সনদ ইস্যু, বিনিয়োগ পোর্টফোলিও গঠন ও উহার ব্যবস্থাপনা/পরিচালনা, নীট সম্পদ মূল্য (NAV) নির্ধারণ, আর্থিক ও অন্যান্য প্রতিবেদন প্রস্তুত, সরবরাহ ও উপস্থাপন সংক্রান্ত কার্যাবলি এবং বিনিয়োগ ব্যবস্থাপনা ও উপদেষ্টা সেবা চুক্তির মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগ ব্যবস্থাপনা ও উপদেষ্টা সেবা প্রদান করা ব্যতীত সম্পদ ব্যবস্থাপক অন্য কোনো কাজ কমিশনের পূর্বানুমোদন ব্যতিরেকে গ্রহণ বা পরিচালনা করিতে পারিবে না;

(গ) কোন সম্পদ ব্যবস্থাপক বা উহার কোনো পরিচালক, অংশীদার বা ব্যবস্থাপক বা প্রধান নির্বাহী কর্মকর্তা, যে নামেই অভিহিত করা হউক না কেন, তাহার পেশাদারী দায়িত্ব পালনকালে কোন অপ্রকাশিত মূল্য সংবেদনশীল তথ্যের (undisclosed Price sensitive information) ভিত্তিতে, নিজস্ব হিসাবে বা অন্য কোনো মাধ্যমে সিকিউরিটিজ ক্রয় বিক্রয় বা লেনদেনের সঙ্গে সম্পৃক্ত হইতে পারিবে না;

(ঘ) কোনো সম্পদ ব্যবস্থাপক উহার ব্যবস্থাপনাধীন কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম হইতে বিনিয়োগের মাধ্যমে কোনো কোম্পানির পরিচালনা পর্ষদের সদস্য হইতে পারিবে না;

(ঙ) কোনো সম্পদ ব্যবস্থাপক উহার ব্যবস্থাপনায় থাকা মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম হইতে উহার অধিভুক্ত বা সহযোগী কোনো কোম্পানি বা উহার বা উহার পরিচালকদের স্বার্থ সংশ্লিষ্ট কোনো কোম্পানির ইস্যুকৃত শেয়ার, বন্ড, ডিবেঞ্চার বা ISSB তে বিনিয়োগ করিতে পারিবে না।

৩৫। সম্পদ ব্যবস্থাপকের কর্তব্য ও দায়-দায়িত্ব।—(১) সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম ব্যবস্থাপনা ও উহার স্কীম পরিচালনার জন্য যুক্তিসঙ্গত ও প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করিবে এবং কোনো স্কীমের সহিত সংশ্লিষ্ট তহবিলের বিনিয়োগ যেন এই বিধিমালা, ট্রাস্ট দলিল, প্রসপেক্টাস ও ইউনিটহোল্ডারদের স্বার্থের পরিপন্থি না হয় উহা নিশ্চিত করিবে;

(২) ইতোপূর্বে নিবন্ধিত বিদ্যমান সকল মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের নামে সিকিউরিটিজ হিসাব, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে পরিচালিত সকল হিসাবসমূহের ক্ষেত্রে, বিধি ৪৩ এর বিধান, প্রযোজ্যমত, পরিপালন নিশ্চিত করিতে হইবে;

(৩) সম্পদ ব্যবস্থাপক উহার ব্যবস্থাপনাধীন ফান্ড তথা উহার প্রত্যেক স্কীমের কার্যক্রম সম্পর্কে প্রতি ত্রৈমাসিক সমাপ্তির (অর্থাৎ ৩১ মার্চ, ৩০ জুন, ৩০ সেপ্টেম্বর এবং ৩১ ডিসেম্বর) পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কমিশন, ট্রাস্টি ও হেফাজতকারীর নিকট প্রতিবেদন আকারে পেশ করিবে যাহা সম্পদ ব্যবস্থাপনা কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হইতে হইবে;

(৪) সম্পদ ব্যবস্থাপক, অন্যান্যের মধ্যে, নিম্নবর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে, যথা:—

(ক) নিয়ন্ত্রণমূলক প্রতিপালন ও প্রতিবেদন সংক্রান্ত কার্যসমূহ;

(খ) মিউচ্যুয়াল ফান্ড স্কীমের প্রসপেক্টাস, বার্ষিক ও সাময়িক প্রতিবেদন এবং বিনিয়োগকারীর জন্য অন্যান্য পত্রাদি প্রণয়ন ও বিতরণ;

(গ) বিজ্ঞাপন ও অন্যান্য বিক্রয় সামগ্রী;

(ঘ) হিসাব বহি, হিসাব রক্ষণ কার্যক্রম ও কর রিটার্ন প্রণয়ন;

(ঙ) বীমা ও অন্যান্য সেবাসমূহ; এবং

(চ) এই বিধিমালার অধীন সংরক্ষণ করিতে হয় এমন যাবতীয় হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র অন্ততঃ ১২ (বারো) বছর সংরক্ষণ.

(৫) কোনো চুক্তিতে যাহাই থাকুক না কেন, সম্পদ ব্যবস্থাপক কোম্পানির কোনো পরিচালক, চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা বা ব্যবস্থাপনা পরিচালক ও অন্যান্য কর্মকর্তা স্বীয় পদ বা পদে অধিষ্ঠিত থাকাকালীন মিউচ্যুয়াল ফান্ড পরিচালনায় সংঘটিত কোনো জালিয়াতি বা আত্মসাৎ বা কোনো অন্যায় বা অপরাধের বা ইচ্ছাকৃত ভুলের জন্য স্ব স্ব দায় দায়িত্ব হইতে অব্যাহতি পাইবে না;

(৬) সম্পদ ব্যবস্থাপক কর্তৃক কমিশন, ট্রাস্টি ও হেফাজতকারীর নিকট পেশকৃত তথ্য ও বিবরণীতে কোনো প্রকার বস্তুগত পরিবর্তন ঘটিলে সম্পদ ব্যবস্থাপক তৎক্ষণাৎ সেই সম্পর্কে কমিশন, ট্রাস্টি ও হেফাজতকারীকে অবহিত করিবে;

(৭) শুধুমাত্র প্রাতিষ্ঠানিক ফান্ড ব্যবস্থাপনার ক্ষেত্রে সম্পদ ব্যবস্থাপক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ২ এর দফা (চ) অনুযায়ী পোর্টফোলিও ম্যানেজার হিসাবে গণ্য হইবে:

তবে শর্ত থাকে যে, মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের ফান্ড ব্যবস্থাপনা ও প্রাতিষ্ঠানিক ফান্ড ব্যবস্থাপনার মধ্যে স্বার্থের সংঘাত (Conflict of Interest) থাকিলে, এতদ্‌সংক্রান্ত প্রতিবেদন, মাসিক ভিত্তিতে, সম্পদ ব্যবস্থাপকের ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে এবং কমিশনের নিকট পেশ করিতে হইবে:

আরো শর্ত থাকে যে, সম্পদ ব্যবস্থাপক কর্তৃক প্রাতিষ্ঠানিক ফান্ড ব্যবস্থাপনা কার্যক্রম গ্রহণের পূর্বে পোর্টফোলিও ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবল ও পরিচালন কাঠামো সম্পর্কে বিশদ প্রতিবেদন কমিশনে দাখিল করিতে হইবে; তবে সেক্ষেত্রে সম্পদ ব্যবস্থাপককে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এ বর্ণিত পোর্টফোলিও ম্যানেজারের দায়িত্ব ও আচরণ বিধি মানিয়া চলিতে হইবে এবং দায়িত্ব পালন ও আচরণবিধি মানিয়া চলিতে ব্যর্থ হইলে বা কোনো ব্যত্যয় করিলে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে:

আরো শর্ত থাকে যে, বিদ্যমান কোনো সম্পদ ব্যবস্থাপক প্রাতিষ্ঠানিক ফান্ড ব্যবস্থাপনা কার্যক্রমের সহিত জড়িত হইয়া থাকিলে তাহাকে এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০১ (এক) মাসের মধ্যে উক্ত প্রতিবেদন কমিশনে দাখিল করিতে হইবে;

(৮) সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের গণপ্রস্তাব (Public Offering) পরিচালনার জন্য ইস্যু ব্যবস্থাপকের দায়িত্ব পালন করিতে পারিবে;

(৯) সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের ইউনিট বিক্রয়ের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলি পরিপালন সাপেক্ষে বিক্রয় প্রতিনিধি (Selling Agent) নিয়োগ প্রদান করিতে পারিবে:

(ক) সম্পদ ব্যবস্থাপক ও বিক্রয় প্রতিনিধির মধ্যে চুক্তি সম্পাদিত হইতে হইবে, যেখানে প্রাতিষ্ঠানিক বিক্রয় প্রতিনিধির ক্ষেত্রে প্রয়োজনীয় জনবল ও অন্যান্য বিষয়াদির উল্লেখ থাকিবে:

তবে শর্ত থাকে যে, স্টক এক্সচেঞ্জের কোনো প্ল্যাটফর্মে মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের ইউনিট লেনদেনের ক্ষেত্রে স্বতন্ত্র চুক্তির বাধ্যবাধকতা থাকিবে না;

(খ) প্রাতিষ্ঠানিক বিক্রয় প্রতিনিধির অন্তত ০২ (দুই) জন কর্মকর্তাকে বা ব্যক্তি বিক্রয় প্রতিনিধিকে কমিশন কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচী বা তৎকর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠান হইতে সিকিউরিটিজ ও মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের ইউনিট ক্রয় বিক্রয় ও এতদ্‌সংক্রান্ত কার্যাদি সম্পাদন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে;

(১০) প্রত্যেক সম্পদ ব্যবস্থাপক সুনির্দিষ্ট কার্যপ্রণালীসহ কমপক্ষে ০৩ (তিন) জন সদস্যের সমন্বয়ে সার্বক্ষণিক বিনিয়োগ কমিটি (Investment Committee) গঠন করিবে এবং বিনিয়োগ কমিটির কার্যক্রম নথিভুক্ত করতঃ সংরক্ষণ করিবে:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০৬ (ছয়) মাসের মধ্যে সার্বক্ষণিক বিনিয়োগ কমিটি গঠনপূর্বক কমিশনকে অবহিত করিতে হইবে;

(১১) সম্পদ ব্যবস্থাপক ইউনিটহোল্ডারদের পক্ষে মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের সম্পদ ব্যবস্থাপনার দায়িত্ব বিশ্বস্ততার (Fiduciary) সহিত পালন করিবে;

(১২) সিকিউরিটিজ আইন তথা এই বিধিমালার বিধানাবলি পরিপালন সংক্রান্ত প্রতিবেদন সম্পদ ব্যবস্থাপকের তদারকী কর্মকর্তা, হেফাজতকারী, এবং ট্রাস্টি কর্তৃক কমিশনের নিকট নির্ধারিত পদ্ধতিতে ও সময়ে দাখিল করিতে হইবে;

(১৩) সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম সম্পর্কিত চাহিত যেকোনো তথ্যাদি ট্রাস্টি বা হেফাজতকারীকে দিতে বাধ্য থাকিবে;

(১৪) সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য (ক্রয়মূল্যে ও ফেয়ার ভ্যালুতে) প্রতি মার্কেট দিবসে লেনদেন শুরু হইবার পূর্বে সম্পদ ব্যবস্থাপকের নোটিশ বোর্ড এবং ওয়েব সাইটে প্রকাশ করিবে;

(১৫) সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের আর্থিক বিবরণী (ত্রৈমাসিক ও বার্ষিক) প্রস্তুত করিবে এবং ট্রাস্টির অনুমোদন সাপেক্ষে উহা প্রকাশ করিবে;

(১৬) সম্পদ ব্যবস্থাপকের মালিকানা বা শেয়ারহোল্ডিং, পরিচালনা পর্ষদ, রেজিস্টার্ড অফিস, কর্পোরেট অফিসের ঠিকানা ও সম্পদ ব্যবস্থাপকের নিবন্ধিত নাম, ইত্যাদির পরিবর্তন কমিশনের পূর্বানুমোদন গ্রহণ ব্যতিরেকে করা যাইবে না।

ষষ্ঠ অধ্যায়

হেফাজতকারী

৩৬। হেফাজতকারী হিসাবে নিবন্ধন।—কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের হেফাজতকারী হিসাবে নিয়োগের জন্য কোনো ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সংস্থা, পাবলিক লিমিটেড কোম্পানি বা ডিপোজিটরিকে এই বিধিমালা মোতাবেক কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে এবং উক্তরূপে নিবন্ধিত না হইলে কোনো ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সংস্থা,পাবলিক লিমিটেড কোম্পানি বা ডিপোজিটরি হেফাজতকারী হিসাবে কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, কোনো প্রাইভেট লিমিটেড কোম্পানি হেফাজতকারী হিসেবে নিবন্ধিত হইয়া থাকিলে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০১ (এক) বছরের মধ্যে উহাকে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত হইতে হইবে:

আরো শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে কোনো নিবন্ধিত হেফাজতকারী প্রাইভেট লিমিটেড কোম্পানি থেকে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত হইতে ব্যর্থ হইলে, কমিশন উহার নিবন্ধন বাতিল করিতে পারিবে এবং উহার ব্যবস্থাপনাধীন সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের ট্রাস্টি, উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপকের সহিত পরামর্শক্রমে, কমিশনের পূর্বানুমোদন গ্রহণপূর্বক উহার স্থলে বিধি ৪২ মোতাবেক নতুন হেফাজতকারী নিয়োগ করিবে।

৩৭। নিবন্ধনের দরখাস্ত।—(১) হেফাজতকারী হিসাবে নিবন্ধন লাভের জন্য ফরম 'ঘ' তে দরখাস্ত দাখিল করিতে হইবে এবং দরখাস্ত ফি বাবদ ৫০ (পঞ্চাশ) হাজার টাকার (অফেরতযোগ্য) একটি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে কমিশন বরাবরে জমা করিতে হইবে;

(২) উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের সহিত উক্ত দরখাস্তকারীর সংঘ স্মারক ও সংঘ বিধি বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আইন বা আদেশ এর কপি কমিশনের নিকট দাখিল করিতে হইবে;

(৩) বিধি ৬,৭ ও ৮ এর বিধানাবলি উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৩৮। নিবন্ধন মঞ্জুরির জন্য অযোগ্যতা।—(১) কোনো দরখাস্তকারী হেফাজতকারী হিসাবে নিবন্ধন মঞ্জুরির জন্য যোগ্য হইবে না, যদি—

(ক) উহার অন্যূন ২০০ (দুইশত) কোটি টাকা পরিশোধিত মূলধন না থাকে:

তবে শর্ত থাকে যে, ইতোপূর্বে নিবন্ধনপ্রাপ্ত কোনো হেফাজতকারীর পরিশোধিত মূলধন যদি ২০০ (দুইশত) কোটি টাকা না থাকে, তাহা হইলে এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০১ (এক) বছরের মধ্যে উহার পরিশোধিত মূলধন অন্ততঃ ২০০ (দুইশত) কোটি টাকায় উন্নীত করিতে হইবে:

আরো শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে কোনো নিবন্ধিত হেফাজতকারী উহার পরিশোধিত মূলধন অন্ততঃ ২০০ (দুইশত) কোটি টাকায় উন্নীত করিতে ব্যর্থ হইলে, কমিশন উহার নিবন্ধন বাতিল করিতে পারিবে এবং উহার ব্যবস্থাপনাধীন সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের ট্রাস্টি, কমিশনের পূর্বানুমোদনক্রমে ও সম্পদ ব্যবস্থাপকের সহিত পরামর্শক্রমে, উহার স্থলে বিধি ৪২ মোতাবেক নতুন হেফাজতকারী নিয়োগ করিবে।

(খ) বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হালনাগাদকৃত সিআইবি রিপোর্ট অনুযায়ী, উহা বা উহার কোনো পরিচালক যদি ঋণ খেলাপী থাকে;

(গ) উহার লেনদেনে সততার সুখ্যাতি না থাকে;

(ঘ) উহা বা উহার কোনো পরিচালক কোনো সম্পদ ব্যবস্থাপকের পরিচালক হন বা স্টক-ব্রোকার, স্টক-ডিলার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার হন বা উহার বা উহাদের অধীনস্থ কোনো কোম্পানি বা সংস্থার পরিচালক হন বা উহা বা উহার স্বার্থ সংশ্লিষ্ট পক্ষ হন;

(ঙ) উহার প্রধান নির্বাহী কর্মকর্তার আর্থিক বা পুঁজিবাজারে অন্যূন ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ অন্ততঃ ১০ (দশ) বছরের কর্ম অভিজ্ঞতা না থাকে;

(চ) উহার প্রয়োজনীয় জনবল, ব্যবসার স্থান, অফিস, সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জাম, সিস্টেম, তথ্য প্রযুক্তি অবকাঠামো (IT Infrastructure) ও নিজস্ব ওয়েব-সাইট (Web-site) না থাকে;

(ছ) উহার ডিপোজিটরি আইন, ১৯৯৯ বা উহার অধীন প্রণীত প্রবিধানমালার আওতায় ডিপোজিটরি অংশগ্রহণকারী সনদ না থাকে:

তবে শর্ত থাকে যে, ডিপোজিটরি কর্তৃক হেফাজতকারীর সনদ গ্রহণের ক্ষেত্রে এই দফার বিধান প্রযোজ্য হইবে না;

(জ) উহা Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর বিধান মোতাবেক মূলধন পর্যাপ্ততা অনুপাত (Capital Adequacy Ratio) অনুযায়ী পর্যাপ্ত মূলধন সংরক্ষণ না করে:

তবে শর্ত থাকে যে, ইতোপূর্বে নিবন্ধনপ্রাপ্ত কোনো হেফাজতকারীকে এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০১ (এক) বছরের মধ্যে উক্ত মূলধন পর্যাপ্ততা অনুপাত (Capital Adequacy Ratio) অনুযায়ী পর্যাপ্ত মূলধন সংরক্ষণ করিতে হইবে;

(ঝ) উহার ন্যূনতম ০১ (এক) জন তদারকি কর্মকর্তা না থাকে:

তবে শর্ত থাকে যে, উক্ত তদারকি কর্মকর্তার পুঁজিবাজারে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসহ অন্ততঃ ৫ (পাঁচ) বছরের কর্ম অভিজ্ঞতা (work experience) থাকিতে হইবে:

আরো শর্ত থাকে যে, উক্ত তদারকি কর্মকর্তাকে কমিশন কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত সার্টিফিকেট কোর্সধারী হইতে হইবে;

(ঞ) উহার হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স না থাকে;

(ট) উহার, নিবন্ধন সনদ প্রাপ্তি বা এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০১ (এক) বছর, যাহা পরে সংঘটিত হয়, উক্ত সময়ের মধ্যে পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত কর্মকর্তা-কর্মচারী নিয়োগ ও আচরণবিধি সংক্রান্ত নীতিমালা না থাকে;

(২) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১) এর বিধানাবলির যে কোনোটি, যে কোনো দরখাস্তকারীর ক্ষেত্রে শিথিল করিতে পারিবে।

৩৯। নিবন্ধন মঞ্জুরি।—(১) বিধি ৩৮ এ উল্লিখিত কোনো অযোগ্যতা না থাকিলে, কমিশন দরখাস্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে নিবন্ধনের দরখাস্ত মঞ্জুর করিবে এবং উক্ত দরখাস্তকারীকে হেফাজতকারী হিসেবে নিবন্ধন করিবে:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ দুই লক্ষ টাকা কমিশন বরাবরে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

(২) কোনো দরখাস্তকারীকে হেফাজতকারী হিসেবে নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'ঙ'-তে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে।

৪০। নিবন্ধন নামঞ্জুর হওয়ার ক্ষেত্রে করণীয়।—(১) বিধি ৩৮ এ উল্লিখিত কোনো অযোগ্যতা বিদ্যমান থাকিলে হেফাজতকারী হিসেবে কমিশন উহার নিবন্ধনের দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে;

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো দরখাস্ত নামঞ্জুর করা হইলে উহার কারণসহ সিদ্ধান্তটি কমিশন দরখাস্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে;

(৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্তে সংক্ষুব্ধ দরখাস্তকারী উহা অবহিত হইবার ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট আবেদন করিতে পরিবে;

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো আবেদনপত্র প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে আবেদনকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানীর সুযোগ প্রদানপূর্বক কমিশন আবেদনপত্র প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানী গ্রহণের তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে।

৪১। বার্ষিক ফি।—(১) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেক হেফাজতকারীকে প্রত্যেক অর্থ বছর শুরু হইবার পূর্বে বিধি ৩৮ এর পরিপালন প্রতিবেদন পেশ করিতে হইবে এবং বার্ষিক ফি বাবদ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে উক্ত পরিপালন প্রতিবেদন এবং বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমাণ অর্থ জরিমানা হিসাবে কমিশনে জমা করিতে হইবে;

(২) উপ-বিধি (১) অনুযায়ী কোনো হেফাজতকারী পরিপালন প্রতিবেদন এবং বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে, উক্ত পরিপালন প্রতিবেদন জমা এবং বকেয়া ফি পরিশোধ করিবার পূর্বে কমিশন উক্ত হেফাজতকারীকে নতুন কোনো হেফাজতকারী হিসাবে দায়িত্ব গ্রহণ বিবেচনা করিবে না;

(৩) এই বিধিমালার কোনো বিধান ক্ষুণ্ন না করিয়া, কমিশন যদি পরিপালন প্রতিবেদন জমাদান বা ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোনো হেফাজতকারীকে, উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থবছর শুরু হইবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে যে কোনো সময় সংশ্লিষ্ট পরিপালন প্রতিবেদন এবং ফি জমাদানের অনুমতি প্রদান করিতে পারিবে।

৪২। হেফাজতকারীর নিয়োগ ও বাতিল।—(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, কিংবা ট্রাস্ট দলিলবলে ক্ষমতাবান হইলে ট্রাস্টি, মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের সিকিউরিটিজ, নগদ বা ব্যাংক জমা বা নগদ সমতুল্যসহ অন্যান্য সকল সম্পদ হেফাজতে রাখিবার উদ্দেশ্যে কমিশন কর্তৃক নিবন্ধিত কোনো হেফাজতকারীকে নিয়োগ করিবে:

তবে শর্ত থাকে যে, কোনো হেফাজতকারীর ডিপোজিটরি অংশগ্রহণকারী সনদ না থাকিলে উহা নিয়োগের জন্য যোগ্য হইবে না; তবে ডিপোজিটরিকে হেফাজতকারী হিসেবে নিয়োগের ক্ষেত্রে এই শর্তের বিধান প্রযোজ্য হইবে না:

আরো শর্ত থাকে যে, ইতোপূর্বে নিয়োগপ্রাপ্ত কোনো হেফাজতকারীর যদি ডিপোজিটরি অংশগ্রহণকারী সনদ না থাকে তবে এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০৬ (ছয়) মাসের মধ্যে ডিপোজিটরি অংশগ্রহণকারী সনদ গ্রহণ করিতে হইবে, অন্যথায় উহার নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে;

(২) ট্রাস্টি, কমিশনের পূর্বানুমতিক্রমে এবং মিউচ্যুয়াল ফান্ডের স্বার্থে, কোনো হেফাজতকারীর নিয়োগ এবং প্রযোজ্য ক্ষেত্রে, বাতিল করিতে পারিবে এবং বাতিলের বিষয় কমিশনকে বাতিলের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবে;

(৩) কমিশন জনস্বার্থে, ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান সাপেক্ষে, কোনো হেফাজতকারীর নিয়োগ বাতিল করিতে পারিবে;

(৪) হেফাজতকারীর নিকট হইতে, অব্যাহতি গ্রহণের যুক্তিসঙ্গত নোটিশ পাওয়ার পর, ট্রাস্টি উক্ত হেফাজতকারীকে, কমিশনের পূর্বানুমতিক্রমে, সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের হেফাজতকারীর দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করিতে পরিবে:

তবে শর্ত থাকে যে, কমিশনের অনুমোদনক্রমে নতুন হেফাজতকারী দায়িত্ব গ্রহণ না করা পর্যন্ত উক্তরূপ অব্যাহতি কার্যকর হইবে না;

(৫) হেফাজতকারীর পরিচালনা পর্ষদ, ব্যবস্থাপনা বা পরিচালনা সংক্রান্ত কমিটি বা কর্মকর্তার যে কোনো পরিবর্তন কমিশনকে অবহিত করিতে হইবে;

(৬) কমিশন, মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীম বা উহার বিনিয়োগকারীর স্বার্থে, হেফাজতকারীর নিয়োগ ও বাতিলের বিষয়ে ট্রাস্টিকে যেকোনো নির্দেশনা প্রদান করিতে পারিবে।

৪৩। হেফাজতকারীর দায়-দায়িত্ব।—(১) হেফাজতকারী মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের সিকিউরিটিজ, নগদ, ব্যাংক জমা বা নগদ সমতুল্যসহ অন্যান্য সকল সম্পদ সর্বোচ্চ নিরাপদ হেফাজতে রাখিবে;

(২) মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম কর্তৃক ইস্যুকৃত ইউনিট বা সমর্পিত ইউনিটের হিসাব হেফাজতকারী সংরক্ষণ করিবে;

(৩) কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের অর্জিত সকল অজড় (dematerialized) সিকিউরিটিজসমূহ হেফাজতকারীর ডিপোজিটরি অংশগ্রহণকারী (DP) তে ফান্ড বা স্কীমের নামে স্বতন্ত্র বিও হিসাব খুলিয়া সংরক্ষণের ব্যবস্থা করিবে এবং কাগুজে সিকিউরিটিজসমূহের সনদ, অন্যান্য দলিলাদি ও রেকর্ডসমূহ নিজস্ব তত্ত্বাবধানে হেফাজতকারী সংরক্ষণ করিবে:

তবে শর্ত থাকে যে, ফান্ড বা উহার কোনো স্কীম সরকারি সিকিউরিটিজে বিনিয়োগ করিলে হেফাজতকারী উক্ত ফান্ড বা স্কীমের নামে স্বতন্ত্র বিপিআইডি বা প্রযোজ্য ক্ষেত্রে BOID হিসাব খুলিয়া সিকিউরিটিজসমূহ সংরক্ষণের ব্যবস্থা করিবে:

আরো শর্ত থাকে যে, ফান্ড বা উহার স্কীমের নামে কোনো সিকিউরিটিজ হিসাব হেফাজতকারী ব্যতীত অন্যকেউ খুলিতে পারিবে না এবং ট্রাস্টির অনুমোদন ব্যতীত হেফাজতকারী কোনো সিকিউরিটিজ হিসাব (তথা বিও আইডি বা বিপিআইডি) খুলিতে বা বন্ধ করিতে পারিবে না;

(৪) সম্পদ ব্যবস্থাপকের আবেদনের প্রেক্ষিতে ট্রাস্টির অনুমোদন সাপেক্ষে হেফাজতকারী প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের নামে পরিচালিত সকল ধরনের ব্যাংক হিসাব (পরিচালনা ব্যাংক হিসাব, লভ্যাংশ বিতরণ হিসাব, মেয়াদি আমানত হিসাব ইত্যাদি) তফসিলি ব্যাংকে খুলিবে বা বন্ধ করিবে;

(৫) প্রত্যেক মিউচুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের নামে একটিমাত্র পরিচালনা ব্যাংক হিসাব (operational Bank account) থাকিবে:

তবে শর্ত থাকে যে, যদি কোনো যৌক্তিক কারণে একাধিক পরিচালনা ব্যাংক হিসাব (operational Bank account) খোলার প্রয়োজন হয়, তাহা হইলে, হেফাজতকারী সম্পদ ব্যবস্থাপকের আবেদনের প্রেক্ষিতে ট্রাস্টির অনুমোদন সাপেক্ষে সর্বোচ্চ আরও ০২ (দুই) টি পরিচালনা ব্যাংক হিসাব (operational Bank account) সংরক্ষণ করিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, একই ব্যাংকে একই মিউচ্যুয়াল ফান্ড বা উহার একই স্কীমের নামে একাধিক পরিচালনা ব্যাংক হিসাব (operational Bank account) সংরক্ষণ করা যাইবে না;

(৬) উপ-বিধি (৩), (৪) ও (৫) এর অধীন প্রত্যেক সিকিউরিটিজ হিসাব ও সকল ধরনের ব্যাংক হিসাব খোলার পূর্বে, উক্ত হিসাব পরিচালনার জন্য স্বাক্ষরকারী (signatory) হিসেবে হেফাজতকারীর পরিচালনা পর্ষদ কর্তৃক হেফাজতকারী কোম্পানি হইতে মনোনীত সর্বোচ্চ ০৩ (তিন) জন স্বাক্ষরকারীর (signatory) বিবরণ ট্রাস্টির নিকট দাখিলপূর্বক অনুমোদন গ্রহণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, সম্পদ ব্যবস্থাপকের কোনো পরিচালক, কর্মকর্তা বা প্রতিনিধি ফান্ড বা স্কীমের কোনো সিকিউরিটিজ হিসাব বা কোনো ধরনের ব্যাংক হিসাব এর স্বাক্ষরকারী (signatory) হইতে পারিবে না:

আরও শর্ত থাকে যে, স্বাক্ষরকারী (signatory) নির্বাচনের ক্ষেত্রে ট্রাস্টির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে;

(৭) প্রত্যেক মিউচুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের ইউনিট বিক্রয় ও পুনঃক্রয় বা সমর্পণ, বিনিয়োগ সম্পর্কিত লেনদেন, বিধিমালা দ্বারা নির্ধারিত ব্যয়সমূহসহ সকল বৈধ আর্থিক লেনদেন উক্ত ফান্ড বা উহার স্কীমের পরিচালনা ব্যাংক হিসাব (operational Bank account) হইতে নিষ্পত্তি করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, সম্পদ ব্যবস্থাপকের চাহিদা অনুয়ায়ী বিধি দ্বারা নির্ধারিত ব্যয়সহ সকল লেনদেনের বৈধতা নিশ্চিত হইয়া হেফাজতকারী উক্ত লেনদেনসমূহ নিষ্পত্তি করিবে;

(৮) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের নামে পরিচালিত সকল ধরনের ব্যাংক হিসাব এবং সিকিউরিটিজ হিসাবে (বিও হিসাব বা বিপি হিসাব) লেনদেনকৃত তথ্যাদি ও বিবরণী, হেফাজতকারী, দৈনিক ভিত্তিতে ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপককে সরবরাহ করিবে;

(৯) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের নামে পরিচালিত সকল ধরনের ব্যাংক হিসাবের বিবরণী যাহাতে সম্পদ ব্যবস্থাপক প্রয়োজনে সংগ্রহ করিতে পারে, ব্যাংক হিসাব খোলার সময় ট্রাস্টি ও হেফাজতকারী উহা নিশ্চিত করিবে;

(১০) ইতোপূর্বে নিবন্ধিত বিদ্যমান সকল মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমকে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০১ (এক) বছরের মধ্যে উপ-বিধি (১) হইতে উপ-বিধি (৯) এর সকল বিধান পরিপালন নিশ্চিত করিতে হইবে;

(১১) ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারী উপ-বিধি (১০) এর বিধান পরিপালনপূর্বক পরবর্তী ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে কমিশনকে অবহিত করিবে;

(১২) হেফাজতকারীর আওতাধীন মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের নামে রক্ষিত সকল ধরনের ব্যাংক হিসাবের বিবরণী, দলিলাদি, অনুমোদিত স্বাক্ষরকারীর (সিগনেটরী) রেকর্ড, মেয়াদি আমানত সনদের মূল কপি ও হিসাব সংক্রান্ত অন্যান্য তথ্যাদি হালনাগাদ ভিত্তিতে নিজস্ব তত্ত্বাবধানে সংরক্ষণ করিবে;

(১৩) হেফাজতকারীর আওতাধীন মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের সকল সম্পদ উক্ত হেফাজতকারীর নিজস্ব হিসাব হইতে সম্পূর্ণ পৃথক ও আলাদাভাবে সংরক্ষণ নিশ্চিত করিবে এবং উক্ত সম্পদ হেফাজতকারীর দেওলিয়াত্বমুক্ত সম্পদ হিসাবে গণ্য হইবে;

(১৪) হেফাজতকারী, অন্যান্যের মধ্যে, মক্কেল তথা, মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের খাতওয়ারী নিম্মোক্ত দলিল ও তথ্যাদি সংরক্ষণ করিবে:—

(ক) সিকিউরিটিজ গ্রহণ এবং বিতরণের পূর্ণাঙ্গ বিবরণ;

(খ) অর্থ গ্রহণ এবং বিতরণের পূর্ণাঙ্গ বিবরণ;

(গ) মক্কেল তথা মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের পক্ষে ধারণকৃত সিকিউরিটিজের উপর মক্কেলের অধিকার সম্পর্কিত পূর্ণ বিবরণ;

(ঘ) সিকিউরিটিজ নিবন্ধনের পূর্ণাঙ্গ বিবরণ;

(ঙ) প্রত্যেক মক্কেল বা মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের জন্য হিসাব বিবরণী (ledger of accounts);

(চ) মক্কেল তথা মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের নিকট হইতে প্রাপ্ত এবং উক্ত মক্কেলের নিকট প্রদত্ত আদেশের পূর্ণাঙ্গ বিবরণ;

(ছ) মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের নামে থাকা সকল প্রকার ব্যাংক হিসাব বা অন্যান্য হিসাবের সকল লেনদেন ও উক্ত হিসাব সমূহ খোলা বা বন্ধকরণ সংক্রান্ত তথ্যাদিসহ সকল প্রকার হিসাবের পূর্ণাঙ্গ বিবরণ;

(জ) মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম কর্তৃক ইস্যুকৃত ইউনিট ও পুনঃক্রয়কৃত ইউনিটের পূর্ণাঙ্গ বিবরণী; এবং

(ঝ) মক্কেল সংক্রান্ত অন্যান্য তথ্যাদি।

(১৫) হেফাজতকারী মক্কেলের পক্ষে তথা উহার আওতাধীন মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের বিও হিসাব হইতে সরাসরি সিকিউরিটিজ সরবরাহ বা ক্লিয়ারিং পদ্ধতিতে (তথা স্টক ব্রোকারের ক্লিয়ারিং একাউন্টে) সিকিউরিটি সরবরাহে অংশগ্রহণ করিবে;

(১৬) হেফাজতকারী মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের নামে পরিচালিত বা রক্ষিত কোনো বিও হিসাবের লিংক একাউন্ট খুলিবে না বা কাহাকেও খোলার অনুমতি প্রদান করিবে না:

তবে শর্ত থাকে যে, কোনো যৌক্তিক কারণে লিংক বিও একাউন্ট খোলার প্রয়োজন হইলে, ট্রাস্টির অনুমোদন সাপেক্ষে এবং কমিশনকে উহার যৌক্তিকতা অবহিতপূর্বক, হেফাজতকারী উক্ত লিংক বিও একাউন্ট খুলিতে পারিবে;

(১৭) হেফাজতকারী, সম্পদ ব্যবস্থাপকের সহিত পরামর্শ করিয়া মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের নামে কোনো স্টক ব্রোকারের সহিত ট্রেডিং একাউন্ট খুলিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, স্টক ব্রোকারের সহিত সম্পাদিত এতদ্‌সংক্রান্ত চুক্তি ট্রাস্টি কর্তৃক অনুমোদিত হইতে হইবে:

আরো শর্ত থাকে যে, সম্পদ ব্যবস্থাপক বা উহার পরিচালক বা উহাদের স্বার্থ-সংশ্লিষ্ট কোনো স্টক ব্রোকারের সহিত ট্রেডিং একাউন্ট খোলা যাইবে না:

আরো শর্ত থাকে যে, দৈনিক ট্রেডিং শেষে উক্ত ট্রেডিং একাউন্টে কোনো সিকিউরিটিজ সংরক্ষিত রাখা যাইবে না;

(১৮) হেফাজতকারী মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের যাবতীয় সম্পদের নিরাপত্তার স্বার্থে সিকিউরিটিজ সনদসহ অন্যান্য সকল দলিল যাচাই-বাছাই করিতে পারিবে এবং এতদুদ্দেশ্যে হেফাজতকারী কর্তৃক চাহিত সকল তথ্য নির্দিষ্ট সময়সীমার মধ্যে হেফাজতকারীকে সম্পদ ব্যবস্থাপক সরবরাহ করিতে বাধ্য থাকিবে;

(১৯) সম্পদ ব্যবস্থাপক কর্তৃক প্রকাশিত বা ঘোষিত নীট সম্পদ মূল্য (NAV) উহাতে অন্তর্ভুক্ত সিকিউরিটিজ ও অন্যান্য সম্পদের তথ্যাদি সত্যায়ন; এবং সিকিউরিটিজ ও অন্যান্য সম্পদের প্রদর্শিত ক্রয়মূল্য ও বাজারমূল্য বা ফেয়ার ভ্যালু যাচাইকরণপূর্বক নীট সম্পদ মূল্যের সত্যায়ন সম্পর্কিত একটি প্রতিবেদন মাসিক ভিত্তিতে প্রত্যেক মাস শেষ হইবার ০৭ দিনের মধ্যে ট্রাস্টি ও কমিশনের নিকট পেশ করিবে এবং প্রযোজ্য ক্ষেত্রে, সম্পদ ব্যবস্থাপক কর্তৃক ঘোষিত নীট সম্পদ মূল্যে কোনো বিচ্যুতি পরিলক্ষিত হইলে উহা সম্পদ ব্যবস্থাপককে সংশোধনের জন্য অবহিত করিবে।

(২০) হেফাজতকারী ইউনিটহোল্ডারদের পক্ষে মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের সম্পদ রক্ষণাবেক্ষণের জিম্মাদারি (Fiduciary) দায়িত্ব পালন করিবে।

সপ্তম অধ্যায়

মিউচ্যুয়াল ফান্ডের স্কীম

৪৪। স্কীম ঘোষণার পদ্ধতি।—(১) ট্রাস্টি এবং কমিশনের পূর্বানুমোদনক্রমে, সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ডের কোনো স্কীম ঘোষণা করিতে পারিবে;

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো স্কীম ঘোষণার পূর্বে উক্ত স্কীম অনুমোদনের জন্য সম্পদ ব্যবস্থাপক কমিশনের নিকট উক্ত স্কীমের বিবরণ, প্রসপেক্টাস, লেটার অব অফার, ট্রাস্টির অনুমতিপত্র এবং স্কীম সম্পর্কিত অন্যান্য আনুষংগিক কাগজপত্র দাখিল করিবে;

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত কাগজপত্র বিবেচনার পর কমিশন উক্ত কাগজপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে প্রস্তাবিত স্কীম অনুমোদন বা নামঞ্জুর করিবে অথবা প্রয়োজনীয় সংশোধনের জন্য সম্পদ ব্যবস্থাপককে নির্দেশ প্রদান করিতে পারিবে।

৪৫। স্কীম সম্পর্কে প্রচারণা।—(১) কমিশনের অনুমোদন ব্যতীত, কোনো স্কীম সম্পর্কে কোনো প্রসপেক্টাস, লেটার অব অফার বা বিজ্ঞাপন প্রচার করা যাইবে না;

(২) প্রত্যেক স্কীমের প্রসপেক্টাস, লেটার অব অফার, সারসংক্ষেপ (Abridged version) ও অন্যান্য বিজ্ঞাপন ''চতুর্থ তফসিল'' ও ''পঞ্চম তফসিল''এ বর্ণিত বিধানাবলি বা নিয়মাবলির সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে;

(৩) কমিশনের সম্মতি পাওয়ার পর, স্কীমের চাঁদা সংগ্রহের নিমিত্ত স্কীমের প্রসপেক্টাসের সার-সংক্ষেপ (Abridged version), কমিশনের সম্মতিপত্রে উল্লিখিত সময়সীমার মধ্যে সম্পদ ব্যবস্থাপক কর্তৃক একটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত সার-সংক্ষেপে (Abridged version), অন্যান্যের মধ্যে, স্কীমের একটি সংক্ষিপ্ত বিবরণী (Scheme Highlights) বাংলায় উল্লেখ থাকিতে হইবে, যাহাতে স্কীমের প্রকৃতি, উদ্দেশ্য, পক্ষসমূহ, ন্যূনতম বিনিয়োগ, বিনিয়োগ নীতি, লভ্যাংশ নীতি, কর সুবিধা, ইত্যাদির বিবরণ থাকিবে;

(৪) পূর্ণাঙ্গ প্রসপেক্টাস (Full Version) এর কিউআর কোড (QR Code) সহ উপ-বিধি (৩)-এ উল্লিখিত স্কীমের সংক্ষিপ্ত বিবরণী (Scheme Highlights) কমিশনের সম্মতিপত্রে উল্লিখিত সময়সীমার মধ্যে বিজ্ঞপ্তি আকারে একটি জাতীয় বাংলা দৈনিক পত্রিকা, একটি জাতীয় ইংরেজী দৈনিক পত্রিকা এবং একটি অনলাইন পত্রিকায় প্রকাশ করিতে হইবে;

(৫) অনুমোদন প্রাপ্তির ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে কমিশন কর্তৃক অনুমোদিত পূর্ণাঙ্গ প্রসপেক্টাস (Full Version) ট্রাস্টি, হেফাজতকারী, সম্পদ ব্যবস্থাপক এবং কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে।

৪৬। বিভ্রান্তিমূলক বিবরণ।—বিধি ৪৪ এর অধীন দাখিলকৃত এবং বিধি ৪৫ এর অধীন প্রচারিত কোনো প্রসপেক্টাস, লেটার অব অফার বা বিজ্ঞাপনে কোনোরূপ বিভ্রান্তিমূলক বিবরণ অথবা ভুল বা অসত্য বক্তব্য বা মতামত অন্তর্ভুক্ত করা যাইবে না।

৪৭। স্কীমের তালিকাভুক্তিকরণ।—(১) এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড (ETF) ব্যতিত কোনো বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীম স্টক এক্সচেঞ্জের মূল বোর্ডে তালিকাভুক্তি করা যাইবে না;

(২) বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের অজড় (dematerialized) হিসেবে ইস্যুকৃত ইউনিট হস্তান্তরের নিমিত্ত স্টক এক্সচেঞ্জ বা কমিশন কর্তৃক স্বীকৃত কোনো সংস্থার এতদ্‌সংক্রান্ত প্লাটফরমে হস্তান্তর করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, বিদ্যমান বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের অজড় (dematerialized) ইউনিট হস্তান্তরের নিমিত্ত, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশের ০১ (এক) বছরের মধ্যে, উক্ত প্লাটফরমে হস্তান্তরের ব্যবস্থা করিতে হইবে।

৪৮। স্কীমের জন্য সংগৃহীতব্য ন্যূনতম অর্থ।—(১) এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড (ETF) ব্যতিত প্রত্যেক নতুন বে-মেয়াদি স্কীমের জন্য সংগৃহীতব্য ন্যূনতম অর্থের পরিমাণ হইবে ২৫ (পঁচিশ) কোটি টাকা:

তবে শর্ত থাকে যে, Bangladesh Securities and Exchange Commission (Exchange Traded Fund) Rules, 2016 এর বিধান মোতাবেক এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ডের জন্য সংগৃহীতব্য ন্যূনতম অর্থের পরিমাণ নির্ধারিত হইবে;

(২) কোনো মিউচ্যুয়াল ফান্ড স্কীমের সংগৃহীতব্য ন্যূনতম অর্থের কমপক্ষে ২৫% (শতকরা পঁচিশ ভাগ) পাবলিক অফারের মাধ্যমে সংগ্রহ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো মিউচ্যুয়াল ফান্ড স্কীমে যদি বিদেশী স্পন্সর (একক বা যৌথ) থাকে তাহা হইলে উক্ত মিউচ্যুয়াল ফান্ড স্কীমের সংগৃহীতব্য ন্যূনতম অর্থের কমপক্ষে ১০% পাবলিক অফারের মাধ্যমে সংগ্রহ করা যাইবে;

(৩) কোনো মিউচ্যুয়াল ফান্ড স্কীমের সংগৃহীতব্য ন্যূনতম অর্থের কোনো অংশ উদ্যোক্তা যথাযথ বিবেচনা করিলে পাবলিক অফারের পূর্বে, কোনো প্রকার প্রাপ্যতা (Entitlement) বা অধিকার (Rights) প্রদান ব্যতিরেকে প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমেও সংগ্রহ করিতে পারিবে; এইরূপ ক্ষেত্রে কমিশনের সম্মতি গ্রহণের পূর্বে উক্ত প্লেসমেন্টের অর্থ স্কীমের ব্যাংক একাউন্টে জমা হইয়াছে এই মর্মে প্রামাণীক দলিল কমিশনে দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, প্রাইভেট প্লেসমেন্ট এর ক্ষেত্রে কোনোরূপ বাট্টা (discount) বা ফি (fee) বা কমিশন (Commission) গ্রহণ বা প্রদান করা যাইবে না।

৪৯। প্রাথমিক চাঁদার জন্য স্কীম খোলা রাখার মেয়াদ ও আবেদন প্রক্রিয়া।—(১) পাবলিক অফারের মাধ্যমে প্রাথমিক চাঁদা সংগ্রহের জন্য কোনো বে-মেয়াদি ফান্ড স্কীম—

(ক) সম্মতিপত্রে নির্ধারিত সময়ের পূর্বে খোলা যাইবে না;

(খ) অভিহিত মূল্যে বিক্রয়ের জন্য ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবস অথবা প্রাথমিক সংগৃহীতব্য চাঁদা সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন পর্যন্ত, যেটি আগে হয়, উহার অধিক খোলা রাখা যাইবে না:

তবে শর্ত থাকে যে, কোনো বিশেষ ক্ষেত্রে কমিশন উক্ত মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, চাঁদা সংগ্রহের তারিখ শেষ হওয়ার পূর্বেই যদি কোনো স্কীমের প্রাথমিক সংগৃহীতব্য লক্ষ্যমাত্রার সমপরিমাণ চাঁদার অর্থ ব্যাংকে জমা হয়, তাহা হইলে সম্পদ ব্যবস্থাপক তৎক্ষণাৎ চাঁদা সংগ্রহ বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে;

(২) সম্মতিপত্রে (Consent Letter) উল্লিখিত আবেদন প্রক্রিয়া অনুসরণপূর্বক প্রাথমিক চাঁদার অর্থ সংগ্রহ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উপ-বিধি (১)-মোতাবেক প্রাথমিক চাঁদা সংগ্রহের মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে, সম্পদ ব্যবস্থাপক কর্তৃক কমিশনে একটি প্রতিবেদন দাখিল করিতে হইবে যাহাতে, অন্যান্যের মধ্যে, ইস্যুকৃত মোট ইউনিট সংখ্যা, সংগৃহীত মোট চাঁদার পরিমাণ, ইত্যাদি উল্লেখ থাকিবে।

৫০। ইউনিট বরাদ্দ ও অর্থ ফেরৎ প্রদান।—(১) সম্পদ ব্যবস্থাপক যদি বিধি ৪৮ এর অধীন কোনো বে-মেয়াদি স্কীমের সংগৃহীতব্য ন্যূনতম অর্থ বা লক্ষ্যমাত্রার অন্যূন ৪০ (চল্লিশ) শতাংশ অর্থ, যাহা অধিক হইবে, সংগ্রহ করিতে ব্যর্থ হয় তাহা হইলে, উহা চাঁদা প্রদানকারীগণের নিকট হইতে সংগৃহীত সমুদয় অর্থ কোনো প্রকার কর্তন ছাড়াই ফেরৎ প্রদান করিবে;

(২) যেক্ষেত্রে লক্ষ্যমাত্রার অতিরিক্ত অর্থ সংগৃহীত হইবে সেক্ষেত্রে, সম্পদ ব্যবস্থাপক স্কীমের প্রাথমিক লক্ষ্যমাত্রার সমপরিমাণ অর্থ রাখিয়া অবশিষ্ট অর্থ চাঁদা প্রদানকারীগণকে ফেরত দিবে;

(৩) উপ-বিধি (১) বা উপ-বিধি (২) এর অধীন ফেরৎযোগ্য অর্থ চাঁদার মেয়াদ শেষ হইবার তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফারের মাধ্যমে ফেরত প্রদান করিতে হইবে; তবে ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার সম্ভব না হইলে রেজিস্ট্রি ডাকযোগে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট, বা কমিশনের পূর্বানুমোদনক্রমে কোনো ব্যাংকে খোলা এসক্রো (Escrow) একাউন্ট হইতে রিফান্ড ওয়ারেন্ট (Refund Warrant) এর মাধ্যমে উহা প্রাপকগণকে ফেরত প্রদান করা যাইবে;

(৪) প্রাইভেট প্লেসমেন্ট ও পাবলিক সাবসক্রিপসনের অর্থ কোনো তফসিলি ব্যাংকের এসক্রো একাউন্টে জমা করিতে হইবে এবং উক্ত টাকা কমিশনের পূর্বানুমতি ছাড়া উত্তোলন করা যাইবে না;

(৫) স্কীম গঠনের অনুমোদন প্রাপ্তির পর উদ্যোক্তা প্রদত্ত চাঁদা এবং সংগৃহীত প্রাথমিক চাঁদার অর্থ এসক্রো একাউন্ট হইতে হেফাজতকারী পরিচালিত ফান্ড বা স্কীমের নামে রক্ষিত পরিচালন ব্যাংক হিসাবে জমা করিতে হইবে; এবং বিফল আবেদনকারী ও বাতিলকৃত আবেদনের অর্থ সরাসরি ফেরত দিতে হইবে:

তবে শর্ত থাকে যে, এসক্রো একাউন্টে প্রাপ্ত সুদ বা মুনাফার অর্থ ফান্ড বা স্কীমের ইস্যু সংক্রান্ত প্রাথমিক খরচের সাথে সমন্বয় করিতে হইবে;

(৬) উপ-বিধি (৩) এ বর্ণিত সময়সীমার মধ্যে বিফল আবেদনকারী বা বাতিলকৃত আবেদনের অর্থ ফেরত প্রদানে ব্যর্থ হইলে, উক্ত সময়সীমার পরবর্তী এক মাসের মধ্যে সম্পদ ব্যবস্থাপককে উহার নিজস্ব হিসাব হইতে বার্ষিক শতকরা ১৮ (আঠার) টাকা হারে সুদসহ সমুদয় অর্থ চাঁদা প্রদানকারীগণকে পরিশোধ করিতে হইবে;

(৭) উপ-বিধি (৩) ও (৫) এ উল্লিখিত সময়সীমার পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে ফেরত প্রদান সংক্রান্ত একটি প্রতিবেদন কমিশনের নিকট দাখিল করিতে হইবে, এবং কমিশন উহা যাচাই করিয়া দেখিবে।

(৮) উপ-বিধি (৩) হইতে উপ-বিধি (৬) এর যথাযথ পরিপালন সম্পাদিত হইলে কমিশন স্কীম গঠনের জন্য ট্রাস্টিকে অনুমোদন প্রদান করিবে; এবং কমিশন হইতে স্কীম গঠনের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে ট্রাস্টি সম্পদ ব্যবস্থাপককে বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তি মোতাবেক স্কীমের বিনিয়োগ কার্যক্রম শুরু করিবার অনুমোদন প্রদান করিবে।

৫১। ইউনিট ইস্যু।—(১) বে-মেয়াদি ফান্ডের ইউনিট অজড় ভিত্তিতে বা কাগুজে পদ্ধতিতে ইস্যু করা যাইবে:

তবে শর্ত থাকে যে, কাগুজে পদ্ধতিতে ইস্যুকৃত ইউনিট সার্টিফিকেট ইলেক্ট্রনিক সিস্টেমেও ইস্যু করা যাইবে;

(২) যেক্ষেত্রে বে-মেয়াদি স্কীমের ইউনিট অজড় ভিত্তিতে ইস্যু হইবে, তাহার ইস্যু ও সমর্পণ (Surrender) সম্পদ ব্যবস্থাপকের অফিস বা কমিশন কর্তৃক অনুমোদিত উহার কোনো লিয়াজোঁ অফিসে (Liaison Office) বা সম্পদ ব্যবস্থাপকের যে-কোনো প্রাতিষ্ঠানিক বিক্রয় প্রতিনিধি অফিসের মাধ্যমে সম্পন্ন করিতে পারিবে, তবে এক্ষেত্রে প্রত্যেক সম্পদ ব্যবস্থাপক এ সংক্রান্ত নীতিমালা প্রণয়নপূর্বক ট্রাস্টির সুপারিশসহ কমিশন হইতে অনুমোদন গ্রহণ করিবে;

(৩) যেক্ষেত্রে বে-মেয়াদি স্কীমের ইউনিট সনদ কাগুজে পদ্ধতিতে ইস্যু হইবে সেক্ষেত্রে সম্পদ ব্যবস্থাপকের অফিসে বা কমিশন কর্তৃক অনুমোদিত উহার কোনো লিয়াজোঁ অফিসে বা সম্পদ ব্যবস্থাপকের কোনো ব্যক্তি বিক্রয় প্রতিনিধি (Individual Selling Agent) অফিসের মাধ্যমে সম্পন্ন করিতে পারিবে, তবে এক্ষেত্রে প্রত্যেক সম্পদ ব্যবস্থাপক এই সংক্রান্ত নীতিমালা প্রণয়নপূর্বক ট্রাস্টির সুপারিশসহ কমিশন হইতে অনুমোদন গ্রহণ করিবে;

(৪) বে-মেয়াদি স্কীমের ইউনিট ইস্যু বা সমর্পণের ক্ষেত্রে সম্পদ ব্যবস্থাপক ট্রাস্টির অনুমোদন সহ ব্যাংক হিসাব বা মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস বা কমিশন কর্তৃক অনুমোদিত অন্য কোনো পন্থায় অর্থ গ্রহণ ও প্রদান করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, ব্যাংকিং চ্যানেল বা মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস বা কমিশন কর্তৃক অনুমোদিত অন্য কোনো পন্থা ব্যতীত সম্পদ ব্যবস্থাপক নিজে বা উহার বিক্রয় প্রতিনিধির মাধ্যমে কোনো প্রকার নগদ গ্রহণ বা প্রদান করিবে না:

আরো শর্ত থাকে যে, কাগুজে সনদ বা অজড় ইউনিট ইস্যুর পূর্ব পর্যন্ত সম্পদ ব্যবস্থাপক কর্তৃক গৃহীত অর্থের বিপরীতে প্রদানকৃত জমা রশিদ বিনিয়োগকারীর জমা দলিল হিসেবে গণ্য হইবে:

আরো শর্ত থাকে যে, বে-মেয়াদি স্কীমের চাঁদার বিপরীতে কোনো বিক্রয় প্রতিনিধি কর্তৃক গৃহীত অর্থ, দায়-দায়িত্ব সম্পর্কে সম্পদ ব্যবস্থাপক দায়ী থাকিবে;

(৫) যেক্ষেত্রে কোনো বে-মেয়াদি স্কীম পদ্ধতিগত বিনিয়োগ পরিকল্পনা (Systematic Investment Plan) এর আওতায় বিনিয়োগকারীর নিকট হইতে চাঁদার অর্থ সংগ্রহ করিবে সেক্ষেত্রে আবশ্যিকভাবে ইলেক্ট্রনিক পদ্ধতি বা মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসের মাধ্যমে চাঁদার অর্থ জমা প্রদানের অপশন থাকিতে হইবে এবং এ ধরনের স্কীমের ব্যাংক হিসাবের রেজিস্টার্ড QR Code ও উহা ব্যবহারের নীতিমালা ট্রাস্টির সুপারিশসহ কমিশনের অনুমোদন গ্রহণপূর্বক সম্পদ ব্যবস্থাপক বিক্রয় প্রতিনিধি ও বিনিয়োগকারীকে সরবরাহ করিবে:

তবে শর্ত থাকে যে, পদ্ধতিগত বিনিয়োগ পরিকল্পনার আওতায় চাঁদার অর্থ লেনদেনের সকল খরচ ফান্ড বা স্কীম বহন করিবে;

(৬) বে-মেয়াদি স্কীমের চাঁদার অর্থ গ্রহণ ও ইউনিট সনদ (অজড় বা কাগুজে)) ইস্যুর মধ্যকার সময় কোনো অবস্থায় ০৩ (তিন) কর্মদিবসের অধিক হইবে না।

৫২। ইউনিট সনদ হস্তান্তর।—(১) স্কীমে কোনো বাধা বা নিষেধাজ্ঞা না থাকিলে কোনো ইউনিট সনদ আইনানুগ অবাধে হস্তান্তর করা যাইবে;

(২) যেক্ষেত্রে বে-মেয়াদি ফান্ড বা উহার স্কীম ইউনিট সনদ কাগুজে পদ্ধতিতে ইস্যু হইবে সেক্ষেত্রে ইউনিটের হস্তান্তর প্রক্রিয়া (তথা বিক্রয় (Sale) ও পুনঃক্রয় (Repurchase)) সংশ্লিষ্ট ফান্ড বা স্কীমের ট্রাস্ট দলিল বা প্রস্পেক্টাসে বর্ণিত পদ্ধতিতে সম্পন্ন করিবে। সম্পদ ব্যবস্থাপকের অফিসে বা কমিশন কর্তৃক অনুমোদিত উহার কোনো লিয়াজোঁ অফিসে বা সম্পদ ব্যবস্থাপকের অনুমোদিত কোনো ব্যক্তি বিক্রয় প্রতিনিধি অফিসের মাধ্যমে সম্পন্ন করিতে পারিবে, তবে এইক্ষেত্রে প্রত্যেক সম্পদ ব্যবস্থাপক এই সংক্রান্ত নীতিমালা প্রণয়নপূর্বক ট্রাস্টির সুপারিশসহ কমিশন হইতে অনুমোদন গ্রহণ করিবে;

(৩) অজড় হিসাবে ইস্যুকৃত বে-মেয়াদি স্কীমের ইউনিটসমূহ হস্তান্তরের নিমিত্ত এক্সচেঞ্জ বা কমিশন কর্তৃক স্বীকৃত কোনো সংস্থার এতদ্‌সংক্রান্ত প্লাটফরমে লেনদেন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, ইতোপূর্বে নিবন্ধিত বিদ্যমান বে-মেয়াদি ফান্ড বা স্কীমের ইস্যুকৃত অজড় ইউনিট সমূহ হস্তান্তরের নিমিত্ত এতদ্‌সংক্রান্ত প্লাটফরমে লেনদেন শুরু না করা হইলে এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০৬ (ছয়) মাসের মধ্যে উক্ত প্লাটফরমে লেনদেনের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

(৪) সম্পদ ব্যবস্থাপক হস্তান্তর দলিল এবং সংশ্লিষ্ট ইউনিট সনদ গ্রহণ করিয়া হস্তান্তর নথিভুক্ত করিবে এবং সর্বোচ্চ ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে হস্তান্তর গ্রহণকারীর নিকট হস্তান্তরিত ইউনিট সনদ বা অজড় ইউনিট প্রদান করিবে।

৫৩। প্রাইভেট প্লেসমেন্টে বরাদ্দ এবং উহার লক-ইন (Lock-in)।—(১) মিউচ্যুয়াল ফান্ড স্কীমের প্রাইভেট প্লেসমেন্টে, উক্ত ফান্ড বা স্কীমের উদ্যোক্তা নহে এমন—

(অ) একক ব্যক্তির অনুকূলে প্রাথমিক সংগৃহীতব্য অর্থের শতকরা ৫% (পাঁচ) ভাগের বেশি বরাদ্দ করা যাইবে না;

(আ) অতালিকাভুক্ত কোম্পানি বা সংবিধিবদ্ধ সংস্থার অনুকূলে (শুধুমাত্র নিজস্ব পোর্টফোলিওর ক্ষেত্রে) বরাদ্দের ক্ষেত্রে কোনো সীমা থাকিবে না;

(ই) তালিকাভুক্ত কোম্পানির অনুকূলে (শুধুমাত্র নিজস্ব পোর্টফোলিওর জন্য) বরাদ্দের ক্ষেত্রে কোনো সীমা থাকিবে না; এবং

(ঈ) স্বীকৃত তথা রেজিস্টার্ড ট্রাস্ট ফান্ড, পেনশন ফান্ড, প্রভিডেন্ট ফান্ড ও সুপার এনুয়েশন ফান্ড (Super Annuation Fund) এর অনুকূলে (শুধুমাত্র নিজস্ব পোর্টফোলিওর জন্য) বরাদ্দের ক্ষেত্রে কোনো সীমা থাকিবে না;

(২) প্রাইভেট প্লেসমেন্টে অংশগ্রহণকারীদের চূড়ান্ত তালিকা প্রসপেক্টাসে অন্তর্ভুক্ত করিতে হইবে;

(৩) বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড স্কীমে প্রাইভেট প্লেসমেন্টধারী বিনিয়োগকারীর বিনিয়োগের উপর বিধি ৪৯ এর উপ-বিধি (১) এ বর্ণিত সময়সীমা অতিক্রান্ত হইবার তারিখ হইতে ৬ (ছয়) মাস পর্যন্ত লক-ইন (Lock-in) বলবৎ থাকিবে;

৫৪। স্কীমের একীভূতকরণ (Merger of scheme)।—কোনো ফান্ড বা উহার স্কীমের ইউনিট হোল্ডারদের বিশেষ সভায় উপস্থিত অন্যূন তিন-চতুর্থাংশ ইউনিট হোল্ডারগণ (ইউনিট সংখ্যার ভিত্তিতে) উক্ত ফান্ড বা স্কীমকে অন্য কোনো ফান্ডের সহিত পূর্ণভাবে বা উক্ত ফান্ডের অন্য কোনো স্কীমের সহিত একীভূতকরণের পক্ষে প্রস্তাব গ্রহণ করিলে কমিশনের অনুমোদন সাপেক্ষে এবং কমিশন কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আদেশে বর্ণিত পন্থায় উক্ত ফান্ড বা স্কীমগুলোকে একে অন্যের সহিত একীভূত করা যাইবে বা একই সম্পদ ব্যবস্থাপকের ব্যবস্থাপনাধীন কোনো নির্দিষ্ট ফান্ডের একাধিক স্কীমকে এক স্কীমে একীভূতকরণ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, কোনো ফান্ড বা স্কীমের একীভূতকরণ এর সিদ্ধান্ত গৃহীত হওয়ার বিশেষ সভায় উক্ত ফান্ড বা স্কীমের সকল পক্ষ বা কোনো পক্ষ বহাল বা পরিবর্তনের সিদ্ধান্তও গৃহীত হইতে হইবে:

আরো শর্ত থাকে যে, একীভূতকরণের মাধ্যমে গঠিত স্কীম অবশ্যই বে-মেয়াদি স্কীম হইবে।

৫৫। স্কীমের অবলুপ্তি।—(১) কোনো বে-মেয়াদি স্কীমের অনাদায়ী ইউনিটের মোট সংখ্যা যদি যে কোনো সময় পুনঃক্রয়ের পর ইস্যুকৃত ইউনিট সংখ্যার শতকরা ২৫ (পঁচিশ) ভাগের কম হয় তাহা হইলে উক্ত স্কীমের অবলুপ্তি করিতে হইবে;

(২) উপ-বিধি (১) এর বিধানসহ কোনো বে-মেয়াদি স্কীম অবলুপ্তি হইতে পারে, যদি—

(ক) কোনো বিশেষ ঘটনা বা স্কীমের অব্যবস্থাজনিত কারণে কমিশনের অনুমোদনক্রমে ট্রাস্টি যদি উক্ত স্কীমের অবলুপ্তির প্রয়োজন বোধ করে; অথবা

(খ) উক্ত স্কীমের অন্যূন শতকরা ৭৫ (পঁচাত্তর) ভাগ ইউনিট হোল্ডার (ইউনিট সংখ্যার ভিত্তিতে) স্কীমটির অবলুপ্তির পক্ষে প্রস্তাব গ্রহণ করে; অথবা

(গ) কমিশন স্কীমের ইউনিট হোল্ডারদের পুঁজি বা বিনিয়োগ রক্ষার স্বার্থে উক্ত স্কীমের অবলুপ্তির নির্দেশ প্রদান করে;

(৩) উপ-বিধি (১) বা উপ-বিধি (২) অনুযায়ী কোনো স্কীমের অবলুপ্তি ঘটাইতে হইলে ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপক একই সাথে পৃথকভাবে উক্ত স্কীমের অবলুপ্তির বিবরণসহ একটি নোটিশ অবিলম্বে—

(ক) কমিশন এর নিকট প্রেরণ করিবে; এবং

(খ) কমিশন কর্তৃক অবলুপ্তির কারণ অনুমোদিত হইলে বাংলাদেশের বহুল প্রচারিত অন্তত: একটি বাংলা পত্রিকাসহ দুইটি জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশ করিবে।

৫৬। অবলুপ্তির নোটিশের ফলাফল।—বিধি ৫৫ এর উপ-বিধি (৩) এর অধীন কোনো স্কীমের অবলুপ্তির নোটিশ প্রদানের তারিখ হইতে ট্রাস্টি অথবা সম্পদ ব্যবস্থাপক—

(ক) উক্ত স্কীম সম্পর্কিত যে কোনো ব্যবসায়িক বা বিনিয়োগ কর্মকান্ড পরিচালনা হইতে বিরত থাকিবে;

(খ) স্কীমের ইউনিট সৃষ্টি ও বাতিল করা হইতে বিরত থাকিবে; এবং

(গ) স্কীমের ইউনিট ইস্যু ও পরিশোধ করা হইতে বিরত থাকিবে।

৫৭। অবলুপ্তির নিয়ম ও পদ্ধতি।—(১) কোনো স্কীমের অবলুপ্তি বিবেচনার উদ্দেশ্যে ট্রাস্টি বিধি ৫৫ এর উপ-বিধি (৩) এর অধীন প্রদত্ত নোটিশের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ইউনিট হোল্ডারগণের একটি বিশেষ সভা সশরীরে বা ইলেক্ট্রনিক বা হাইব্রিড পদ্ধতিতে আহবান করিবে এবং উক্ত সভায় উপস্থিত ভোটদানকারী ইউনিট হোল্ডারদের, গোপন ব্যালটের মাধ্যমে, তিন-চতুর্থাংশ সংখ্যাগরিষ্ঠ ভোটে (ইউনিট সংখ্যার ভিত্তিতে) স্কীমটি অবলুপ্তির ব্যবস্থা গ্রহণের জন্য ট্রাস্টিকে ক্ষমতা প্রদান করিবে;

(২) স্কীমের অবলুপ্তির সিদ্ধান্ত গ্রহণের পর উপ-বিধি (১) এর অধীন ক্ষমতাপ্রাপ্ত ট্রাস্টি, কমিশনকে এবং ইউনিট হোল্ডারদেরকে অবলুপ্তি সিদ্ধান্ত গ্রহণের ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে অবলুপ্তি কার্যক্রম সম্পর্কিত একটি রিপোর্ট প্রদান করিবে এবং ইউনিট হোল্ডারদেরকে অবহিত করার উদ্দেশ্যে বাংলাদেশে বহুলপ্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজি পত্রিকায় এবং ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপকের ওয়েবসাইটে একটি রিপোর্ট প্রকাশ করিবে, যাহাতে অবলুপ্তির কারণ, অবলুপ্তির পূর্বে স্কীমের সম্পদ বিক্রয়ের পদক্ষেপসমূহ, অবলুপ্তির জন্য অর্থ ব্যয় এবং ইউনিট হোল্ডারদের মধ্যে বণ্টনের জন্য প্রাপ্ত নীট সম্পদের উল্লেখ থাকিবে এবং উহার সহিত স্কীমের নিরীক্ষকদের প্রতিবেদন সংযুক্ত করিতে হইবে;

(৩) উপ-বিধি (১) এর অধীন ক্ষমতাপ্রাপ্ত ট্রাস্টি সংশ্লিষ্ট স্কীমের সকল সম্পদ উক্ত স্কীমের ইউনিট হোল্ডারদের সর্বোত্তম স্বার্থে হস্তান্তর করিবে এবং উহার বিনিময়ে প্রাপ্ত অর্থ সর্বপ্রথম স্কীমের অধীন প্রকৃত দায় পরিশোধে ব্যবহার করিবে, অতঃপর অবলুপ্তির সহিত সংশ্লিষ্ট যাবতীয় ব্যয় নির্বাহের পর অবশিষ্ট অর্থ ইউনিট হোল্ডারদের মধ্যে তাহাদের স্বার্থের অনুপাত (সর্বশেষ ধারণকৃত ইউনিট সংখ্যার ভিত্তিতে) অনুযায়ী বিধি ৫৮ মোতাবেক বিতরণ করিবে।

৫৮। স্কীমের অবলুপ্তি অনুমোদন ও অর্থ বিতরণ।—(১) বিধি ৫৭ এর উপ-বিধি (২) এর অধীন রিপোর্ট প্রাপ্তির পর কমিশন যদি এই মর্মে নিশ্চিত হয় যে, স্কীমটি অবলুপ্তির জন্য গৃহীত সকল পদক্ষেপ সম্পন্ন হইয়াছে তাহা হইলে কমিশন তৎসম্পর্কে রিপোর্ট প্রদানকারী ট্রাস্টিকে লিখিতভাবে অবহিত করিবে এবং উক্তরূপ অবহিতির পর স্কীমটি অবলুপ্ত হইবে;

(২) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত কমিশনের অবহিতি পত্রের তারিখ হইতে ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফারের মাধ্যমে ক্ষমতা প্রাপ্ত ট্রাস্টি ইউনিট হোল্ডারদের প্রাপ্য সমুদয় অর্থ ফেরত প্রদান করিবে, এবং এতদ্‌সংক্রান্ত একটি প্রতিবেদন পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে কমিশনের নিকট দাখিল করিবে;

(৩) যেক্ষেত্রে কোনো মিউচ্যুয়াল ফান্ড একক স্কীম লইয়া গঠিত সেক্ষেত্রে উক্ত স্কীমের জন্য উপ-বিধি (২) এর অধীন কমিশনে প্রতিবেদন দাখিলের ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট ট্রাস্ট দলিলের রেজিস্ট্রেশন বাতিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে এবং ট্রাস্ট দলিলের রেজিস্ট্রেশন বাতিলের পর ট্রাস্টি কমিশনের নিকট এই সংক্রান্ত দলিলাদিসহ একটি প্রতিবেদন দাখিল করিবে:

তবে শর্ত থাকে যে, স্কীম অবলুপ্তি ও ট্রাস্ট দলিলের রেজিস্ট্রেশন বাতিলের পরও যদি কোনো সম্পদ বা সিকিউরিটিজ বা অর্থ অবণ্টিত থাকে, তাহা হইলে উহা ক্ষমতাপ্রাপ্ত ট্রাস্টির অনুকূলে একটি বিশেষ হিসাবে সংরক্ষণ করত কমিশনের নির্দেশ মোতাবেক বিতরণ বা হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

অষ্টম অধ্যায়

বিদ্যমান মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড বা স্কীম

৫৯। নতুন মেয়াদি স্কীম ঘোষণা।—এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার পর বে-মেয়াদি স্কীম ব্যতিত নতুন কোনো মেয়াদি স্কীম ঘোষণা করা যাইবে না।

৬০। উদ্যোক্তা কর্তৃক ধারণকৃত অংশের লক-ইন।—বিদ্যমান মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের ইউনিটের ক্ষেত্রে, উদ্যোক্তা কর্তৃক ধারণকৃত অংশ, স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির তারিখ হইতে ০১ (এক) বৎসর পর্যন্ত সংরক্ষণ ও তৎপর উক্ত ধারণকৃত অংশের অন্তত ১০ (দশ) শতাংশ উদ্যোক্তা কর্তৃক ফান্ডের পূর্ণ মেয়াদ পর্যন্ত সার্বক্ষণিকভাবে সংরক্ষণ করিতে হইবে।

৬১। ইউনিট সনদ হস্তান্তর ।—বিদ্যমান মেয়াদি ফান্ডের ইউনিট হস্তান্তর প্রক্রিয়া স্টক এক্সচেঞ্জের মূল বোর্ডে তালিকাভুক্ত সিকিউরিটিজের ন্যায় সম্পন্ন হইবে।

৬২। বিদ্যমান মেয়াদি স্কীমের মেয়াদ।—(১) কোনো বিদ্যমান মেয়াদি স্কীমের মেয়াদ ট্রাস্ট দলিল এবং প্রসপ্রেক্টাসের ঘোষণা মোতাবেক নির্ধারিত হইবে:

তবে শর্ত থাকে যে, বিদ্যমান কোনো মেয়াদি স্কীমের মেয়াদ কোনোভাবেই আর বর্ধিত করা যাইবে না।

(২) এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার পরবর্তী ০৬ (ছয়) মাস, কোনো বিদ্যমান মেয়াদি স্কীমের ইউনিট প্রতি গড় ট্রেডিং মূল্য, যদি উক্ত স্কীমের ক্রয়মূল্য ও ফেয়ার ভ্যালুতে প্রকাশিত ইউনিট প্রতি নীট সম্পদের গড় মূল্যের মধ্যে যাহা বেশি হইবে, ইহার চাইতে ২৫% কম হয়, তাহা হইলে, ইউনিট হোল্ডারদের স্বার্থ রক্ষার্থে ট্রাস্টি ইউনিট হোল্ডারদের বিশেষ সভা আয়োজন করিয়া উপস্থিত ভোটদানকারী ইউনিট হোল্ডারদের, গোপন ব্যালটের মাধ্যমে, তিন-চতুর্থাংশ সংখ্যাগরিষ্ঠের (ইউনিট সংখ্যার ভিত্তিতে) ভোট, এবং কমিশনের অনুমোদন সাপেক্ষে উক্ত স্কীমকে বে-মেয়াদি স্কীম হিসেবে রূপান্তর করিতে পারিবে অথবা অবলুপ্তির সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, উক্ত ০৬ (ছয়) মাস শেষ হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে রেকর্ড ডেট ঘোষণা করিতে হইবে এবং উক্ত রেকর্ড ডেটের পরবর্তী ২১ (একুশ) দিনের নোটিশ প্রদানপূর্বক ট্রাস্টি উক্ত বিশেষ সভা আয়োজন করিবে।

৬৩। বিদ্যমান মেয়াদি স্কীমের রূপান্তর (Conversion of scheme**)** ।—বিদ্যমান মেয়াদি ফান্ড বা উহার কোনো স্কীমের বিশেষ সভায় উপস্থিত অন্যূন তিন-চতুর্থাংশ ইউনিট হোল্ডার (ইউনিট সংখ্যার ভিত্তিতে), গোপন ব্যালটের মাধ্যমে, উক্ত স্কীম অথবা স্কীমগুলো বে-মেয়াদি স্কীমে রূপান্তরের পক্ষে প্রস্তাব গ্রহণ করিলে কমিশনের অনুমোদন সাপেক্ষে এবং কমিশন কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আদেশে বর্ণিত পন্থায় বিদ্যমান মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের স্কীম অথবা স্কীমগুলো বে-মেয়াদি স্কীমে রূপান্তর করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, যে বিশেষ সভায় মেয়াদি স্কীম রূপান্তরের সিদ্ধান্ত গৃহীত হইবে সে সভায়ই উক্ত স্কীমের বিদ্যমান সকল পক্ষ বা কোনো পক্ষ বহাল বা পরিবর্তনের সিদ্ধান্তও গৃহীত হইতে হইবে।

৬৪। বিদ্যমান মেয়াদি স্কীমের অবলুপ্তি।—(১) কোনো মেয়াদি স্কীমের অবলুপ্তি হইতে পারে, যদি—

(ক) উক্ত স্কীমের নির্ধারিত মেয়াদ সমাপ্ত হয়; অথবা

(খ) কোনো বিশেষ ঘটনা বা স্কীমের অব্যবস্থাজনিত কারণে কমিশনের অনুমোদনক্রমে ট্রাস্টি যদি উক্ত স্কীমের অবলুপ্তির প্রয়োজন বোধ করে; অথবা

(গ) উক্ত স্কীমের অন্যূন শতকরা ৭৫ (পঁচাত্তর) ভাগ ইউনিট হোল্ডার (ইউনিট সংখ্যার ভিত্তিতে) স্কীমটির অবলুপ্তির পক্ষে প্রস্তাব গ্রহণ করে; অথবা

(ঘ) কমিশন স্কীমের ইউনিট হোল্ডারদের পুঁজি বা বিনিয়োগ রক্ষার স্বার্থে উক্ত স্কীমের অবলুপ্তির নির্দেশ প্রদান করে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী কোনো স্কীমের অবলুপ্তি ঘটাইতে হইলে ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপক একই সাথে পৃথকভাবে উক্ত স্কীমের অবলুপ্তির বিবরণসহ একটি নোটিশ অবিলম্বে—

(ক) কমিশন ও সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ এর নিকট প্রেরণ করিবে; এবং

(খ) কমিশন কর্তৃক অবলুপ্তির কারণ অনুমোদিত হইলে বাংলাদেশের বহুল প্রচারিত অন্তত একটি বাংলা পত্রিকাসহ দুইটি জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশ করিবে;

(৩) উপ-বিধি (১) অনুযায়ী কোনো স্কীমের অবলুপ্তি ঘটাইতে হইলে বিধি ৫৭ ও বিধি ৫৮ এর বিধান মোতাবেক সম্পন্ন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, মেয়াদ উত্তীর্ণ হওয়ার কারণে কোনো স্কীম অবলুপ্তির ক্ষেত্রে বিধি ৫৭ এর উপ-বিধি (১) এ বর্ণিত বিশেষ সভা আহ্বান করিবার প্রয়োজন হইবে না।

৬৫। বিদ্যমান মেয়াদি স্কীমের লভ্যাংশ বিতরণ ও উহার সীমা।—(১) প্রত্যেক বিদ্যমান মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড উহার প্রত্যেক স্কীমের বার্ষিক হিসাব সমাপ্ত হইবার পর উক্ত স্কীমের ইউনিট হোল্ডারদের মধ্যে এই বিধিমালার আলোকে ও ট্রাস্টির অনুমোদন সাপেক্ষে প্রসপেক্টাস (Prospectus) অথবা অফার ডকুমেন্ট (Offer Document) এ বর্ণিত লভ্যাংশ সংক্রান্ত ঘোষণা বা শর্ত মোতাবেক সম্পদ ব্যবস্থাপক নগদ লভ্যাংশ বিতরণের ঘোষণা করিবে, যাহার পরিমাণ প্রত্যেক বিদ্যমান মেয়াদি স্কীমের বার্ষিক নীট লাভের শতকরা সত্তর ভাগ (৭০%) এর কম হইবে না।

(২) উপ-বিধি (১) অনুযায়ী নগদ লভ্যাংশ ঘোষণা ও বিতরণের ক্ষেত্রে বিধি ৭৮ এর উপ-বিধি (৩) ও (৪) এর বিধান অনুসরণ করিতে হইবে।

৬৬। বিদ্যমান মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের পক্ষসমূহের দায়-দায়িত্ব।—(১) প্রত্যেক বিদ্যমান মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারী যথাক্রমে বিধি ২৪, বিধি ৩৫ ও বিধি ৪৩ অনুযায়ী নিজ নিজ দায়িত্ব পালন করিবে এবং এই বিধিমালার অন্যান্য বিধানাবলি মানিয়া চলিবার জন্য দায়বদ্ধ থাকিবে।

(২) বিদ্যমান মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড বা উহার প্রত্যেক স্কীম পরিচালনা, ব্যবস্থাপনা, সকল ধরনের ব্যাংক হিসাব সংরক্ষণ, আর্থিক হিসাব বিবরণী প্রস্তুতকরণ ও উহার নিরীক্ষা, অন্যান্য বিবরণী প্রস্তুতকরণ ও উহা যথাযথ পক্ষের নিকট পেশকরণ, পক্ষসমূহের দায়-দায়িত্ব, আচরণবিধি এবং মেয়াদি ফান্ড বা স্কীম পরিচালনার জন্য এই বিধিমালার বিধানাবলি, ক্ষেত্রমত প্রযোজ্য, হইবে।

নবম অধ্যায়

বিনিয়োগের উদ্দেশ্য, খাত ও মূল্যায়ন নীতিমালা

৬৭। বিনিয়োগের উদ্দেশ্য, ধরন ও খাত।—(১) মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের অধীন সংগৃহীত অর্থ কেবলমাত্র স্টক এক্সচেঞ্জের মূল বোর্ড এবং এসএমই প্ল্যাটফরমে তালিকাভুক্ত সিকিউরিটিজ, মূল বোর্ড এবং এসএমই প্ল্যাটফরমে তালিকাভুক্তির নিমিত্ত ইস্যুতব্য সিকিউরিটিজের প্রাথমিক গণপ্রস্তাব (IPO/QIO) বা তালিকাভুক্ত সিকিউরিটিজের পুনঃগণপ্রস্তাব (RPO/RQIO) ও রাইট অফার (Right Offer) এর উদ্দেশ্যে প্রদত্ত চাঁদা (Subscription) এবং সরকারি সিকিউরিটিজে বিনিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, স্টক এক্সচেঞ্জের কোনো বোর্ড বা প্ল্যাটফরমে তালিকাভুক্ত ডেট সিকিউরিটিজ বা শরীয়াহ ভিত্তিক সিকিউরিটিজ, যাহার ন্যূনতম ক্রেডিট রেটিং "A" এমন সিকিউরিটিতে বিনিয়োগ করা যাইবে;

(২) কমিশন কর্তৃক অনুমোদিত কোনো ফান্ডের ট্রাস্ট দলিল ও স্কীমের প্রস্পেক্টাসে উল্লিখিত সুনির্দিষ্ট বিনিয়োগের উদ্দেশ্য,খাত ও হার মোতাবেক উক্ত ফান্ড বা স্কীমের বিনিয়োগ ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো Fixed Income Scheme এর মোট সম্পদের (ক্রয়মূল্যের ভিত্তিতে) অন্তত শতকরা ৭৫ (পঁচাত্তর) ভাগ অর্থ Fixed Income Securities এ বিনিয়োগ করিতে হইবে;

(৩) কমিশন অনুমোদিত কোনো স্পেশাল পার্পাস স্কীমের ধারণাপত্রে উল্লিখিত সুনির্দিষ্ট বিনিয়োগের উদ্দেশ্য, খাত ও হার মোতাবেক উক্ত স্পেশাল পার্পাস স্কীমের বিনিয়োগ ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা করা যাইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত ফান্ডের সম্পদ বা অর্থ সরকারি সিকিউরিটিজ ব্যতীত অন্য কোনো অ-তালিকাভুক্ত সিকিউরিটিজে বিনিয়োগ করা যাইবে না;

(৪) স্টক এক্সচেঞ্জের মূলবোর্ড হইতে তালিকাচ্যুত (De-listed) বা Over the Counter (OTC) এ লেনদেনকৃত কোনো সিকিউরিটিজ, ATB প্ল্যাটফরমে লেনদেনকৃত কোনো ইক্যুইটি সিকিউরিটিজ বা কোনো অ-তালিকাভুক্ত সিকিউরিটিজে বিনিয়োগ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, বিনিয়োগ পরবর্তী সময়ে স্টক এক্সচেঞ্জের মূলবোর্ড তালিকাভুক্ত কোনো সিকিউরিটিজ তালিকাচ্যুত (De-listed) হইলে এবং OTC বা ATB প্ল্যাটফরমে লেনদেনের জন্য স্থানান্তরিত হইলে, উক্ত স্থানান্তর বা তালিকাচ্যুত (De-listed) হইবার ৬ (ছয়) মাসের মধ্যে উক্ত বিনিয়োগ প্রত্যাহার বা নগদায়ন করিতে হইবে;

(৫) বিনিয়োগ পরবর্তী সময়ে স্টক এক্সচেঞ্জের কোনো বোর্ড বা প্ল্যাটফরমে তালিকাভুক্ত ডেট সিকিউরিটিজ বা শরীয়াহ ভিত্তিক সিকিউরিটিজ এর রেটিং যদি "A" এর নিচে নামিয়া যায়, উক্ত রেটিং পরিবর্তন হইবার ৬ (ছয়) মাসের মধ্যে উক্ত বিনিয়োগ প্রত্যাহার বা নগদায়ন করিতে হইবে;

(৬) স্কীমের অর্থ বিনিয়োগের ফলে সৃষ্ট পত্রকোষের বিবরণী (Composition of Portfolio) সম্পর্কিত বিশদ প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে, কমিশন কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত ছকে, কমিশনে দাখিল করিতে হইবে;

(৭) ইতোপূর্বে নিবন্ধিত সকল বিদ্যমান মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের ক্ষেত্রে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০৬ (ছয়) মাসের মধ্যে, উপ-বিধি (১), (২), (৩), (৪), (৫) ও (৬) এর বিধান পরিপালন নিশ্চিত করিতে হইবে;

(৮) সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপককে উপ-বিধি (৭) এর বিধান পরিপালনপূর্বক, পরবর্তী ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে কমিশনকে অবহিত করিতে হইবে।

৬৮। বিনিয়োগে বাধানিষেধ।—সম্পদ ব্যবস্থাপক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট সিকিউরিটিজের যথাযথ আর্থিক অবস্থা বিশ্লেষণপূর্বক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং বিধি ৬৭ অনুসারে কোনো বিনিয়োগ ষষ্ঠ তফসিল এ বর্ণিত বাধানিষেধ সাপেক্ষে সম্পন্ন করিবে:

তবে শর্ত থাকে যে, সম্পদ ব্যবস্থাপক বিনিয়োগ বিশ্লেষণ প্রতিবেদনসমূহ সংশ্লিষ্ট বিনিয়োগ কমিটির প্রধানের স্বাক্ষরসহ সংরক্ষণ করিবে।

৬৯। কতিপয় ব্যবসায়ে বিনিয়োগ নিষেধ।—(১) মিউচ্যুয়াল ফান্ডের অর্থ কোনোভাবেই অপশন ট্রেডিং (option trading), শর্ট-সেলিং (short-selling) বা কেরী-ফরওয়ার্ড (carry forward) লেনদেনে ব্যবহার করা যাইবে না;

(২) মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের অর্থ কোনোভাবেই কোনো অ-তালিকাভুক্ত সিকিউরিটজে বিনিয়োগ করা যাইবে না;

(৩) মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের কোনো অর্থ কোনো প্রকার ঋণ বা অগ্রীম প্রদানে ব্যবহার করা যাইবে না।

৭০। বিনিয়োগ মূল্যায়ন পদ্ধতি।—(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার প্রত্যেকটি স্কীমের জন্য, নিবন্ধিত ট্রাস্ট দলিলে উল্লিখিত বা ঘোষিত না হইলে, কমিশনের পূর্বানুমোদনক্রমে, বিনিয়োগের মূল্যায়ন পদ্ধতি নির্ধারণ করিবে:

তবে শর্ত থাকে যে, মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধিত ট্রাস্ট দলিল বা প্রস্পেক্টাসে বিনিয়োগ মূল্যায়ন পদ্ধতি উল্লিখিত থাকিলে বা ঘোষিত হইলে উক্ত মূল্যায়ন পদ্ধতি এই বিধিমালার সহিত সাংঘর্ষিক না হওয়া সাপেক্ষে অনুসরণ করা যাইবে এবং উক্ত মূল্যায়ন পদ্ধতির পরিবর্তন করিতে চাহিলে ট্রাস্টির সুপারিশ সহ কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে;

(২) বিনিয়োগ মূল্যায়ন পদ্ধতি নির্ধারণে ইন্টারন্যাশনাল ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (IFRS) বা ইন্টারন্যাশনাল অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (IAS) এবং প্রযোজ্য ক্ষেত্রে কমিশন কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনাসহ এই বিধিমালায় বর্ণিত বিধান অনুসরণ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, যে পদ্ধতিতেই বিনিয়োগ মূল্যায়ন করা হইয়াছে, তাহা বার্ষিক প্রতিবেদনে উল্লেখ থাকিতে হইবে;

(৩) উপ-বিধি (১) এর বিধানকে ব্যাহত না করিয়া, স্টক এক্সচেঞ্জের মূল বোর্ড এবং এসএমই প্ল্যাটফরম হইতে তালিকাচ্যুত কোনো সিকিউরিটিজ যা ইতোপূর্বে বিনিয়োগকৃত বা তালিকাভুক্ত জেড ক্যাটাগরীর সিকিউরিটিজ বা অতি সামান্য লেনদেন হয় এইরূপ সিকিউরিটিজ (thinly traded securities) এর বিনিয়োগ মূল্যায়ন পদ্ধতির বিষয়ে কমিশন কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনা মোতাবেক মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করিতে হইবে; এবং সম্পদ ব্যবস্থাপক ও ট্রাস্টি ত্রৈমাসিক ভিত্তিতে এইরূপ সিকিউরিটিজের বিনিয়োগ মূল্য পুনঃপরীক্ষা করিবে এবং মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদনে উহার নিরীক্ষক তৎসম্পর্কে মন্তব্য করিবে।

৭১। অব্যবসাকৃত বা অতরলীকৃত বা ক্ষতিগ্রস্ত (Impaired) বিনিয়োগের মূল্যায়ন।—যে ক্ষেত্রে মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোন স্কীমের বিনিয়োগ বিধিবহির্ভূতভাবে সংঘঠিত হইয়াছে বা বিনিয়োগ তরলীকরণের যোগ্য নয় বা বিনিয়োগকৃত সম্পদের ক্ষতি (Impaired) হইয়াছে বা এমন কোন বিনিয়োগ যেখান থেকে কোনো আয় বা লাভ অর্জিত হয় না বা কমিশনের বিবেচনায় এইরূপ কোনো বিনিয়োগ যাহা সংশ্লিষ্ট স্কীমের বিনিয়োগকৃত সম্পদের মধ্যে গণনায় আনয়নযোগ্য নহে এইরূপ কোনো বিনিয়োগের মূল্যায়ন পদ্ধতি কমিশন কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা মোতাবেক নির্ধারিত হইবে:

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ফান্ড বা উহার স্কীমের নীট সম্পদ (NAV) নির্ধারণে উক্ত বিনিয়োগকৃত সম্পদের অবলোপন সাধন (write off) কমিশন কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা মোতাবেক সম্পন্ন করিতে হইবেঃ

আরো শর্ত থাকে যে, ট্রাস্টি উক্ত সম্পদের একটি নিরপেক্ষ ও স্বাধীন মূল্যায়ন করিবে যাহাতে উহার প্রকৃত আদায়যোগ্য মূল্য প্রতিফলিত হয়; উক্ত মূল্যায়নের পদ্ধতি ট্রাস্টি কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদনে তৎসম্পর্কে উহার নিরীক্ষক কর্তৃক মন্তব্য করিতে হইবে।

৭২। শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য নির্ণয় পদ্ধতি।—(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার প্রত্যেকটি স্কীমের ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য (পৃথকভাবে ক্রয় মূল্য ও ফেয়ার ভ্যালুর ভিত্তিতে) নিম্নবর্ণিত পদ্ধতিতে নির্ণয় করিবে, যথা:—

মোট নীট সম্পদ মূল্য (NAV)= ফান্ড বা স্কীমের মোট সম্পদের পরিমান—ফান্ড বা স্কীমের মোট দায়ের পরিমান

$$\text{ইউনিট প্রতি নীট সম্পদের মূল্য} = \frac{\textit{মোট নীট সম্পদ মূল্য (NAV)}}{\textit{মোট অপরিশোধিত (un-redeemed) ইউনিটের সংখ্যা}}$$

(ক) মোট সম্পদের পরিমাণ বলিতে নিম্নবর্ণিত সম্পদকে বুঝাইবে—

হেফাজতে রক্ষিত সকল সিকিউরিটিজের মূল্য, হাতে নগদ টাকা ও ব্যাংক হিসাবে রক্ষিত টাকা, পাওনাযোগ্য সিকিউরিটিজের মূল্য, পাওনাযোগ্য বিনিয়োগের বিক্রয় মূল্য, আয়কর বাদে আদায়যোগ্য লভ্যাংশ, আয়কর বাদে আদায়যোগ্য সুদ বা মুনাফা, অবসায়ন খরচ বাদে প্রাথমিক ইস্যু খরচ, কোনো অনুমোদিত খাতে প্রদত্ত অগ্রীম ইত্যাদি যেকোনো সম্পদ।

(খ) মোট দায়ের পরিমাণ বলিতে নিম্নবর্ণিত দায়কে বুঝাইবে—

প্রদেয়যোগ্য সকল সিকিউরিটিজের মূল্য, প্রদেয়যোগ্য বিনিয়োগের ক্রয় মূল্য, ব্রোকারেজ ও হেফাজতকারীর চার্জ বা ফি, ফান্ড সংশ্লিষ্ট পক্ষের প্রদেয় ফি, সকল ধরনের মুদ্রণ, পাবলিকেশন ও ষ্টেশনারী খরচ, বকেয়া বিলম্বিত খরচ (ট্রাস্টি ফি, বার্ষিক ফি, অডিট ফি ইত্যাদি ব্যবস্থাপনা সংক্রান্ত ফি), ইত্যাদি যেকোনো প্রকার দায়।

(২) সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ডের প্রত্যেক স্কীমের দৈনিক ভিত্তিতে নীট সম্পদ মূল্য (ক্রয়মূল্য ও ফেয়ার ভ্যালুর ভিত্তিতে) নির্ণয় করিবে এবং এই বিধিমালা ও কমিশন কর্তৃক নির্দেশিত পন্থায় প্রকাশ করিবে।

(৩) প্রত্যেকটি স্কীমের নির্ণয়কৃত ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য (ক্রয় মূল্য ও ফেয়ার ভ্যালুর ভিত্তিতে) প্রত্যেক ট্রেডিং দিবসে সিকিউরিটিজ লেনদেন শুরু হইবার পূর্বে কমিশন ও সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জকে (প্রযোজ্য ক্ষেত্রে) ই-মেইলের মাধ্যমে জানাইতে হইবে এবং একই সাথে সম্পদ ব্যবস্থাপকের কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব-সাইটে (Web-site) উহা প্রকাশ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের ইউনিট হস্তান্তরের নিমিত্ত কোনো স্টক এক্সচেঞ্জ বা কমিশন কর্তৃক স্বীকৃত সংস্থার প্লাটফরমে লেনদেনের জন্য নির্দিষ্ট করা হইলে তাহা স্টক এক্সচেঞ্জ বা কমিশন কর্তৃক স্বীকৃত সংস্থার প্লাটফরমের নির্দিষ্ট আইকনে উক্ত ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য আপলোড করিতে হইবে:

আরো শর্ত থাকে যে, যদি কোনো স্কীমের ইউনিট কোন স্টক এক্সচেঞ্জ বা কমিশন কর্তৃক স্বীকৃত সংস্থার প্লাটফরমে লেনদেনের জন্য নির্দিষ্ট না করা হয়, তাহা হইলে উক্ত ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপকের কোম্পানির ওয়েবসাইটে দৈনিক ভিত্তিতে প্রকাশ করিবে এবং সংশ্লিষ্ট স্কীমের বিক্রয় প্রতিনিধিদের নিকট বিজ্ঞপ্তি আকারে দৈনিক ভিত্তিতে সরবরাহ করিবেঃ

আরো শর্ত থাকে যে, যখন বে-মেয়াদি স্কীমের ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য, বিক্রয়মূল্য, পুনঃক্রয়মূল্য প্রকাশের ইলেক্ট্রনিক পদ্ধতি অথবা সিস্টেম কমিশন নির্ধারণ করিয়া দিবে তখন সংশ্লিষ্ট স্কীমের সম্পদ ব্যবস্থাপক উহা অনুসরণ করিবে এবং তখন দৈনিক ভিত্তিতে স্কীমের ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য কমিশনকে অবহিত করিতে হইবে না।

৭৩। বে-মেয়াদি স্কীমের ইউনিটের মূল্য নিরূপণ।—(১) সম্পদ ব্যবস্থাপক প্রতি ট্রেডিং দিবসের শুরুতে প্রত্যেক স্কীমের ইউনিটের বিক্রয় মূল্য এবং একই সাথে উক্ত ইউনিটের পুনঃক্রয় মূল্য নিরূপণ করিবে;

(২) সম্পদ ব্যবস্থাপক বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের প্রত্যেক স্কীমের ইউনিট প্রতি বিক্রয় মূল্য ও পুনঃক্রয় মূল্য উহার প্রত্যেকটি বিক্রয় কেন্দ্রে, বিক্রয় প্রতিনিধির নিকটে এবং সম্পদ ব্যবস্থাপকের ওয়েব-সাইটে (web-site) ও একই সাথে কমিশন কর্তৃক নির্ধারিত কোন ইলেক্ট্রনিক সিস্টেম বা প্লাটফরমে উহা প্রকাশ করিবে যাহাতে সংশ্লিষ্ট সকল বিনিয়োগকারী উহা জানিতে পারে;

(৩) বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের কোনো স্কীমের ইউনিট প্রতি বিক্রয় মূল্য ও পুনঃক্রয় মূল্য নির্ধারণকালে সম্পদ ব্যবস্থাপক ইহা নিশ্চিত করিবে যেন বিক্রয়মূল্য ও পুনঃক্রয় মূল্যের মধ্যকার ব্যবধান বিক্রয় মূল্যের শতকরা ০৩ (তিন) ভাগের বেশি না হয় এবং ইউনিট প্রতি বিক্রয় মূল্য নির্ধারণের ক্ষেত্রে ফেয়ার ভ্যালুর ভিত্তিতে মূল্যায়িত স্কীমের সর্বশেষ ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য বিবেচনা করিতে হইবে;

তবে শর্ত থাকে যে, কোনো স্কীমের ইউনিট প্রতি বিক্রয় মূল্য ও নীট সম্পদ মূল্যের ব্যবধান ফেয়ার ভ্যালুতে নির্ণীত ইউনিট প্রতি নীট সম্পদ মূল্যের শতকরা ০২ (দুই) ভাগের বেশি হইবে না।

(৪) বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের কোনো স্কীমের পুনঃক্রয়মূল্য নির্ণয়ের পদ্ধতি এবং পরিশোধের সময় সংক্রান্ত নীতিমালা সংশ্লিষ্ট ট্রাস্টির অনুমোদন সাপেক্ষে সম্পদ ব্যবস্থাপক উহার নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করিবে:

তবে শর্ত থাকে যে, পুনঃক্রয়ের অর্থ ইউনিট হোল্ডারকে ফেরত প্রদানের সময় ০৩ (তিন) ট্রেডিং দিবসের বেশি হইবে নাঃ

আরো শর্ত থাকে যে, কোনো বে-মেয়াদি স্কীমের ইউনিট সমর্পণের অনুরোধ (Surrender Request)/আবেদন প্রাপ্তির ক্রমানুসারে উহা নিষ্পত্তি করিতে হইবেঃ

আরো শর্ত থাকে যে, ইউনিট হোল্ডার যে দিন তাহার ইউনিট সমর্পণের অনুরোধ (Surrender Request)/আবেদন করিবে সে দিনের সমর্পণ মূল্যই তিনি প্রাপ্য হইবেন;

(৫) ইতোপূর্বে নিবন্ধিত সকল বিদ্যমান বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের ক্ষেত্রে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার পর, উপ-বিধি (১), (২), (৩) ও (৪) এর বিধান অনতিবিলম্বে পরিপালন নিশ্চিত করিতে হইবে।

দশম অধ্যায়

মিউচ্যুয়াল ফান্ডের সাধারণ দায়িত্বসমূহ

৭৪। যথাযথ হিসাব বহি ও অন্যান্য দলিলপত্র রক্ষণাবেক্ষণ।—(১) উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার প্রত্যেকটি স্কীমের যথাযথ হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র Securities and Exchange Rules, 2020 ও প্রযোজ্য আইন ও IFRS/IAS মোতাবেক সংরক্ষণ করিবেঃ

তবে শর্ত থাকে যে, এই বিধির অধীন সংরক্ষণ করা হয় এমন যাবতীয় হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র ফান্ডের সূচনালগ্ন থেকে অন্ততঃ ১২ (বারো) বছর পর্যন্ত সংরক্ষণ করিতে হইবেঃ

আরও শর্ত থাকে যে, ফান্ড বা উহার কোনো স্কীম অবলুপ্তির পরেও সংশিষ্ট পক্ষসমূহ স্ব স্ব অবলুপ্তি সংক্রান্ত যাবতীয় বহি ও দলিলাদি অবলুপ্তির পর অন্ততঃ ০৫ (পাঁচ) বছরের জন্য সংরক্ষণ করিবে:

আরও শর্ত থাকে যে, হিসাব বহি এইরূপভাবে সংরক্ষণ করিতে হইবে যেন উহা হইতে যে কোনো সময় মিউচ্যুয়াল ফান্ডের লেনদেন ও আর্থিক অবস্থান সম্পর্কে জানিতে পারা যায়, বিশেষ করিয়া উক্ত ফান্ডের কার্যক্রম সম্পর্কে প্রকৃত ও সঠিক চিত্র যেন পাওয়া যায়ঃ

আরও শর্ত থাকে যে, যে পক্ষের নিকট ফান্ড বা উহার স্কীমের হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র সংরক্ষিত থাকিবে সংশ্লিষ্ট পক্ষ তাহা কমিশনকে অবহিত করিবে;

(২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের হিসাবরক্ষণের এইরূপ নীতিমালা ও মান অনুসরণ করিবে যাহাতে নির্দিষ্ট মেয়াদান্তে স্কীমওয়ারী সম্পদ ও দায়ের বিস্তারিত ও যথাযথ বিবরণী এবং উক্ত মেয়াদের কর্মকান্ডসহ ইউনিট মালিকদের অনুকূলে জমাকৃত আয় ও ব্যয় সংক্রান্ত তথ্যাবলী সঠিক ও যথাযথভাবে জানা যায়;

(৩) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের হিসাবরক্ষণের এইরূপ নীতিমালা ও মান অনুসরণ করিবে যাহাতে আন্তর্জাতিক হিসাব মান, এই বিধিমালায় প্রদত্ত বিধান ও কমিশন কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনা প্রতিফলিত হয়;

(৪) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের আর্থিক হিসাব বিবরণী (ত্রৈমাসিক ও বার্ষিক) সম্পদ ব্যবস্থাপক প্রস্তুত করিবে এবং ট্রাস্টির অনুমোদনক্রমে, প্রযোজ্য ক্ষেত্রে, নিরীক্ষকের প্রতিবেদনসহ এই বিধিমালা অনুযায়ী উহা প্রকাশ করিবে।

৭৫। হিসাব বছর।—প্রত্যেক স্কীমের সূচনার তারিখ হইতে চলতি অর্থ বছরের শেষ তারিখ পর্যন্ত প্রথম হিসাব বছর এবং পরবর্তী অর্থ বছর পূর্ণ হিসাব বছর হিসাবে গণনা করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, প্রথম হিসাব বছরের সময় তিন মাসের কম হইলে সেই ক্ষেত্রে উক্ত সময় পরবর্তী পূর্ণ অর্থ বছরের সাথে যুক্ত করিয়া স্কীমের প্রথম হিসাব বছর গণনা করা হইবে।

৭৬। আয়ের শ্রেণীবিন্যাস।—মিউচ্যুয়াল ফান্ড উহার প্রত্যেক স্কীমের হিসাবে মূলধনী লাভ এবং অন্যান্য আয় পৃথক পৃথক ভাবে দেখাইবে এবং আন্তর্জাতিক হিসাবমানসহ ট্রাস্ট দলিলে উল্লিখিত নির্দেশনাও অনুসরণ করিবে।

৭৭। ব্যয়ের সীমাবদ্ধতা।—(১) মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্ট দলিল ও প্রত্যেক স্কীমের প্রসপেক্টাসে প্রযোজ্য সকল ব্যয়ের (allowable expenses) খাতওয়ারীভাবে বর্ণনা থাকিতে হইবে।

(২) নিম্নবর্ণিত সীমা সাপেক্ষে সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের নিকট বিনিয়োগ ব্যবস্থাপনা ও উপদেষ্টা ফি, যাহা প্রসপেক্টাসে উল্লেখ করা হইয়াছে, এবং উহার ব্যবস্থাপনাধীন বিভিন্ন মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের অধীনে ফেয়ার ভ্যালুতে নির্ণীত গড়পড়তা দৈনিক নীট সম্পদের মোট পরিমাণের উপর নিম্নবর্ণিত নীট সম্পদের সীমা অনুযায়ী নিম্নবর্ণিত হারে উক্ত ব্যবস্থাপনা ও উপদেষ্টা ফি দাবি করিতে পারিবে, যথা:—

নীট সম্পদের সীমা	হার
শূন্য হতে পাঁচ কোটি পর্যন্ত	২.০%
পাঁচ কোটির উর্ধ্ব হতে পঁচিশ কোটি পর্যন্ত	১.৫%
পঁচিশ কোটির উর্ধ্ব হতে পঞ্চাশ কোটি পর্যন্ত	১.২৫%
পঞ্চাশ কোটির উর্ধ্ব হতে দুইশত কোটি পর্যন্ত	১.০%
দুইশত কোটির উর্ধ্ব যে কোনো পরিমাণ	০.৭৫%

তবে শর্ত থাকে যে, স্পেশাল পার্পাস ফান্ড বা স্কীমের ব্যবস্থাপনা ও উপদেষ্টা ফি এর ক্ষেত্রে ফেয়ার ভ্যালুতে নির্ণীত গড়পড়তা দৈনিক নীট সম্পদের মোট পরিমাণের উপর সর্বোচ্চ শতকরা ১.১৫ (এক দশমিক এক পাঁচ) ভাগ পর্যন্ত দাবী করা যাইবে;

(৩) সম্পদ ব্যবস্থাপক প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্ট দলিল নিবন্ধনের তারিখ হইতে স্কীম গঠন পর্যন্ত সময়ের (Pre-scheme formation period) জন্য ঘোষিত স্কীম আকারের সর্বোচ্চ শতকরা ০.৫ (দশমিক পাঁচ) ভাগ হারে ব্যবস্থাপনা ও উপদেষ্টা ফি দাবি করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, যদি স্কীম গঠন না হয় বা স্কীম গঠনে ব্যর্থ হয় তাহা হইলে উক্ত ফি দাবি করা যাইবে না;

(৪) উপ-বিধি (২) ও (৩) এ উল্লিখিত ফি ব্যতীত, সম্পদ ব্যবস্থাপক নিম্নবর্ণিত ব্যয়সমূহও মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম হইতে আদায় করিতে পারিবে, যথা:—

(ক) মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের সূচনাকালে ব্যয়িত প্রাথমিক ইস্যু খরচের অবসায়ন (amortization) যাহা বে-মেয়াদি স্কীমের ক্ষেত্রে ০৭ (সাত) বছর সময়ের মধ্যে করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, প্রাথমিক ইস্যু খরচ কোনো ফান্ড বা স্কীমের সংগৃহীত তহবিলের শতকরা ০২ (দুই) ভাগের বেশি হইবে না, যাহার প্রাক্কলিত খাতওয়ারী বিভাজন প্রসপেক্টাসে উল্লেখ করিতে হইবে;

(খ) নিম্ন বর্ণিত নিয়মিত ব্যয়সমূহ, যথা:—

(অ) ট্রাস্টি ও হেফাজতকারীর প্রত্যেককে উপ-বিধি (২) এ বর্ণিত ফেয়ার ভ্যালুতে নির্ণীত গড়পড়তা দৈনিক নীট সম্পদের মোট পরিমাণের উপর সর্বোচ্চ শতকরা ০.৫০ (দশমিক পাঁচ শূণ্য) ভাগ হারে প্রদত্ত ফি;

(আ) বার্ষিক ফি, ডিপোজিটরি ফি, নিরীক্ষা ফি, ব্যাংক চার্জ, ব্রোকারেজ কমিশন (সর্বোচ্চ ০.৩০% হারে), বিপণন ও বিক্রয় ব্যয় (চুক্তি মোতাবেক বিক্রয় প্রতিনিধির কমিশনসহ);

(ই) লিস্টিং ফি (প্রযোজ্য ক্ষেত্রে) ও ফান্ড বা স্কীম বা ইউনিট সংক্রান্ত অন্যান্য খরচ;

(৫) উপ-বিধি (২), (৩) ও (৪)-এ উল্লিখিত ফি ব্যতীত সম্পদ ব্যবস্থাপক যদি তাহার অধীন পরিচালিত কোনো ফান্ড বা স্কীম হইতে বিধি ৭৯ অনুযায়ী কোনো প্রকার প্রভিশন ঘাটতি না রাখিয়া ১০ বছর মেয়াদি ট্রেজারি বন্ডের হার বা ১০% বা নিম্নবর্ণিত পদ্ধতিতে নির্ণীত রিটার্নের হার, যাহা বেশি হইবে, এর অধিক নগদ লভ্যাংশ ঘোষণা করিতে পারে তাহা হইলে উক্ত বৎসরে সংশ্লিষ্ট ফান্ড বা উহার স্কীম হইতে পারফরমেন্স ফি আদায় করিতে পারিবে যাহা উক্ত সীমার অতিরিক্ত ঘোষিত লভ্যাংশের (ঘোষিত লভ্যাশ ও উক্ত উর্ধ্ব সীমার মধ্যে ব্যবধানের) উপর শতকরা ২০ (বিশ) ভাগ হারে প্রাপ্য হইবে:

স্কীমের রিটার্নের শতকরা হার= নীট সম্পদ মূল্য বর্ধনের শতকরা হার (NAV Growth Rate%)* + $\frac{\textit{সংশ্লিষ্ট বছরে ঘোষিত নগদ লভ্যাংশের পরিমাণ}}{\textit{পূর্ববর্তী বছরের সর্বশেষ নীট সম্পদ মূল্য}}$ * ১০০

*লভ্যাংশ ঘোষণার সংশ্লিষ্ট বছর এবং উহার পূর্ববর্তী বছরের সর্বশেষ নীট সম্পদ মূল্যের বর্ধন;

(৬) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের প্রাথমিক ইস্যু ব্যয় ব্যতিত উপ-বিধি (২), (৩), (৪) ও (৫) এ নির্ধারিত বার্ষিক মোট নিয়মিত ব্যয়সমূহ হিসাব বর্ষের ফেয়ার ভ্যালুতে নির্ণীত গড়পড়তা দৈনিক নীট সম্পদের মোট পরিমাণের উপর শতকরা ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) ভাগের বেশি হইবে না;

(৭) ট্রাস্টি কর্তৃক কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীম সংশ্লিষ্ট পক্ষের বিরুদ্ধে কোনো আইনি পদক্ষেপ বা বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য কোনো আইনি পদক্ষেপ গ্রহণ করা হইলে উক্ত আইনি ব্যয় কমিশনের অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট ফান্ড তথা স্কীম হইতে ট্রাস্টি আদায় করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, ট্রাস্টি ব্যতিত কোনো ফান্ড বা উহার স্কীমের অন্য কোনো পক্ষ উক্ত ফান্ড বা স্কীমের উপর কোনো আইনী ব্যয় দাবী করিতে পারিবে নাঃ

আরো শর্ত থাকে যে, কোনো ফান্ড বা উহার কোনো স্কীম সংশ্লিষ্ট কোনো পক্ষের বিরুদ্ধে মামলা জনিত ব্যয়, যদি উক্ত ফান্ড বা উহার স্কীমের পক্ষে মামলার রায় ঘোষিত হয়, তাহা হইলে বিরুদ্ধ পক্ষের নিকট হইতে উক্ত ব্যয় আদায় করা যাইবেঃ

আরো শর্ত থাকে যে, ট্রাস্টির বিরুদ্ধে মামলা ফান্ড বা স্কীমের উদ্যোক্তা কর্তৃক পরিচালিত হইবে যাহার আইনি ব্যয় সংশ্লিষ্ট ফান্ড বা স্কীম হইতে আদায় করা যাইবে।

(৮) ইতোপূর্বে নিবন্ধিত বিদ্যমান সকল মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারীকে, বিধি ৪৩ এর উপ-বিধি (১০) পরিপালন সাপেক্ষে, এই বিধির উপ-বিধি (২), উপ-বিধি (৪) এর দফা (খ), উপ-বিধি (৫) এর বিধান অনুযায়ী ফি পুনঃনির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত ফান্ড বা উহার স্কীমের নিবন্ধিত ট্রাস্ট দলিলের সংশ্লিষ্ট ধারা, বিধি অনুযায়ী সংশোধন সাপেক্ষে, উক্ত ফি আদায়যোগ্য হইবে।

৭৮। লভ্যাংশ বিতরণ ও উহার সীমা।—(১) মিউচ্যুয়াল ফান্ড উহার প্রত্যেক স্কীমের বার্ষিক হিসাব সমাপ্ত হইবার পর উক্ত স্কীমের ইউনিট হোল্ডারদের মধ্যে এই বিধিমালার আলোকে ও ট্রাস্টির অনুমোদন সাপেক্ষে প্রসপেক্টাস (Prospectus) অথবা অফার ডকুমেন্ট (Offer Document) এ বর্ণিত লভ্যাংশ সংক্রান্ত ঘোষণা মোতাবেক সম্পদ ব্যবস্থাপক নগদ লভ্যাংশ বিতরণের ঘোষণা করিবে, যাহার পরিমাণ প্রত্যেক বে-মেয়াদি Fixed Income Scheme এর বার্ষিক নীট লাভের শতকরা ৭০% (সত্তর ভাগ), বর্ধিষ্ণু বিনিয়োগ স্কীমের ক্ষেত্রে বার্ষিক নীট লাভের শতকরা ৩০% (ত্রিশ ভাগ) এবং অন্য সকল বে-মেয়াদি স্কীমের বার্ষিক নীট লাভের শতকরা ৫০% (পঞ্চাশ ভাগ) এর কম হইবে না;

(২) কোন মিউচুয়াল ফান্ড বা উহার কোন স্কীমের জন্য বিধি ৭৯ এর উপ-বিধি (৩) মোতাবেক রক্ষিত লভ্যাংশ সমতাকরণ তহবিল হইতে ট্রাস্টির অনুমোদন সাপেক্ষে নগদ লভ্যাংশ ঘোষণা করা যাইবে;

(৩) মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি বোর্ডের যে সভায় সংশ্লিষ্ট ফান্ড বা স্কীমের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী গৃহীত/অনুমোদিত হইবে সে সভায়ই সংশ্লিষ্ট বছরের জন্য লভ্যাংশ প্রদান ও রেকর্ড ডেট সংক্রান্ত সুনির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহণ এবং ঘোষণা প্রদান করিতে হইবে, যাহা পরিবর্তন করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, মূল্য সংবেদনশীল তথ্য সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ ও প্রকাশের ক্ষেত্রে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ২০২২ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে;

(৪) ঘোষিত নগদ লভ্যাংশ ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদনের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, ইউনিটহোল্ডারদের নিকট হইতে সংগৃহীত পছন্দ (option) এর ভিত্তিতে, ইউনিটহোল্ডারদের ব্যাংক, এমএফএস বা ডিজিটাল ব্যাংক হিসাবে লভ্যাংশ জমাকরণের উদ্দেশ্যে সংশ্লিষ্ট ব্যাংক, এমএফএস, ডিজিটাল ব্যাংকের নিকট অর্থ প্রেরণের মাধ্যমে অথবা ইউনিটহোল্ডার কর্তৃক প্রদত্ত নাম ও ঠিকানায় চেক (cheque) বা লভ্যাংশ ওয়ারেন্ট (dividend warrant) প্রেরণের মাধ্যমে ঘোষিত লভ্যাংশ বিতরণ করিতে হইবে এবং পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে লভ্যাংশ বিতরণ পরিপালন সংক্রান্ত প্রতিবেদন কমিশন, ট্রাস্টি ও হেফাজতকারীর নিকট দাখিল করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, লভ্যাংশ বিতরণের ক্ষেত্রে ইউনিটহোল্ডারের ব্যাংক, এমএফএস, ডিজিটাল ব্যাংক কোনো প্রকার সার্ভিস চার্জ ইত্যাদি আরোপ করিলে তাহা ইউনিটহোল্ডার বহন করিবেঃ

আরও শর্ত থাকে যে, ইউনিটহোল্ডারদের লভ্যাংশ প্রেরণের সময়ে একইসাথে ইউনিটহোল্ডার বরাবরে এই মর্মে একটি অবহিতকরণ পত্র (letter of intimation) ইস্যু করিতে হইবে যাহাতে, অন্যান্যের মধ্যে, উৎসে কর কর্তন (যদি থাকে), নগদ লভ্যাংশ প্রেরণের তারিখ, পরিমাণ এবং সংশ্লিষ্ট ব্যাংক, এমএফএস, ডিজিটাল ব্যাংকের নাম ইত্যাদি বিষয়ে বিস্তারিত উল্লেখ থাকিবে।

৭৯। অবচয়, সঞ্চিতি, ইত্যাদি।—(১) লভ্যাংশ ঘোষণার পূর্বে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের, বিনিয়োগকৃত সম্পদের ফেয়ার ভ্যালু উহার ক্রয় মূল্য অপেক্ষা কম হওয়ার কারণে উদ্ভূত ক্ষতির জন্য ইন্টারন্যাশনাল ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (IFRS)/ ইন্টারন্যাশনাল অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (IAS) এবং কমিশন কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা অনুযায়ী সম্পদ ব্যবস্থাপক উক্ত ফান্ড বা স্কীমের আর্থিক হিসাব বিবরণীতে প্রয়োজনীয় সঞ্চিতির (provisioning) ব্যবস্থা রাখিবে, এবং উক্ত সঞ্চিতি নির্ণয়ের পদ্ধতি আর্থিক হিসাবের টীকায় উল্লেখ করিবে;

(২) মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের বার্ষিক নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীতে সঞ্চিতি সংরক্ষণের ব্যাপারে কোনো ঘাটতি বা পুঞ্জীভূত ঘাটতি থাকিলে এবং উক্ত ঘাটতি পূরণে গৃহীত বা গৃহীতব্য ব্যবস্থার বিষয়ে নিরীক্ষক উহার নিরীক্ষা প্রতিবেদনে সুস্পষ্ট মতামত প্রদান করিবে;

(৩) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার প্রত্যেক স্কীমের আয় হইতে যথাযথ উপযোজনের মাধ্যমে একটি লভ্যাংশ সমতাকরণ তহবিল সৃষ্টি করিবে, যাহা বার্ষিক নীট লাভের ৫% (শতকরা পাঁচ) ভাগের কম হইবে না।

৮০। নিরীক্ষকের প্রতিবেদন।—(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের আর্থিক হিসাব বিবরণী নিরীক্ষার জন্য কমিশনের প্যানেলভুক্ত নিরীক্ষা ফার্ম হইতে নিরীক্ষক নিয়োগ করিতে হইবে, যাহারা ট্রাস্টি, হেফাজতকারী ও সম্পদ ব্যবস্থাপকের নিরীক্ষক নহেন;

(২) নিরীক্ষক ট্রাস্টি কর্তৃক নিযুক্ত হইবেন;

(৩) নিরীক্ষক সংশ্লিষ্ট আইন ও বিধিমালা মোতাবেক নিরীক্ষা কার্য সম্পন্ন পূর্বক ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক, হেফাজতকারী ও কমিশনের নিকট তাহার প্রতিবেদন পেশ করিবেন এবং এই প্রতিবেদন মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের বার্ষিক আর্থিক হিসাব বিবরণীর অংশরূপে পরিগণিত হইবে; উক্ত আর্থিক হিসাব বিবরণীতে সম্পদ ব্যবস্থাপক, হেফাজতকারী এবং ট্রাস্টির প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর থাকিতে হইবে;

(৪) নিরীক্ষকের প্রতিবেদনে, অন্যান্যের মধ্যে, এই মর্মে সুস্পষ্ট মতামত থাকিতে হইবে যে, নিরীক্ষক তাহার সর্বোত্তম জ্ঞান ও বিশ্বাসমতে হিসাব নিরীক্ষণের জন্য প্রয়োজনীয় সকল তথ্য ও ব্যাখ্যা পাইয়াছেন কিনা; এবং আর্থিক অবস্থার বিবরণী, লাভ বা ক্ষতি এবং অন্যান্য বিশদ আয় বিবরণী, ইক্যুইটি বা মালিকানাস্বত্ব পরিবর্তন বিবরণী ও নগদ প্রবাহ বিবরণী যথাক্রমে ফান্ড বা স্কীমের সত্য ও ন্যায্য আর্থিক অবস্থা, হিসাবকালীন সময়ের ঘাটতি অথবা উদ্বৃত্ত ও নগদ অর্থ প্রবাহ প্রদর্শন করে কিনা, এবং এই বিধিমালার বিধি ৬৮ এর ষষ্ঠ তফসিলে বর্ণিত বিনিয়োগের বাধা নিষেধ পরিপালন করতঃ স্কীমের অর্থ বিনিয়োগ করা হইয়াছে কিনা; এই বিধিমালার বিধি ৭৯ অনুযায়ী সঞ্চিতি রাখা হইয়াছে কিনা, বিধি ৭৭ এর উপ-বিধি (৬) অনুযায়ী বার্ষিক মোট ব্যয় নির্দিষ্ট সীমার মধ্যে ছিল কিনা এবং বিধি মোতাবেক সিকিউরিটিজ হিসাব, মেয়াদি আমানতসহ সকল ধরনের ব্যাংক হিসাব, স্বার্থসংশ্লিষ্ট পক্ষের সহিত লেনদেন যথাযথভাবে (arm's length basis) হওয়া এবং উহা পরিপূর্ণভাবে (full disclosure) হিসাব বিবরণীতে প্রকাশিত হইয়াছে কিনা;

(৫) ইউনিট হোল্ডারদের স্বার্থ রক্ষার্থে কমিশন মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীমের হিসাব বিবরণী বিশেষ নিরীক্ষার জন্য নিরীক্ষক নিয়োগ করিতে পারিবে বা বিশেষ নিরীক্ষক নিয়োগের জন্য ট্রাস্টিকে নির্দেশনা প্রদান করিতে পারিবে এবং উক্ত বিশেষ নিরীক্ষা ফি সংশ্লিষ্ট ফান্ড বা স্কীম হইতে বহন করিবার জন্যও ট্রাস্টিকে নির্দেশ দিতে পারিবে।

৮১। বার্ষিক প্রতিবেদন ও উহার সার সংক্ষেপ প্রকাশনা।—সংশ্লিষ্ট হিসাব বছর সমাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের স্কীমওয়ারী বার্ষিক প্রতিবেদন অথবা উহার সার-সংক্ষেপ বিজ্ঞাপন আকারে প্রকাশ করিতে হইবে, তবে বিশেষ ক্ষেত্রে কমিশন, সংশিষ্ট ফান্ড বা স্কীমের ট্রাস্টি এবং সম্পদ ব্যবস্থাপকের আবেদনের প্রেক্ষিতে উক্ত সময়সীমা বৃদ্ধি করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, সপ্তম তফসিল এ বর্ণিত সকল বিষয়ে তথ্যাদির পাশাপাশি সেই সকল তথ্যও বার্ষিক প্রতিবেদন অথবা উহার সার সংক্ষেপে থাকিতে হইবে যাহা মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম সম্পর্কে সঠিক ও যথাযথ চিত্র তুলিয়া ধরে:

আরও শর্ত থাকে যে, যখন কোনো প্রতিবেদন সংক্ষিপ্ত আকারে প্রকাশিত হইবে তখন উহার টীকায় উল্লেখ করিতে হইবে যে, মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধিত কার্যালয় বা ট্রাস্টির কার্যালয়ে পূর্ণাঙ্গ প্রতিবেদন দেখার জন্য পাওয়া যাইবে এবং উক্ত ফান্ড বা স্কীমের সম্পদ ব্যবস্থাপকের ওয়েবসাইটেও উহা পাওয়া যাইবে।

৮২। কমিশনের নিকট তথ্য প্রকাশ।—(১) কমিশন নির্দেশ দিলে, কোনো মিউচ্যুয়াল ফান্ড, উহার উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারী কমিশনের নিকট প্রয়োজনীয় তথ্যাদি প্রকাশ এবং দলিলপত্র পেশ করিবে।

(২) উপ-বিধি (১) এর বিধান ক্ষুণ্ন না করিয়া, মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম কমিশনের নিকট, অন্যান্যের মধ্যে, নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ পেশ করিবে, যথা:—

(ক) বর্ষ সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে নিরীক্ষিত হিসাব বিবরণীর কপি, যাহা ইন্টারন্যাশনাল ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (IFRS)/ ইন্টারন্যাশনাল অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (IAS) এবং কমিশন কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রস্তুত করিতে হইবে এবং উহাতে আর্থিক অবস্থার বিবরণী (Statement of Financial Position), লাভ বা ক্ষতি এবং অন্যান্য বিশদ আয় বিবরণী (Statement of Profit or Loss and Other Comprehensive Income), নগদ প্রবাহ বিবরণী (Statement of Cash Flows), ইক্যুইটি বা মালিকানাস্বত্ব পরিবর্তন বিবরণী (Statement of Changes in Equity) এবং আর্থিক বিবরণীর টীকাসমূহ (Notes to the Financial Statements) ও হিসাবায়নের নীতিমালা (Accounting Policies) ইত্যাদি অন্তর্ভুক্ত থাকিবে;

(খ) প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অনিরীক্ষিত ত্রৈমাসিক হিসাব বিবরণীর কপি, যাহা ইন্টারন্যাশনাল ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (IFRS)/ ইন্টারন্যাশনাল অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (IAS) এবং কমিশন কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রস্তুত করিতে হইবে এবং উহাতে আর্থিক অবস্থার বিবরণী (Statement of Financial Position), লাভ বা ক্ষতি এবং অন্যান্য বিশদ আয় বিবরণী (Statement of Profit or Loss and Other Comprehensive Income), নগদ প্রবাহ বিবরণী (Statement of Cash Flows), ইক্যুইটি বা মালিকানাস্বত্ব পরিবর্তন বিবরণী (Statement of Changes in Equity) এবং আর্থিক বিবরণীর টিকাসমূহ (Notes to the Financial Statements) ও হিসাবায়নের নীতিমালা (Accounting Policies) ইত্যাদি অন্তর্ভুক্ত থাকিবে;

(গ) প্রতি মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে একটি মাসিক পোর্টফোলিও বিবরণী যাহাতে প্রত্যেকটি স্কীমের বিগত সময়কাল হইতে পরিবর্তনসমূহ অন্তর্ভুক্ত থাকিবে;

(ঘ) প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মিউচ্যুয়াল ফান্ডের প্রত্যেক স্কীমের নীট সম্পদের অবস্থান পরিবর্তন সংক্রান্ত ত্রৈমাসিক বিবরণী;

(ঙ) প্রতি মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের একটি মাসিক বিবরণী যাহাতে প্রত্যেকটি স্কীমের প্রতি কার্যদিবসের নতুন ইউনিট ইস্যু (new unit issue), মুলধন সংগ্রহ (capital received), ইউনিট পুনঃক্রয় (unit repurchased) এবং মুলধন প্রত্যাবর্তন (capital redeemed) পরিমাণ, ইত্যাদি অন্তর্ভুক্ত থাকিবে;

(৩) প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নির্ধারিত ছকে ইউনিটহোল্ডারদের জন্য ফান্ডের প্রত্যেক স্কীমের পূর্নাঙ্গ পোর্টফোলিও বিবরণী প্রকাশ করিবে এবং সম্পদ ব্যবস্থাপকের ওয়েব-সাইটে (web-site) উহা আপলোড করিবে;

(৪) প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ফান্ডের প্রত্যেক স্কীমের অনিরীক্ষিত ত্রৈমাসিক হিসাব বিবরণীর কপি সম্পদ ব্যবস্থাপকের ওয়েব-সাইটে (web-site) আপলোড করিবে;

(৫) বর্ষ সমাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে, মিউচ্যুয়াল ফান্ডের প্রত্যেক স্কীমের সকল ব্যাংক, এমএফএস এবং ডিজিটাল ব্যাংক হিসাবের পূর্ববর্তী ০১ (এক) বছরের হিসাব বিবরণীর কপি যথাযথ কর্তৃপক্ষের সত্যায়নপূর্বক কমিশনে দাখিল করিতে হইবে।

৮৩। বিনিয়োগকারীদের নিকট তথ্য প্রকাশ।—যে সকল কারণে বিনিয়োগ হইতে ঈপ্সিত আয় অর্জন সম্ভব হয় নাই সেই সকল কারণ সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি সম্পদ ব্যবস্থাপক ও ট্রাস্টি কর্তৃক কমিশন ও বিনিয়োগকারীগণকে নিয়মিতভাবে অবহিত করিতে হইবে।

৮৪। বার্ষিক প্রতিবেদন কমিশনের নিকট দাখিলকরণ।—প্রত্যেক হিসাব বছর সমাপ্তির পর ৯০ (নব্বই) দিনের মধ্যে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার প্রত্যেক স্কীমের বার্ষিক প্রতিবেদন এবং মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের বিনিয়োগ ও সঞ্চয়সহ সকল বিষয়ে বিস্তারিত বিবরণ কমিশনের নিকট পেশ করিবে যাহাতে উক্ত মিউচ্যুয়াল ফান্ড বা উহার সমগ্র স্কীমওয়ারী পোর্টফোলিও সম্পর্কে কমিশন অবহিত হইতে পারে।

৮৫। মিউচ্যুয়াল ফান্ডের সিকিউরিটি ক্রয় ও বিক্রয়।—(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের স্কীম উহার পোর্টফোলিও তে সিকিউরিটির পর্যাপ্ততার (availability) ভিত্তিতে সিকিউরিটি ক্রয়-বিক্রয় করিবে এবং ক্রয়ের সকল ক্ষেত্রে সিকিউরিটি গ্রহণ (pay-out) এবং বিক্রয়ের সকল ক্ষেত্রে সিকিউরিটি প্রদান (pay-in) করিবে এবং কোনো ক্ষেত্রেই ঘাটতি বিক্রয় (short selling) অথবা আগাম লেনদেন অথবা বদলা অর্থায়নে নিয়োজিত হইবে না;

(২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার নিজ নামে সংশ্লিষ্ট স্কীমের হিসাবে সিকিউরিটিজ ক্রয় অথবা হস্তান্তর করিবে;

(৩) কোনো মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার স্কীমের বিনিয়োগ কার্যক্রম পরিচালনার জন্য উহার হেফাজতকারীর নিকট রক্ষিত (BO) হিসাব হইতে সিকিউরিটিজ লেনদেন (pay-in বা pay-out) করিবে:

তবে শর্ত থাকে যে, বে-মেয়াদি স্কীমের ইউনিট পুনঃক্রয় (redemption) এবং ইউনিট ইস্যু বা বিক্রয়ের জন্য রক্ষিত বিও হিসাব ব্যতীত স্কীম ভিত্তিতে হেফাজতকারীর ডিপোজিটরি অংশগ্রহণকারীতে (DP) একটি মাত্র বিও হিসাবের মাধ্যমে সিকিউরিটজ ক্রয় বিক্রয় করিতে হইবে:

আরো শর্ত থাকে যে, কোনো মিউচুয়াল ফান্ড বা উহার স্কীমের নামে রক্ষিত উপরিউক্ত বিও হিসাব ব্যতীত অন্য কোনো লিংক বিও হিসাবে সিকিউরিটিজ স্থানান্তর করা যাইবে না।

একাদশ অধ্যায়

নিবন্ধিত কোম্পানি বা সংস্থার দায়-দায়িত্ব ও সনদ ইস্যু, বাতিল, ইত্যাদি

৮৬। ডুপ্লিকেট নিবন্ধন সনদ ইস্যুকরণ।—(১) কোনো নিবন্ধন সনদ হারাইয়া বা খোয়া গেলে বা নষ্ট বা ব্যবহারের অনুপযুক্ত হইয়া গেলে, কমিশন, নিম্নলিখিত শর্ত এবং পদ্ধতি পালন সাপেক্ষে, উহার ডুপ্লিকেট কপি সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি এবং হেফাজতকারীকে সরবরাহ করিতে পারিবে, যথা:—

(ক) নিবন্ধন সনদ হারাইয়া গেলে বা খোয়া গেলে, সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি এবং হেফাজতকারী বিষয়টি থানায় সাধারণ ডাইরীতে লিপিবদ্ধ করাইবেন এবং তৎপর একটি দৈনিক পত্রিকায় হারানো বা খোয়া যাওয়ার বিষয়টি উল্লেখপূর্বক নিবন্ধন সনদটি ফেরত দানের অনুরোধ সম্বলিত একটি বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন;

(খ) দফা (ক) অনুসারে বিজ্ঞপ্তি প্রকাশের এক সপ্তাহ পরে ডুপ্লিকেট সনদ ইস্যুর আবেদন জানাইয়া সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি এবং হেফাজতকারী কমিশনের নিকট একটি দরখাস্ত করিবেন এবং উক্ত দরখাস্তের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিবেন, যথা:—

(অ) কমিশন বরাবরে দশ হাজার টাকার ফিস জমাকরণের একটি ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার এর প্রমাণক;

(আ) নিবন্ধন সনদ হারাইয়া বা খোয়া যাওয়ার ক্ষেত্রে, দফা (ক) তে উল্লেখিত সাধারণ ডাইরীর সত্যায়িত নকল এবং বিজ্ঞপ্তির অনুলিপি; এবং

(ই) নিবন্ধন সনদ নষ্ট বা ব্যবহারের অনুপযুক্ত হওয়ার ক্ষেত্রে, সনদের অবশিষ্ট অংশ (যদি থাকে);

(২) উপ-বিধি (১) অনুসারে দাখিলকৃত দরখাস্ত সম্পর্কে সন্তুষ্ট হইলে কমিশন উহা প্রাপ্তির ১৫ (পনের) কার্য দিবস মধ্যে সংশ্লিষ্ট রেজিস্টার এবং অন্যান্য তথ্যাদির ভিত্তিতে ডুপ্লিকেট নিবন্ধন সনদ ইস্যু করিবে, অন্যথায় উক্ত সময়ের মধ্যে লিখিত কারণ উল্লেখপূর্বক উহা নামঞ্জুরের সিদ্ধান্ত দরখাস্তকারীকে জানাইয়া দিবে।

৮৭। সনদপ্রাপ্ত ব্যক্তির দায় দায়িত্ব।—(১) প্রত্যেক সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি এবং হেফাজতকারী সর্বোচ্চ সততা ও বিশ্বস্ততার সহিত তাহার কাজকর্ম পরিচালনা করিবেন এবং কমিশন কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনা এবং অষ্টম তফসিলে বর্ণিত আচরণ বিধিসহ নিবন্ধন সনদের সকল শর্তাবলি যাথাযথভাবে পালন করিবেন।

(২) নিবন্ধন প্রাপ্তির পরবর্তী ০৩ (তিন) বছর বা এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০১ (এক) বছর অতিক্রান্ত হওয়া, যেটি পরে হয়, উহার মধ্যে প্রত্যেক সম্পদ ব্যবস্থাপককে ন্যূনতম ০১ (এক) টি মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের ব্যবস্থাপনা করিতে হইবে এবং ট্রাস্টি ও হেফাজতকারীকে কোনো মিউচুয়্যাল ফান্ড বা স্কীমের সংশ্লিষ্ট পক্ষ হিসেবে দায়িত্ব পালন করিতে হইবে। তবে উক্ত সময়সীমার মধ্যে কোনো সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি বা হেফাজতকারী মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের ব্যবস্থাপনা করিতে ব্যর্থ হইলে:—

(অ) কমিশন, মিউচ্যুয়াল ফান্ড খাতের স্বার্থে, উক্ত সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি ও হেফাজতকারীর নিবন্ধন বাতিল করিতে পারিবে; অথবা

(আ) কোনো প্রাথমিক গণপ্রস্তাব (IPO) বা যোগ্য বিনিয়োগকারী প্রস্তাবে (QIO) উক্ত সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি ও হেফাজতকারীকে Eligible Investor (EI) হিসেবে অংশগ্রহণ করা হইতে বা EI কোটায় শেয়ার বরাদ্দ হইতে নিষেধাজ্ঞা দিতে পারিবে;

(৩) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেক ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক এবং হেফাজতকারী, উহার আর্থিক বছর শেষ হইবার পরবর্তী ০৪ (চার) মাসের মধ্যে কমিশনের প্যানেলভুক্ত কোনো নিরীক্ষা ফার্ম দ্বারা নিরীক্ষা কার্য সম্পন্ন করিয়া উহার নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন কমিশনের নিকট দাখিল করিবে:

তবে শর্ত থাকে যে, উক্ত আর্থিক প্রতিবেদন প্রস্তুতকরণে সংশ্লিষ্ট ইন্টারন্যাশনাল ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (IFRS)/ ইন্টারন্যাশনাল অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (IAS) ও কমিশন কর্তৃক সময় সময় জারীকৃত আদেশ, নির্দেশ, প্রজ্ঞাপন অনুসরণ করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, আর্থিক প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর বিধি ৩ এর উপ-বিধি (b) তে বর্ণিত Schedule-B এর Uniform Components of Financial Reporting and Disclosures মানিয়া চলিতে হইবে।

৮৮। নিবন্ধন সনদ বাতিল, সমর্পণ ও স্থগিতকরণ।—(১) উপ-বিধি (৬) এর বিধানাবলি ক্ষুণ্ন না করিয়া, কোনো ট্রাস্টি বা সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারী যথাক্রমে বিধি ১৯ বা বিধি ২৭ বা বিধি ৩৮ অনুসারে উহার যোগ্যতা হারাইলে, বা আইন, অধ্যাদেশ বা এই বিধিমালার কোন বিধান বা নিবন্ধন সনদের কোনো শর্ত ভঙ্গ করিলে, বা অষ্টম তফসিলে বিধৃত কোনো আচরণবিধি অমান্য করিলে, কমিশন উহার সনদ বাতিল কিংবা উহাকে আইনের অধীনে অর্থদণ্ডে দন্ডিত করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, যোগ্যতা হারাইবার ক্ষেত্র ব্যতীত অন্য কোন ক্ষেত্রে কমিশন, উপযুক্ত বিবেচনা করিলে, সনদ বাতিল না করিয়া অনধিক এক বছরের জন্য উহার সনদের কার্যকারিতা স্থগিত করিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, এই উপ-বিধির অধীন অর্থদন্ড আরোপ বা সনদ বাতিল বা স্থগিত করিবার পূর্বে কমিশন অর্থ দন্ড বা সনদ বাতিল বা স্থগিত আদেশের কারণ উল্লেখ করিয়া সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি বা হেফাজতকারীকে অন্ততঃ দশ দিনের একটি নোটিশ প্রদানপূর্বক উহার বক্তব্য লিখিতভাবে উপস্থাপনের সুযোগ প্রদান করিবে;

(২) উপ-বিধি (১) এর অধীন নোটিশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি বা হেফাজতকারী উহার বক্তব্য নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে উপস্থাপন করিলে কমিশন উক্ত বক্তব্য এবং উপ-বিধি (৩) এর অধীন দাখিলকৃত তদন্ত প্রতিবেদন বিবেচনাক্রমে, এবং প্রয়োজনবোধে উহাকে ব্যক্তিগত বা প্রতিনিধির মাধ্যমে শুনানির সুযোগ প্রদান করিয়া, অর্থদন্ড, সনদ বাতিল কিংবা স্থগিতকরণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং সিদ্ধান্তটি লিখিতভাবে জানাইয়া দিবে;

(৩) এই বিধির অধীন সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে কমিশন প্রয়োজন মনে করিলে এক বা একাধিক তদন্তকারী নিয়োগ করিতে পারিবে এবং এইরূপ তদন্তকারী কমিশনের তদন্তাদেশ অনুসারে তদন্ত কার্য সম্পন্ন করিয়া একটি প্রতিবেদন দাখিল করিবে;

(৪) তদন্তকারী সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি বা হেফাজতকারী এবং অন্যান্য ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিতে, সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষা করিতে এবং প্রয়োজনবোধে উহার নকল লইতে পারিবে, এবং এই ব্যাপারে সংশ্লিষ্ট সকল পক্ষ তদন্তকারীকে সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন;

(৫) কমিশন কোনো বিশেষ ক্ষেত্রে যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, উপ-বিধি (১) এর অধীন কোনো সিদ্ধান্ত গ্রহণের পূর্বেই কোনো নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করা প্রয়োজন তাহা হইলে, উপ-বিধি (১) এর শর্তাংশ অনুসারে নোটিশ জারির পূর্বে বা পরে যে কোনো সময় তাৎক্ষণিক শুনানি গ্রহণপূর্বক অনধিক ৩০ (ত্রিশ) দিনের জন্য উক্ত সনদের কার্যকারিতা স্থগিত করিতে পারিবে, এবং তাহা করা হইলে বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট নিবন্ধিত সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি বা হেফাজতকারীকে লিখিতভাবে অবহিত করিবে;

(৬) উপ-বিধি (১), (২) বা (৫) এর অধীন কোনো নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করা হইলে সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি বা হেফাজতকারী উক্ত সনদের ভিত্তিতে কোনো কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না;

(৭) কোনো সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি বা হেফাজতকারী যদি স্বেচ্ছায় নিবন্ধন সনদ সমর্পণ করিতে চায় তাহা হইলে নিম্নলিখিত শর্ত পরিপালন সাপেক্ষে কমিশনে আবেদন করিতে হইবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট কোম্পানি বা সংস্থার পরিচালনা পর্ষদ কর্তৃক স্বেচ্ছায় নিবন্ধন সনদ সমর্পণ সংক্রান্ত একটি রেজুলেশন গ্রহণ করিয়া কমিশনে আবেদন করিতে হইবে;

(খ) উহার সংশ্লিষ্ট সকল পক্ষ হইতে অনাপত্তিপত্র গ্রহণপূর্বক উহার নিবন্ধন সনদ সমর্পণের আবেদন কমিশনের নিকট দাখিল করিতে হইবে;

(গ) উহার উপর বর্তমান বা বকেয়া দায়-দেনা (liabilities), গ্রাহকের অর্থ, ইউনিটহোল্ডারদের বিনিয়োগ ইত্যাদি পুরোপুরি নিষ্পত্তিপূর্বক দায়-দেনা নিষ্পত্তির প্রমাণপত্র দাখিল করিতে হইবে;

(ঘ) ভবিষ্যতে উদ্ভূত দায়-দেনার জন্য সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি বা হেফাজতকারী পরিচালনা পর্ষদ দায়ী থাকিবে;

(ঙ) যে হিসাববর্ষে নিবন্ধন সনদ সমর্পণ করিবেন, সেই হিসাব বর্ষের সর্বশেষ নিরীক্ষিত আর্থিক বিবরণী দাখিল করিতে হইবে;

(চ) পরিচালনা পর্ষদ কর্তৃক স্বেচ্ছায় নিবন্ধন সনদ সমর্পণ সংক্রান্ত একটি রেজুলেশন গ্রহণ করিবার পর কমিশনে আবেদনের পূর্বে আবেদনকারী, প্রযোজ্যক্ষেত্রে, সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি বা হেফাজতকারীকে অবহিত করিবে এবং সর্বাধিক প্রচলিত দৈনিক সংবাদপত্র ও ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করিতে হইবে এবং উক্ত বিজ্ঞপ্তির কপি আবেদনের সাথে কমিশনে দাখিল করিতে হইবে।

দ্বাদশ অধ্যায়
পরিদর্শন ও তদন্ত

৮৯। কমিশনের পরিদর্শন ক্ষমতা।—(১) কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীম, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারীর হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র পরিদর্শনের জন্য কমিশন পরিদর্শন কর্মকর্তা হিসাবে দুই বা ততোধিক ব্যক্তিকে নিয়োগ করিতে পারিবে;

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত পরিদর্শনের উদ্দেশ্য হইবে নিম্নরূপ, যথা:—

(ক) হিসাব বহি ও অন্যান্য বহি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা;

(খ) আইন ও বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করা;

(গ) রূপান্তর বা একীভূতকরণ এর ক্ষেত্রে মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, হেফাজতকারী অথবা সম্পদ ব্যবস্থাপকের ভূমিকা পর্যালোচনা করা;

(ঘ) মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক এবং হেফাজতকারীর কর্মকান্ডের সহিত সম্পর্কিত যে কোনো ব্যাপারে বিনিয়োগকারী, অন্য মিউচ্যুয়াল ফান্ড, অথবা অন্য কোনো ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত অভিযোগ খতাইয়া দেখা;

(ঙ) সিকিউরিটি ব্যবসায় অথবা বিনিয়োগকারীদের স্বার্থে স্বপ্রণোদিতভাবে মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারীর কর্মকান্ড খতাইয়া দেখা;

(চ) অন্য কোনো বিষয়ে কমিশন জনস্বার্থে প্রয়োজন বিবেচনা করিলে।

৯০। পরিদর্শন পূর্বে নোটিশ প্রদান।—(১) বিধি ৮৯-এর অধীন কোনো পরিদর্শন শুরু করিবার কমপক্ষে ০৩ (তিন) কার্যদিবস পূর্বে কমিশন মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা ক্ষেত্রমত, হেফাজতকারীকে তৎসম্পর্কে নোটিশ প্রদান করিবে;

(২) উপ-বিধি (১) এ যাহাই থাকুক না কেন, কমিশন যদি মনে করে যে, বিনিয়োগকারী তথা ইউনিট হোল্ডারদের স্বার্থে উক্ত উপ-বিধিতে বর্ণিত নোটিশ প্রদান করা উচিত হইবে না, তাহা হইলে কমিশন কোনো নোটিশ প্রদান ছাড়াই সরাসারি লিখিত আদেশ দ্বারা মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারীর বিধি ৮৯ এ উল্লিখিত বিষয়সমূহ পরিদর্শন করিবার নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৩) পরিদর্শন কর্মকর্তা বিধি মোতাবেক পরিদর্শন কাজ পরিচালনা করিবে এবং যে মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারী সম্পর্কে পরিদর্শন করা হইবে সেই মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারী বিধি ৯১ এর অধীন উহার দায়িত্ব যথাযথভাবে পালন করিতে বাধ্য থাকিবে।

৯১। পরিদর্শনকালে মিউচ্যুয়াল ফান্ডের সহিত সংশ্লিষ্ট পক্ষসমূহের দায়িত্ব।—(১) এই অধ্যায়ের অধীন যে মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারী সম্পর্কে পরিদর্শন করা হইবে উহার প্রত্যেক পরিচালক, কর্মকর্তা ও কর্মচারী নিজ নিজ তত্ত্বাবধান অথবা নিয়ন্ত্রণভুক্ত সকল হিসাব বহি, অন্যান্য কাগজপত্র এবং মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের কর্মকান্ড সম্পর্কিত বিবরণ ও তথ্য পরিদর্শন কর্মকর্তার নিকট তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পেশ করিতে বাধ্য থাকিবে;

(২) উপ-বিধি (১) এর বিধান ক্ষুণ্ন না করিয়া সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম এবং উহার সহিত সংশ্লিষ্ট পক্ষসমূহের অফিস চলাকালীন সময়ে উক্ত অফিস ও উহার সহিত সম্পৃক্ত অন্যান্য অফিসে পরিদর্শন কর্মকর্তা অথবা উহার পক্ষে অন্য কোনো ব্যক্তির প্রবেশাধিকার থাকিবে এবং উক্ত কর্মকর্তা অথবা ব্যক্তির চাহিদা মোতাবেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বা উহার পক্ষে অন্য কোনো ব্যক্তির নিয়ন্ত্রিত হিসাব বহি, রেকর্ড, দলিলপত্র এবং কম্পিউটার ডাটা পরীক্ষা করিবার এবং দলিলাদি অথবা অন্যান্য জিনিসপত্র কপি বা জব্দ করিবার অধিকার থাকিবে;

(৩) পরিদর্শন কর্মকর্তা পরিদর্শনকালে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারীর যে কোনো সদস্য, পরিচালক, কর্মচারী অথবা সংশ্লিষ্ট কাজের সহিত জড়িত যে কোনো ব্যক্তির কাগজপত্র ও দলিলপত্র পরীক্ষা করিতে পারিবে;

(৪) সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারীর প্রত্যেক পরিচালক, কর্মকর্তা ও কর্মচারীর দায়িত্ব হইবে পরিদর্শন কর্মকর্তাকে পরিদর্শন সম্পর্কিত কাজে সর্বাত্মক সহযোগিতা প্রদান করা।

৯২। কমিশনের নিকট প্রতিবেদন দাখিল।—পরিদর্শন কর্মকর্তা পরিদর্শন শেষে যথাশীঘ্র সম্ভব কমিশনের নিকট পরিদর্শন প্রতিবেদন দাখিল করিবে।

৯৩। পরিদর্শন প্রতিবেদন বিবেচনা ও তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ।—কমিশন বিধি ৯২ এর অধীন দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন বিবেচনা করিবে এবং উহাতে উল্লিখিত বিষয় সম্পর্কে প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রয়োজনে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করিবে এবং পরিদর্শন কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে কমিশন কর্তৃক কোনো ব্যবস্থা গ্রহণের পূর্বে উক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানির সুযোগ দান করিবে।

৯৪। নিরীক্ষক নিয়োগ।—(১) বিধি ৯৩ এর অধীন পরিদর্শন কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে প্রয়োজন হইলে কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারীর হিসাব বহি অথবা অন্যান্য বিষয় তদন্ত করিবার জন্য কমিশন এক বা একাধিক নিরীক্ষক নিয়োগ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, এই নিরীক্ষা খরচ ট্রাস্টি সংশ্লিষ্ট ফান্ড বা উহার সংশ্লিষ্ট স্কীম হইতে বহন করিবার ব্যবস্থা করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন নিয়োগপ্রাপ্ত নিরীক্ষক বিধি ৮৯ এ বর্ণিত পরিদর্শন কর্মকর্তার সমান ক্ষমতার অধিকারী হইবেন এবং এই বিধির অধীন তদন্তের ক্ষেত্রে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারী এবং উহাদের সংশ্লিষ্ট কর্মচারীগণ বিধি ৯১ এ বর্ণিত দায়িত্ব পালনে বাধ্য থাকিবে।

৯৫। কমিশনের অনুসন্ধান ও তদন্ত।—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৭ক এ বর্ণিত পদ্ধতি ও পন্থায় কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বা উহার ট্রাস্টি, হেফাজতকারী, সম্পদ ব্যবস্থাপক, এবং উক্ত পক্ষসমূহের সাথে জড়িত কোনো ব্যাক্তির বিষয়ে কমিশন অনুসন্ধান বা তদন্ত কার্যক্রম পরিচালনা করিতে পারিবে এবং সময়ে সময়ে গঠিত উক্ত অনুসন্ধান ও তদন্ত কমিটি আইনের ধারা ১৭ক মোতাবেক কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করিবে।

ত্রয়োদশ অধ্যায়
শাস্তি

৯৬। শাস্তি ও উহার কারণ।—(১) যে কেহ—

(ক) এই বিধিমালার অধীন নিবন্ধন সনদ বা মঞ্জুরি পত্রের কোনো শর্ত মানিয়া চলিতে ব্যর্থ হইলে; অথবা

(খ) আইন ও এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিলে;

উপ-বিধি (২) এ বর্ণিত যে কোনো শাস্তি তাহার প্রতি আরোপিত হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী যে সকল শাস্তি আরোপ করা যাইবে তাহা নিম্নরূপ, যথা:—

(ক) আইন দ্বারা নির্ধারিত জরিমানা ও শাস্তি;

(খ) একটি নির্দিষ্ট মেয়াদের জন্য নিবন্ধন স্থগিতকরণ, যাহা এক বছরের অধিক হইবেনা;

(গ) নিবন্ধন বাতিল;

(ঘ) অন্য কোনো স্কীম গ্রহণে নিষেধাজ্ঞা;

(ঙ) কোনো মিউচ্যুয়াল ফান্ডের জন্য ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারী হিসাবে কাজ করিবার নিষেধাজ্ঞা;

(চ) অন্য কোনো মিউচ্যুয়াল ফান্ড গঠনে নিষেধাজ্ঞা;

(ছ) মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারীর প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা অন্য কোনো কর্মকর্তার দায়িত্ব থেকে অপসারণ বা অব্যাহতি বা নিয়োগ বাতিল এবং পুঁজিবাজার সংশ্লিষ্ট কার্যক্রমে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছরের জন্য নিষেধাজ্ঞা;

(জ) উক্ত কোম্পানি বা সংস্থার পরিচালনা পর্ষদে পরিচালক হিসাবে কার্য গ্রহণ বা কার্যক্রম পরিচালনায় নিষেধাজ্ঞা; এবং

(ঝ) কমিশন কর্তৃক ধার্যকৃত অন্য যে কোনো শাস্তি।

৯৭। মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিতকরণ।—কোনো মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিতকরণের শাস্তি আরোপ করা হইবে, যদি—

(ক) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারী আইন অথবা এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করে;

(খ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম অথবা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারী—

(অ) নিজ কাজ সম্পর্কিত কোনো তথ্য এই বিধিমালা অনুযায়ী দাখিল করিতে ব্যর্থ হয়;

(আ) ভ্রান্ত অথবা মিথ্যা তথ্য পরিবেশন করে;

(ই) এই বিধিমালা অনুযায়ী প্রতিবেদন প্রদান না করে;

(ঈ) কমিশন কর্তৃক পরিচালিত কোনো পরিদর্শন বা তদন্ত কাজে সহযোগিতা না করে;

(গ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বিনিয়োগকারীদের উত্থাপিত কোনো অভিযোগ নিরসন অথবা সংশ্লিষ্ট বিষয়ে কমিশনের নিকট সন্তোষজনক উত্তর প্রদান করিতে না পারে;

(ঘ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম কারচুপির আশ্রয় গ্রহণ করে;

(ঙ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম অসদাচরণ অথবা অব্যবসায়ীসুলভ অথবা অপেশাদারীসুলভ আচরণ প্রদর্শন করে;

(চ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম এই বিধিমালার অধীন দেয় ফি পরিশোধ করিতে ব্যর্থ হয়;

(ছ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের কোনো শর্ত ভঙ্গ করে;

(জ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারী এই বিধিমালায় বর্ণিত উহার দায়িত্ব পালন না করে

৯৮। মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন বাতিল।—কোনো মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন বাতিলের শাস্তি আরোপ করা হইবে, যদি—

(ক) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম অথবা উহার সম্পদ ব্যবস্থাপক, হেফাজতকারী বা ট্রাস্টি ইচ্ছাকৃত কারচুপি বা প্রতারণা আশ্রয় গ্রহণ করে যাহা পুঁজিবাজার ও বিনিয়োগকারীগণের স্বার্থের পরিপন্থি;

(খ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের আর্থিক অবস্থার এইরূপ অবনতি ঘটে যে, কমিশনের মতে উহা ইউনিট হোল্ডারদের স্বার্থের অনুকূলে নহে;

(গ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম অথবা উহার উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারী প্রতারণা অথবা কোনো ফৌজদারী অপরাধে দণ্ডিত হয়।

৯৯। নিবন্ধন বাতিলের পুনঃপরীক্ষা।—বিধি ১০০ এর অধীন পুনঃপরীক্ষা (Re-examination) অনুষ্ঠান ব্যতীত কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারীর নিবন্ধন স্থগিত অথবা বাতিল করার আদেশ প্রদান করা হইবে না।

১০০। নিবন্ধন বাতিলের পুনঃপরীক্ষা অনুষ্ঠান পদ্ধতি।—(১) এই বিধির অধীন নিবন্ধন বাতিলের পুনঃপরীক্ষা অনুষ্ঠানের জন্য কমিশন এক অথবা একাধিক পুনঃপরীক্ষা কর্মকর্তা নিয়োগ করিতে পারিবে;

(২) পুনঃপরীক্ষা কর্মকর্তা সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম ও উহার উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারীকে উহার স্ব স্ব নিবন্ধীকৃত অফিস অথবা ব্যবসার প্রধান স্থানে পুনঃপরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত নোটিশ প্রদান করিবে;

(৩) উপ-বিধি (২) এর অধীন প্রদত্ত নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম ও উহার উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারী উক্ত নোটিশের জবাব এবং পুনঃপরীক্ষা কর্মকর্তা অথবা কমিশনের চাহিদা মোতাবেক প্রামাণ্য কাগজপত্র ও সাক্ষ্য পুনঃপরীক্ষা কর্মকর্তার নিকট পেশ করিবে;

(৪) পুনঃপরীক্ষা কর্মকর্তা সংশ্লিষ্ট ব্যক্তিকে শুনানির উপযুক্ত সুযোগ প্রদান করিবেন যাহাতে তিনি উপ-বিধি (৩) এর অধীনে পেশকৃত তাহার জবাবের পক্ষে বক্তব্য পেশ করিতে পারিবেন;

(৫) যাহার বিরুদ্ধে পুনঃপরীক্ষা অনুষ্ঠিত হইবে তিনি নিজে অথবা তাহার পক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি উপ-বিধি (৪) এর উদ্দেশ্যে পুনঃপরীক্ষা কর্মকর্তার নিকট হাজির হইয়া বক্তব্য পেশ করিতে পারিবেন;

(৬) পুনঃপরীক্ষা কর্মকর্তা প্রয়োজন মনে করিলে পুনঃপরীক্ষাধীন বিষয় উপস্থাপনের জন্য একজন পেশকারী কর্মকর্তা নিয়োগের জন্য কমিশনকে অনুরোধ করিতে পারিবেন;

(৭) সকল আনুষঙ্গিক কাগজপত্র এবং সংশ্লিষ্ট ব্যক্তির বক্তব্য বিবেচনা করিয়া পুনঃপরীক্ষা কর্মকর্তা কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করিবেন এবং উক্ত প্রতিবেদনে প্রস্তাবিত শাস্তি ও শাস্তি প্রদানের ভিত্তি ও যৌক্তিকতা উল্লেখ করিবেন।

১০১। কারণ দর্শানো নোটিশ ও আদেশ।—(১) পুনঃপরীক্ষা কর্মকর্তার প্রতিবেদন প্রাপ্তির পর কমিশন উহা বিবেচনা করিবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির প্রতি পুনঃপরীক্ষা কর্মকর্তার সুপারিশকৃত শাস্তি কেন আরোপ করা হইবে না উহার কারণ দর্শানোর জন্য উক্ত ব্যক্তিকে নোটিশ প্রদান করিবে;

(২) উপ-বিধি (১) এর অধীন কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির একুশ দিনের মধ্যে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বা উহার উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারী কমিশনের নিকট উহার জবাব প্রদান করিবে;

(৩) উপ-বিধি (২) এর অধীন কারণ দর্শানো নোটিশের জবাব প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে কমিশন উহার বিবেচনা অনুযায়ী যথোপযুক্ত আদেশ প্রদান করিবে এবং সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম বা উহার উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারীকে উহার কপি প্রদান করিবে;

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রদত্ত আদেশ স্বয়ংসম্পূর্ণ হইবে এবং উহাতে উক্তরূপ আদেশ প্রদানের যৌক্তিকতা ও কারণসমূহের উল্লেখ থাকিবে।

১০২। মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিত ও বাতিল করার ফলাফল।—(১) কোনো মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিত করা হইলে স্থগিতকালীন মেয়াদে উক্ত ফান্ড বা উহার স্কীম তৎসম্পর্কিত যাবতীয় কর্মকান্ড পরিচালনা হইতে বিরত থাকিবে।

(২) কোনো মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন বাতিল করা হইলে বাতিল হইবার তারিখ হইতে উক্ত ফান্ড বা উহার স্কীম তৎসম্পর্কিত সকল প্রকার কাজকর্ম ও লেনদেন হইতে বিরত থাকিবে।

১০৩। স্থগিত ও বাতিল আদেশ খবরের কাগজে প্রকাশ।—বিধি ৯৭ ও ৯৮ এর অধীন প্রদত্ত কোনো স্থগিত অথবা বাতিল আদেশ কমিশন কর্তৃক ন্যূনতম দুইটি জাতীয় দৈনিক খবরের কাগজে প্রকাশ করিতে হইবে।

১০৪। আপিল।—কমিশনের কোনো আদেশে কোনো ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি কমিশনের নিকট সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (আপীল) প্রবিধানমালা, ১৯৯৫ অনুযায়ী আপীল করিতে পারিবেন।

চতুর্দশ অধ্যায়

বিবিধ

১০৫। বিধিরবিধান সমূহ নির্দেশ হিসাবে গণ্যকরণ।—এই বিধিমালায় উল্লিখিত পরিপালনীয় বিধানসমূহ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ মোতাবেক প্রদত্ত নির্দেশ অথবা আদেশ পরিপালন হিসাবে গণ্য হইবে।

১০৬। রহিতকরণ ও হেফাজত।—(১) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এতদ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধানমালার অধীন প্রদত্ত কোনো সম্মতি অথবা অনুমোদন, অথবা সম্পাদিত চুক্তি, ফি গ্রহণ অথবা প্রদান, গৃহীত সিদ্ধান্ত, ইস্যুকৃত নির্দেশনা, কিংবা ইহার পূর্বে, ইস্যুকৃত কোনো মিউচ্যুয়াল ফান্ড, এতদ্‌সংক্রান্ত কৃত কোনো কাজ কর্ম, গৃহীত কোনো ব্যবস্থা, মঞ্জুরকৃত কোনো নিবন্ধন অথবা প্রদত্ত কোনো অনুমোদন এই বিধিমালার অধীন ইস্যুকৃত, কৃত, গৃহীত, মঞ্জুরকৃত অথবা প্রদত্ত বলিয়া গণ্য হইবে।

প্রথম তফসিল

[বিধি ২(১)(ঢ) দ্রষ্টব্য]

ফরম পূরণের নির্দেশাবলি

১. দরখাস্তকারী অবশ্যই একটি পূর্ণাঙ্গ দরখাস্ত যথাযথ সহায়ক প্রমাণাদিসহ কমিশনের নিকট দাখিল করিবেন।

২. লক্ষ্য রাখিতে হইবে যে, এই দরখাস্ত যাহাতে বিধিমালার সহিত সামঞ্জস্য রাখিয়া পূরণ করা হয়।

৩. নিবন্ধনের জন্য দরখাস্ত কেবল মাত্র সর্বাংশে পূর্ণাঙ্গ হইলে বিবেচনা করা হইবে।

৪. উত্তরমালা টাইপ/ছাপার অক্ষরে হইতে হইবে।

৫. যে সকল তথ্য বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে তাহা পৃথক কাগজে লিখিয়া দরখাস্তের সহিত সংযুক্ত করা যাইবে।

৬. দরখাস্তের প্রতি পৃষ্ঠায় অবশ্যই স্বাক্ষর ও সীল মোহরযুক্ত হইবে এবং সমুদয় স্বাক্ষর মূল হইতে হইবে।

ফরমসমূহ

ফরম- "ক"

[বিধি ৪ দ্রষ্টব্য]

মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের দরখাস্ত

১. মিউচ্যুয়াল ফান্ডের নাম----------

২. ফান্ডের ধরন: একক স্কীম ফান্ড ☐

একাধিক স্কীম ফান্ড ☐

৩. উদ্যোক্তা/উদ্যোক্তাগণের নাম----------

৪. নিবন্ধীকৃত অফিস/যোগাযোগের ঠিকানা

টেলিফোন নং

ই-মেইল নং

ফ্যাক্স নং

৫. যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম

৬. উদ্যোক্তা কোম্পানি/সংবিধিবদ্ধ সংস্থা হইলে উহা নিগমিত করণের/সংবিধিবদ্ধ হওয়ার তারিখ ও স্থান

৭. উদ্যোক্তার উদ্দেশ্য (সংঘ স্মারক ও সংঘ লিপি/সংশ্লিষ্ট আইন এর কপি সংযুক্ত করিতে হইবে)

৮. মূলধন কাঠামো ও শেয়ার হোল্ডিং-এর ধরন

৯. উদ্যোক্তার নিরীক্ষক ও ব্যাংকারদের নাম ও ঠিকানা

১০. উদ্যোক্তা, সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি ও হেফাজতকারী অথবা উহাদের কোনো পরিচালক ঋণ খেলাপী কিনা? হইলে পূর্ণ বিবরণ

১১. উদ্যোক্তার হালনাগাতকৃত আয়কর দাখিলের প্রমাণক

১২. ট্রাস্ট দলিল কমিশন কর্তৃক অনুমোদিত কিনা? (ট্রাস্ট দলিল সংযুক্ত করিতে হইবে)

১৩. ট্রাস্টির নাম ও এই বিধিমালার অধীন নিবন্ধনের নম্বর ও তারিখ (নিয়োগপত্র ও নিবন্ধনের কপি সংযুক্ত করিতে হইবে)

১৪. সম্পদ ব্যবস্থাপকের নাম ও এই বিধিমালার অধীন নিবন্ধনের নম্বর ও তারিখ (নিয়োগপত্র ও নিবন্ধনের কপি সংযুক্ত করিতে হইবে)

১৫. হেফাজতকারীর নাম ও এই বিধিমালার অধীন নিবন্ধনের নম্বর ও তারিখ (নিয়োগপত্র ও নিবন্ধনের কপি সংযুক্ত করিতে হইবে)

মিউচ্যুয়াল ফান্ডের পক্ষে আবেদনকারীর নাম, স্বাক্ষর ও

সীল ----------

তারিখ ----------

স্থান ----------

ফরম- 'খ'

[বিধি ১৮(১) দ্রষ্টব্য]

ট্রাস্টি হিসাবে নিবন্ধনের দরখাস্ত

১. ট্রাস্টির নাম----------

২. নিবন্ধীকৃত অফিস/যোগাযোগের ঠিকানা

টেলিফোন নং

ই-মেইল নং

ফ্যাক্স নং

৩. যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম

৪. নিগমিত করণের/সংবিধিবদ্ধ হওয়ার তারিখ ও স্থান

৫. ট্রাস্টির উদ্দেশ্য (সংঘ স্মারক ও সংঘ লিপি/সংশ্লিষ্ট আইন এর কপি সংযুক্ত করিতে হইবে)

৬. মূলধন কাঠামো ও শেয়ার হোল্ডিং-এর ধরন

৭. ট্রাস্টির নিরীক্ষক ও ব্যাংকারের নাম ও ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে)

৮. ট্রাস্টি অথবা উহার কোনো পরিচালক ঋণ খেলাপি কিনা? হইলে পূর্ণ বিবরণ

৯. ট্রাস্টি অথবা উহার কোনো পরিচালক কোনো মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, সম্পদ ব্যবস্থাপক, হেফাজতকারী, স্টক ডিলার, স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার কিনা অথবা উহাদের কোনো পরিচালক অথবা উহাদের অধীনস্থ কোনো কোম্পানি অথবা প্রতিষ্ঠানের পরিচালক অথবা উহাদের সহিত কোনোভাবে সম্পর্কিত কিনা? হইলে বিস্তারিত উল্লেখ করুন।

১০. ট্রাস্টির প্রধান নির্বাহী কর্মকর্তার নাম ও আর্থিক সেবার ক্ষেত্রে অভিজ্ঞতার মেয়াদ (বিবরণ দিতে হইবে)

১১. অন্যান্য মুখ্য কর্মকর্তার নাম ও যোগ্যতার বিবরণ

১২. সাংগঠনিক কাঠামো

১৩. সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জামের বিবরণ

ট্রাস্টির পক্ষে আবেদনকারীর নাম, স্বাক্ষর ও

সীল----------

তারিখ----------

স্থান----------

ফরম- 'গ'

[বিধি ২৬(১) দ্রষ্টব্য]

সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধনের দরখাস্ত

১. সম্পদ ব্যবস্থাপকের নাম----------

২. নিবন্ধীকৃত অফিস/যোগাযোগের ঠিকানা

টেলিফোন নং

ই-মেইল নং

ফ্যাক্স নং

৩. যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম

৪. নিগমিত করণের/সংবিধিবদ্ধ হওয়ার তারিখ ও স্থান

৫. সম্পদ ব্যবস্থাপকের উদ্দেশ্য (সংঘ স্মারক ও সংঘ লিপি/সংশ্লিষ্ট আইন এর কপি সংযুক্ত করিতে হইবে)

৬. মূলধন কাঠামো ও শেয়ার হোল্ডিং-এর ধরন

৭. সম্পদ ব্যবস্থাপকের নিরীক্ষক ও ব্যাংকারের নাম ও ঠিকানা

৮. সম্পদ ব্যবস্থাপক অথবা উহার কোনো পরিচালক ঋণ খেলাপি কিনা? হইলে পূর্ণ বিবরণ

৯. সম্পদ ব্যবস্থাপক ও সম্পদ ব্যবস্থাপকের কোনো পরিচালক কোনো মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, ট্রাস্টি, হেফাজতকারী, স্টক ডিলার, স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার কিনা অথবা উহাদের সহিত অন্য কোনোভাবে সম্পর্কিত কিনা? হইলে বিস্তারিত উল্লেখ করুন।

১০. সম্পদ ব্যবস্থাপকের প্রধান নির্বাহী কর্মকর্তার নাম ও আর্থিক সেবার ক্ষেত্রে অভিজ্ঞতার মেয়াদ (বিবরণ দিতে হইবে)

১১. সম্পদ ব্যবস্থাপকের পরিচালকদের নাম, অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতা এবং পেশা

১২. অন্যান্য মুখ্য কর্মকর্তাদের নাম ও যোগ্যতার বিবরণ

১৩. সাংগঠনিক কাঠামো

১৪. সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জামের বিবরণ

১৫. সহযোগী সংস্থা, কোম্পানি এবং সাবসিডিয়ারীসমূহের পরিচালকবৃন্দের নাম ও ঠিকানা

১৬. সম্পদ ব্যবস্থাপকের বিগত তিন বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে)

সম্পদ ব্যবস্থাপকের পক্ষে আবেদনকারীর নাম, স্বাক্ষর ও

সীল----------

তারিখ----------

স্থান----------

ফরম- 'ঘ'

[বিধি ৩৭(১) দ্রষ্টব্য]

হেফাজতকারী হিসাবে নিবন্ধনের দরখাস্ত

১. হেফাজতকারীর নাম----------

২. নিবন্ধীকৃত অফিস/যোগাযোগের ঠিকানা

টেলিফোন নং

ই-মেইল নং

ফ্যাক্স নং

৩. যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম

৪. নিগমিত করণের/সংবিধিবদ্ধ হওয়ার তারিখ ও স্থান

৫. হেফাজতকারীর উদ্দেশ্য (সংঘ স্মারক ও সংঘ লিপি/সংশ্লিষ্ট আইন এর কপি সংযুক্ত করিতে হইবে)

৬. মূলধন কাঠামো ও শেয়ার হোল্ডিং-এর ধরন

৭. হেফাজতকারীর নিরীক্ষক ও ব্যাংকারের নাম ও ঠিকানা

৮. হেফাজতকারী অথবা উহার কোনো পরিচালক ঋণ খেলাপি কিনা? হইলে পূর্ণ বিবরণ

৯. হেফাজতকারী বা হেফাজতকারীর কোনো পরিচালক কোনো মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক, স্টক ডিলার, স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার কিনা অথবা উহাদের অধীনস্থ কোনো কোম্পানি অথবা প্রতিষ্ঠানের পরিচালক অথবা উহাদের সহিত অন্য কোনোভাবে সম্পর্কিত কিনা? হইলে বিস্তারিত উল্লেখ করুন।

১০. হেফাজতকারীর প্রধান নির্বাহী কর্মকর্তার নাম ও আর্থিক ক্ষেত্রে অভিজ্ঞতার মেয়াদ (বিবরণ দিতে হইবে)

১১. অন্যান্য মুখ্য কর্মকর্তার নাম ও যোগ্যতার বিবরণ

১২. সাংগঠনিক কাঠামো

১৩. সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জামের বিবরণ

হেফাজতকারীর পক্ষে আবেদনকারীর নাম, স্বাক্ষর ও

সীল----------

তারিখ----------

স্থান----------

ফরম- 'ঙ'

[বিধি ১০(২), ২০(২), ২৮(২) ও ৩৯(২) দ্রষ্টব্য]

বাংলাদশে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মিউচ্যুয়াল ফান্ড/ট্রাস্টি/সম্পদ ব্যবস্থাপক/হেফাজতকারী নিবন্ধন সার্টিফিকেট

নিবন্ধন কোড নং

বাংলাদশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০২৫ এর বিধি ১০(২)/২০(২)/২৮(২)/৩৯(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ---------- কে একটি মিউচ্যুয়াল ফান্ড/ট্রাস্টি/সম্পদ ব্যবস্থাপক/হেফাজতকারী হিসাবে নিবন্ধন করিয়া অত্র নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিল।

তারিখ----------

বাংলাদশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তার নাম, স্বাক্ষর ও সীল

মিউচ্যুয়াল ফান্ড/ট্রাস্টি/সম্পদ ব্যবস্থাপক/হেফাজতকারী নিবন্ধন সার্টিফিকেট

নিবন্ধন সার্টিফিকেটের শর্তাবলি

১। সার্টিফিকেট প্রাপক এই নিবন্ধন সার্টিফিকেট বিক্রয়, দান, বন্ধক, লীজ বা অন্য কোনোভাবে হস্তান্তর বা দায়বদ্ধ করিতে কিংবা অন্য কাহাকেও এই সার্টিফিকেটের অধীনে উহার কার্যক্রম করিতে দিতে পারিবেনা, এবং অন্য কেহ এই সার্টিফিকেটের অধীন উক্তরূপ কার্যক্রম করিতে পারিবে না।

২। মূল নিবন্ধন সার্টিফিকেট অথবা ইহার সত্যায়িত কপি সার্টিফিকেট প্রাপ্ত প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ে সর্বসাধারণের অবলোকনের জন্য দর্শনীয়ভাবে স্থাপন করিতে হইবে।

৩। নিবন্ধন সার্টিফিকেট ইস্যুর তারিখ হইতে অনধিক ৬ (ছয়) মাসের মধ্যে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ব্যবসায়িক কার্যক্রম শুরু করিতে হইবে, এবং এই কার্যক্রম শুরু করিবার ৭ (সাত) দিনের মধ্যে কমিশনকে বিষয়টি লিখিতভাবে অবহিত করিতে হইবে।

৪। সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি, হেফাজতকারী উহার কার্যক্রম পরিচালনার জন্য নতুন শাখা/লিয়াজো অফিস খোলা অথবা শাখা স্থানান্তরের প্রস্তাব, আলোচ্য প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের অনুমোদনসহ, কমিশনের পূর্বানুমোদনের জন্য দাখিল করিতে হইবে।

৫। এই নিবন্ধন সার্টিফিকেট ইস্যুর তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বছরের মধ্যে নিবন্ধিত কোম্পানি বা সংস্থার উদ্যোক্তা পরিচালকগণ কর্তৃক ধারণকৃত ইক্যুইটি শেয়ার হস্তান্তর করা যাইবে না। তবে শর্ত থাকে যে, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান ইত্যাদির ক্ষেত্রে তাদের প্রাথমিক নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক আরোপীত লকইন (Lock-in), অর্থাৎ উহাদের উদ্যোক্তা/পরিচালকগণ কর্তৃক ধারণকৃত ইক্যুইটি শেয়ার ৩ (তিন) বছরের মধ্যে হস্তান্তর না করার বিধান ইতোমধ্যে কার্যকর হইয়া থাকিলে কিংবা উহা কার্যকরীর পর্যায়ে থাকিলে সংশ্লিষ্ট নিবন্ধিত কোম্পানি বা সংস্থার জন্য নতুন করিয়া লকইন আরোপ প্রযোজ্য হইবে না।

৬। নিবন্ধিত কোম্পানি বা সংস্থার কোনো উদ্যোক্তা/পরিচালক, অংশীদার/স্বত্বাধিকারী অথবা প্রতিষ্ঠানটি স্বয়ং কোনো স্টক এক্সচেঞ্জ এর ডিলার/ব্রোকার হিসাবে নিয়োজিত থাকিতে পারিবে না।

৭। নিবন্ধন সার্টিফিকেট প্রাপ্ত কোম্পানি বা সংস্থার সংঘ-বিধি কিংবা গঠনতন্ত্রের প্রযোজ্য ক্ষেত্রে, কোনো ধারা বা উপ-ধারার পরিবর্তন/পরিবর্ধনের পূর্বে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনাপত্তি পত্র গ্রহণ করিতে হইবে।

৮। কমিশন কর্তৃক প্রদত্ত অন্য কোনো শর্তাদি মানিয়া চলিবে।

৯। নিবন্ধিত কোম্পানি বা সংস্থা এমন কোনো কার্যক্রম গ্রহণ করিবেনা যাহা বিনিয়োগকারির স্বার্থ পরিপন্থি হয়।

দ্বিতীয় তফসিল
[বিধি ১৫(৮) দ্রষ্টব্য]
ট্রাস্ট দলিলের বিষয়বস্তু

ট্রাস্ট দলিলে নিম্নোক্ত বিষয়সমূহের উল্লেখ থাকিতে হইবে, যথা:—

১. (ক) ট্রাস্টি ফান্ডের বিনিয়োগ উদ্দেশ্যে কোনো সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ করিবে না।

(খ) ট্রাস্টি অন্য কোনো কোম্পানি, ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, ইন্সুরেন্স কোম্পানি বা কোনো সংস্থায় পরিচালক, অংশীদার, অথবা অন্য কোনো পদে থাকিবার সংশ্লিষ্টতার কথা অবশ্যই কমিশনকে অবহিত করিবেন।

২. ট্রাস্টি মিউচ্যুয়াল ফান্ডের স্কীমসমূহের সকল মূলধনী সম্পদ তাহাদের তত্ত্বাবধানে রাখিবেন এবং ইউনিট মালিকদের পক্ষে তাহা 'অছি' ব্যবস্থাধীনে রাখিবেন।

৩. ইউনিট মালিকদের ট্রাস্ট সম্পত্তিতে কেবলমাত্র সংশ্লিষ্ট স্কীমে তাহাদের ব্যক্তিগত মালিকানা অনুযায়ী বেনিফিসিয়াল ইন্টারেস্ট থাকিবে।

৪. ইউনিট মালিকদের স্বার্থে কাজ করা ট্রাস্টির দায়িত্ব হইবে।

৫. ট্রাস্টি ইউনিট মালিকদের তথ্য সরবরাহ অথবা তথ্য সরবরাহের ব্যবস্থা নিশ্চিত করিবেন।

৬. ট্রাস্টি ফান্ড বা উহার স্কীমের অনুকূলে প্রদেয় যে কোনো আয় প্রাপ্তি, এবং ট্রাস্ট হিসাবে ইউনিট মালিকদের পক্ষে প্রাপ্ত যে কোনো আয় চুক্তিপত্র ও বিধি অনুযায়ী হইতেছে কিনা তাহা তদারকির দায়িত্ব গ্রহণ করিবে।

৭. ট্রাস্ট সম্পত্তিতে কাহারো দায়বদ্ধ কোনো সম্পদ গ্রহণ করা হইবে না অথবা এমন কোনো সম্পদ গ্রহণ করা হইবে না যাহার মাধ্যমে অসীম দায় গ্রহণ করা হয়।

৮. ট্রাস্ট দলিলে উল্লেখ থাকিবে যে, মিউচ্যুয়াল ফান্ডের নিরীক্ষক সম্পদ ব্যবস্থাপক, হেফাজতকারী ও ট্রাস্টির নিরীক্ষক হইতে পৃথক হইবে।

৯. ট্রাস্টির ট্রাস্ট ফি সহ অন্যান্য সকল ফি'র বর্ণনা।

১০. কমিশনের পূর্বানুমোদন ব্যতিরেকে ট্রাস্ট চুক্তিপত্রে কোনোরূপ সংশোধনী আনা যাইবে না।

১১. ট্রাস্টি অপসারণের জন্য কমিশনের পূর্বানুমোদন প্রয়োজন হইবে।

১২. ট্রাস্টের আওতাধীন এক বা একাধিক স্কীম চালুকরণের বিষয়ে বা উহাদের ধরন ব্যবস্থাপনার প্রক্রিয়া বর্ণনা থাকিবে।

১৩. ট্রাস্ট ফান্ড বা উহার স্কীমের ব্যাংক হিসাব, বিও হিসাব বা সিকিউরিটিজ হিসাব পরিচালনা, অনুমোদন সংক্রান্ত বিষয়ভিত্তিক বর্ণনা থাকিতে হইবে।

১৪. একটি সাধারণ ঘোষণা থাকিবে যে, ট্রাস্ট দলিল ও বিধিমালার সহিত সাংঘর্ষিক কোনো বিষয়ে বিধিমালার বিধান প্রাধান্য পাইবে এবং বিধিমালার কোনো বিধান বা কমিশনের কোনো আদেশ/নির্দেশ এর পরিবর্তন ট্রাস্টি দলিলে স্বয়ংক্রিয় পরিবর্তন হিসেবে গণ্য হইবে।

তৃতীয় তফসিল

[বিধি ২৪(৫) দ্রষ্টব্য]

বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তির বিষয়বস্তু

সম্পদ ব্যবস্থাপকের দায়িত্ব ও কর্তব্য সম্বলিত বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তির নিয়ম ও শর্তাবলি নিম্নে উল্লেখ করা হইল:

১. কমিশনের পূর্বানুমোদনক্রমে সম্পদ ব্যবস্থাপক ট্রাস্টির অনুমোদিত মিউচ্যুয়াল ফান্ডের বিভিন্ন স্কীম পরিচালনা এবং ট্রাস্ট চুক্তিপত্র ও বিধি অনুযায়ী বিভিন্ন স্কীমের বিনিয়োগ পরিচালনা করিবে।

২. বিধি ৩৫ এ বর্ণিত সম্পদ ব্যবস্থাপকের কর্তব্য ও দায় দায়িত্ব ছাড়াও উদ্যোক্তা ও ট্রাস্টির সহিত সম্মতির ভিত্তিতে মিউচ্যুয়াল ফান্ডের স্কীমের আকার, উদ্দেশ্য, ধরন, প্রচারপত্র প্রস্তুত ও তজ্জন্য কমিশনের সম্মতি গ্রহণ, স্কীমের ইউনিট সনদ ইস্যু, বিনিয়োগ পোর্টফোলিও গঠন ও উহার ব্যবস্থাপনা/পরিচালনা, নীট সম্পদ মূল্য (NAV) নির্ধারণ, আর্থিক ও অন্যান্য প্রতিবেদন প্রস্তুত, সরবরাহ ও উপস্থাপন সংক্রান্ত কার্যাবলি ব্যতিরেকে সম্পদ ব্যবস্থাপক অন্য কোনো কাজ কমিশনের পূর্বানুমোদন ব্যতিরেকে গ্রহণ অথবা পরিচালনা করিতে পারিবে না।

৩. সম্পদ ব্যবস্থাপক ট্রাস্ট দলিল এবং বিধিমালা অনুযায়ী বিভিন্ন স্কীমের তহবিল বিনিয়োগ করিবে।

৪. সম্পদ ব্যবস্থাপক স্কীম সম্পদের এমন কোনো অংশ দায়বদ্ধ করিবে না অথবা এমন কোনো সম্পদ গ্রহণ করিবে না যাহার দায় অসীম।

৫. সম্পদ ব্যবস্থাপক বিধি পরিপন্থি কোনো কর্মকান্ড, মেয়াদি ঋণ অথবা নিশ্চয়তা প্রদান করিবে না।

৬. সম্পদ ব্যবস্থাপক, উহার কোন কর্মকর্তা অথবা মনোনীত কোনো ব্যক্তি কর্তৃক কোনো ক্ষতি অথবা আর্থিক ব্যয় সংঘটিত হইলে ট্রাস্ট বা ফান্ডের সম্পত্তি দ্বারা তাহা পূরণ করা যাইবে না।

৭. সম্পদ ব্যবস্থাপক নিশ্চয়তা প্রদান করিবে যে, কোনো ইউনিট মালিক, জনগণ, সংবাদপত্র অথবা সম্ভাব্য মক্কেলের কাছে যোগাযোগের উদ্দেশ্যে আবেদনপত্র, বিক্রয় প্রস্তাব ঘোষণা (দর অথবা ইল্ড সম্পর্কিত ঘোষণা ব্যতিত) বিজ্ঞাপন, রিপোর্ট বা অন্য কোনো মুদ্রিত দ্রব্য ট্রাস্টির লিখিত পূর্বানুমোদন ছাড়া সরবরাহ করিবে না এবং তাহাতে এমন কোনো বিবরণ থাকিবে না যাহা ট্রাস্ট দলিল অথবা অনুমোদিত স্কীমের সাথে সংগতিবিহীন।

৮. সম্পদ ব্যবস্থাপক বিভিন্ন স্কীমের পুনঃক্রয় মূল্য ও নীট সম্পদ মূল্য এবং উহা নির্ণয়ের পদ্ধতি ট্রাস্টি ও কমিশন কর্তৃক নির্ধারিত সময় পর পর সময়ানুযায়ী বিনিয়োগকারীদের অবহিত করিবে।

৯. সম্পদ ব্যবস্থাপক দ্বারা পরিচালিত মিউচ্যুয়াল ফান্ডের বিভিন্ন স্কীম পরিচালনা সম্পর্কিত তথ্য, ট্রাস্টির চাহিদা অনুযায়ী তৎকর্তৃক নির্দিষ্ট সময়ে প্রদান করিবে যাহাতে প্রমাণিত হয় যে সম্পদ ব্যবস্থাপক ট্রাস্ট দলিল ও বিধি অনুযায়ী কাজ করিতেছে।

১০. সম্পদ ব্যবস্থাপক ট্রাস্টি ও কমিশনের নিকট মিউচ্যুয়াল ফান্ড স্কীমের কর্মকান্ড সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন অথবা কমিশন অথবা ট্রাস্টির চাহিদা মোতাবেক মধ্যবর্তী সময়ের প্রতিবেদন দাখিল করিবে।

১১. কমিশনের পূর্বানুমোদনক্রমে ট্রাস্টি বিধি অনুযায়ী সুনির্দিষ্ট কারণের ভিত্তিতে সম্পদ ব্যবস্থাপককে বরখাস্ত করিবার অধিকার সংরক্ষণ করিবে।

চতুর্থ তফসিল

[বিধি ৪৫(২) দ্রষ্টব্য]

বিজ্ঞাপন নিয়মাবলি

১. বিজ্ঞাপন হইবে সত্যনিষ্ঠ, ন্যায্য ও স্পষ্ট এবং তাহাতে অসত্য অথবা বিভ্রান্তিকর কোনো বিবৃতি, ধারণা অথবা অনুমান থকিবে না।

২. কোনো বিজ্ঞাপনকে বিভ্রান্তিমূলক বলিয়া অভিহিত করা হইবে, যদি—

(ক) উহাতে কোনো অতীত কাজকর্মের অসত্য চিত্র প্রদান করা হয় অথবা এমনভাবে উহাকে চিত্রায়িত করা হয় যাহাতে মনে হইবে যে অতীতের কোনো সাফল্য অথবা আয় ভবিষ্যতেও লাভ করা হইবে;

(খ) উহাতে মিউচ্যুয়াল ফান্ডের কোনো স্কীমে বিনিয়োগ অথবা কোনো ইউনিটের মালিকানার মুনাফা অথবা লাভের বিবরণের সহিত উক্ত স্কীম অথবা ইউনিটে ঝুঁকি সম্পর্কিত বিবরণের উল্লেখ না থাকে।

৩. বিজ্ঞাপন এমনভাবে বিন্যস্ত করা হইবেনা যাহাতে বিনিয়োগকারীর জ্ঞান অথবা অভিজ্ঞতাহীনতার সুযোগ নিয়া তাহাকে ক্ষতিগ্রস্ত করা যাইবে, কারিগরি ও আইন সর্ম্পকিত জটিল শব্দ এবং দুর্বোধ্য ভাষার ব্যাপক ব্যবহার এবং মাত্রাতিরিক্ত বর্ণনা যাহা বিনিয়োগকারীদের বিভ্রান্ত করিতে পারে তাহা বর্জন করিতে হইবে।

৪. বিজ্ঞাপনে এমন কোনো তথ্য থাকিবে না যাহার যথার্থতা নিরূপণ অনির্ভরযোগ্য ও অনুমান নির্ভর হইবে।

৫. বিজ্ঞাপনের এক তহবিলের সহিত অন্য তহবিলের স্পষ্ট অথবা অস্পষ্টভাবে তুলনা করা হইবে না যদি না উক্ত তুলনা ন্যায্য হয় এবং প্রাসংগিক তথ্যাবলি বিজ্ঞাপনে উল্লেখ থাকে।

৬. মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের সকল এককালীন ও পুনরাবৃত্তিমূলক বিজ্ঞাপন, প্রতিবেদন, প্রকাশনা ও ঘোষণায় সম্পদ ব্যবস্থাপকের নাম অন্তর্ভুক্ত থাকিতে হইবে।

৭. যদি কোনো বিজ্ঞাপনে একটি মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীম সম্ভাব্য বিনিয়োগকারীদের লভ্যাংশের ন্যূনতম হারের নিশ্চয়তা দেয় তাহা হইলে ঐরূপ নিশ্চয়তার অনুকূলে গৃহীত ব্যবস্থা অথবা সম্পদের বিবরণ প্রদান করিতে হইবে।

৮. যদি কোনো বর্তমান মিউচ্যুয়াল ফান্ড বিজ্ঞাপনে উহার অতীত কার্যাবলি তুলিয়া ধরে সেক্ষেত্রে লভ্যাংশের হার নিরূপণের পদ্ধতি উল্লেখ করিতে হইবে এবং এই মর্মে বিবৃতি দিতে হইবে যে এইরূপ তথ্য ভবিষ্যৎ ফলাফলের কোনো সূচক নহে এবং তাহা অন্যান্য বিনিয়োগের সহিত তুলনা করিবার ভিত্তি হিসাবে পরিগণিত হইবে না।

পঞ্চম তফসিল

[বিধি ৪৫(২) দ্রষ্টব্য]

প্রসপেক্টাস এর তথ্যাদি

প্রসপেক্টাসে, অন্যান্যের মধ্যে, নিম্নোক্ত বিষয় অন্তর্ভূক্ত থাকিবে, যথা:—

১। প্রাথমিক:

(ক) গণপ্রস্তাবের জন্য প্রসপেক্টাস প্রকাশনা

(খ) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সম্মতি সংক্রান্ত ঘোষণা

(গ) ইউনিট হস্তান্তরের নিমিত্ত স্টক এক্সচেঞ্জ বা কমিশন কর্তৃক স্বীকৃত কোনো প্লাটফরম (অজড় ইউনিট সার্টিফিকেটের ক্ষেত্রে) বা সম্পদ ব্যবস্থাপকের কাউন্টারে (কাগুজে ইউনিট সার্টিফিকেটের ক্ষেত্রে) লেনদেন সংক্রান্ত বর্ণনা

(ঘ) ডকুমেন্টসমূহ পরিদর্শন ও প্রাপ্তি সংক্রান্ত বর্ণনা

(ঙ) কমিশন কর্তৃক আরোপিত শর্ত, যদি থাকে

(চ) চাঁদা গ্রহণের সময়সীমা

(ছ) উদ্যোক্তা, ট্রাস্টি, হেফাজতকারী, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানির দায়-দায়িত্ব সংক্রান্ত ঘোষণা

(জ) ডিউ ডিলিজেন্স সনদ (Due Diligence Certificate)

(ঝ) ট্রাস্ট দলিল এর সহিত সাংঘর্ষিক কোনো বিধান বা ঘোষণা প্রসপেক্টাসে বর্ণনা বা প্রকাশ করা হয়নি এ সংক্রান্ত ঘোষণা

২। বিনিয়োগ সুবিধাদি:

(ক) মিউচ্যুয়াল ফান্ড গঠন বিষয়ক ভূমিকা (Preamble),

(খ) বর্তমান পুঁজিবাজারের আলোকে প্রস্তাবিত মিউচ্যুয়াল ফান্ডের প্রয়োজনীয়তা

(গ) প্রস্তাবিত মিউচ্যুয়াল ফান্ডে বিনিয়োগের সুবিধা

৩। তহবিল:

(ক) তহবিল গঠন সংক্রান্ত বর্ণনা

(খ) ফান্ডের ধরন সংক্রান্ত বিষয়ের বর্ণনা

(গ) স্কীমের ধরন (ইক্যুইটি স্কীম, তথা- বর্ধিষ্ণু বিনিয়োগ স্কীম, ব্যালেন্সড স্কীম ও শরীয়াহ ভিত্তিক স্কীম, ইত্যাদি এবং Fixed Income Scheme, প্রভৃতি) সংক্রান্ত বর্ণনা

(ঘ) কোন গ্যারান্টি ক্লজ থাকলে তাহার বর্ণনা

(ঙ) ফান্ডের অভিহিত মূল্য (Face value) ও মার্কেট লট (Market Lot) এর বর্ণনা

(চ) বিনিয়োগের উদ্দেশ্য, খাত ও নীতি সংক্রান্ত বর্ণনা

(ছ) বিধি মোতাবেক বিনিয়োগ বাধা নিষেধ সংক্রান্ত বর্ণনা

(জ) ব্যয়ের সীমাবদ্ধতা সম্পর্কে বর্ণনা

(ঝ) বিনিয়োগ মূল্যায়ন পদ্ধতি সংক্রান্ত বর্ণনা

(ঞ) বে-মেয়াদি (Open-end) স্কীম এর মূল্য নিরূপণ পদ্ধতি সংক্রান্ত বর্ণনাসহ বিক্রয় ও পুনঃক্রয় পদ্ধতির বর্ণনা

(ট) অবসায়ন বা অবলুপ্তি নীতি সংক্রান্ত বর্ণনা

(ঠ) বিনিয়োগ ব্যবস্থাপনা সংক্রান্ত বর্ণনা

(ড) লভ্যাংশ (Dividend) বিতরণ সংক্রান্ত নীতিমালা

(ঢ) পদ্ধতিগত বিনিয়োগ পরিকল্পনা (Systematic Investment Plan) সংক্রান্ত নীতিমালা

৪। বিনিয়োগ ঝুঁকির বিস্তারিত বর্ণনা।

৫। তহবিলের (Fund) গঠন, ব্যবস্থাপনা ও প্রশাসন সংক্রান্ত বিবরণ:

(ক) উদ্যোক্তার বর্ণনা

(খ) ট্রাস্টির বর্ণনা

(গ) তহবিলের হেফাজতকারীর বর্ণনা

(ঘ) তহবিলের সম্পদ ব্যবস্থাপকের বর্ণনা

(ঙ) নিরীক্ষা সংক্রান্ত বর্ণনা

(চ) তহবিলের ফি ও খরচ সংক্রান্ত বর্ণনা, যাহার মধ্যে—

(অ) ইস্যু ও গঠন সংক্রান্ত ব্যয়

(আ) ব্যবস্থাপনা ফি

(ই) ট্রাস্টি ফি

(ঈ) হেফাজতকারী ফি

(উ) তহবিল নিবন্ধন ও বার্ষিক ফি

(ঊ) অডিট ফি

(ঋ) বিপণন ও বিক্রয় ব্যয় (বিক্রয় প্রতিনিধির কমিশনসহ)

(এ) ব্রোকারেজ কমিশন

(ঐ) ইউনিট সংক্রান্ত অন্যান্য খরচ (যেমন, লিস্টিং ফি, ব্যাংক চার্জ, ডিপোজিটরি ফি ইত্যাদি)

৬। পুঁজি কাঠামো ও কর সুবিধা এবং শেয়ার হোল্ডারদের অধিকার:

(ক) পুঁজি কাঠামো (উদ্যোক্তার অংশ, প্রাইভেট প্লেসমেন্ট ও আইপিও)

(খ) কর সুবিধা

(গ) ইউনিট হোল্ডারদের অধিকার (ভোটাধিকার, ইউনিট হস্তান্তর, লভ্যাংশ, Periodic information, Disclosure)।

৭। পাবলিক অফারের নিয়মাবলি, ইউনিটের আবেদন ও বরাদ্দ সংক্রান্ত যাহার মধ্যে ইউনিট ইস্যু, ন্যূনতম চাঁদার পরিমাণ, ইউনিট বরাদ্দের শর্ত ও আবেদনের নিয়মাবলি বিস্তারিত উল্লেখ থাকিতে হইবে।

ষষ্ঠ তফসিল
[বিধি ৬৮ দ্রষ্টব্য]
বিনিয়োগে বাধা-নিষেধ

১। মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীম কোনো উদ্দেশ্যে কোনো ঋণ অথবা অগ্রিম (loan and advance) প্রদান করিবে না।

২। কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীম বিনিয়োগ করিবার জন্য তহবিল ধার প্রদান বা ঋণ গ্রহণ করিতে পারিবে না।

৩। কোনো মিউচ্যুয়াল ফান্ড উহার একক স্কীমের মোট সম্পদের (ক্রয়মূল্যের ভিত্তিতে) শতকরা দশ ভাগের (১০%) বেশি কোনো একক কোম্পানির শেয়ারে বিনিয়োগ করিবে না;

৪। কোনো মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে মোট সম্পদের (ক্রয়মূল্যের ভিত্তিতে) শতকরা পঁচিশ ভাগের (২৫%) বেশি কোনো একক গ্রুপের শেয়ার, বন্ড, ডিবেঞ্চার ও অন্যান্য সিকিউরিটিজে বিনিয়োগ করিবে না;

ব্যাখ্যা: এক্ষেত্রে একক গ্রুপ বলিতে হোল্ডিং কোম্পানি, সাবসিডিয়ারি কোম্পানি, এসোসিয়েট কোম্পানিসহ একই ব্যবস্থাধীন তালিকাভুক্ত কোম্পানিকে বুঝাইবে।

৫। কোনো মিউচ্যুয়াল ফান্ড উহার কোনো স্কীমের অধীনে সরকারি সিকিউরিটিজে মোট সম্পদের (ক্রয়মূল্যের ভিত্তিতে) শতকরা চল্লিশ ভাগের (৪০%) বেশি বিনিয়োগ করিবে না:

তবে শর্ত থাকে যে, Fixed Income Scheme এর ক্ষেত্রে উক্ত শর্ত প্রযোজ্য হইবে না।

৬। কোনো মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে কোনো কোম্পানির পরিশোধিত মূলধনের শতকরা দশ ভাগের (১০%) বেশি বিনিয়োগ করিবে না।

৭। একই সম্পদ ব্যবস্থাপকের ব্যবস্থাপনাধীন সকল ফান্ডের অধীনে কোনো কোম্পানির পরিশোধিত মূলধনের শতকরা পঁচিশ ভাগের (২৫%) বেশি বিনিয়োগ করিবে না।

৮। কোনো মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে মোট সম্পদের (ক্রয়মূল্যের ভিত্তিতে) শতকরা ত্রিশ ভাগের (৩০%) বেশি কোনো একক সেক্টরের শেয়ার, বন্ড, ডিবেঞ্চার ও অন্যান্য সিকিউরিটিজে বিনিয়োগ করিবে না:

তবে শর্ত থাকে যে, কোনো মিউচ্যুয়াল ফান্ড স্কীম এক বা একাধিক (তবে তিন এর বেশি নয়) সেক্টরে বিনিয়োগ করার উদ্দেশ্যে গঠন করা হইলে তাহার ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না; যদি অনুমোদিত ধারণাপত্র অনুযায়ী এই মর্মে একটি ঘোষণা প্রসপেক্টাসে দেওয়া হইয়া থাকে।

৯। কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীম হইতে অন্য কোনো মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের ইউনিটে বিনিয়োগ বা কোনো সিকিউরিটিজ স্থানান্তর করা অথবা ধার দেওয়া যাইবে না:

তবে শর্ত থাকে যে, একই মিউচ্যুয়াল ফান্ডের অধীন এক স্কীম হইতে, অবসায়ন বা অবলুপ্তির ক্ষেত্রে অন্য স্কীমে বিনিয়োগ স্থানান্তর করিতে পারিবে, যদি—

(ক) তালিকাভুক্ত সিকিউরিটিজের ক্ষেত্রে, এইরূপ স্থানান্তর প্রচলিত বাজার মূল্যে স্পটভিত্তিক (সরাসরি লেনদেন) করা হইয়া থাকে;

(খ) এইভাবে স্থানান্তরিত সিকিউরিটিজ যে স্কীমে স্থানান্তর করা হইয়াছে সে স্কীমের বিনিয়োগ উদ্দেশ্যের সহিত সামঞ্জস্যপূর্ণ হয়।

১০। কোনো মিউচ্যুয়াল ফান্ড বা উহার কোনো স্কীম হইতে অবলুপ্তি বা অবসায়নের ক্ষেত্র ব্যতীত অন্য কোনো মিউচ্যুয়াল ফান্ড বা স্কীমের আওতাধীন/মালিকানাধীন সিকিউরিটিজে ব্লক মার্কেটে বা প্রত্যক্ষ বা পরোক্ষ কোনো চুক্তির মাধ্যমে ক্রয় বিক্রয় করিবে না।

১১। কোনো মিউচ্যুয়াল ফান্ড উহার একক স্কীমের অধীনে মোট সম্পদের শতকরা বিশ ভাগের (২০%) বেশি অর্থ কোনো ব্যাংক হিসাবে (চলতি, সঞ্চয়ী বা মেয়াদি আমানত হিসাব, ইত্যাদি) জমা করিবে না:

তবে শর্ত থাকে যে, কোনো একক ব্যাংকে উক্ত একক স্কীমের মোট সম্পদের শতকরা পনেরো ভাগের (১৫%) বেশি অর্থ কোনো ব্যাংক হিসাবে (চলতি, সঞ্চয়ী বা মেয়াদি আমানত হিসাব ইত্যাদি) জমা করিবে না।

১২। একই সম্পদ ব্যবস্থাপকের ব্যবস্থাপনাধীন সকল মিউচ্যুয়াল ফান্ড বা উহার সকল স্কীমের মোট সম্পদের শতকরা দশ ভাগের (১০%) বেশি অর্থ কোনো একক ব্যাংকের সকল ধরনের ব্যাংক হিসাবে (চলতি, সঞ্চয়ী বা মেয়াদি আমানত হিসাব, ইত্যাদি) সংরক্ষণ করা যাইবে না।

তবে শর্ত থাকে যে, মিউচ্যুয়াল ফান্ড স্কীমের সূচনালগ্নে বা অবসায়ন বা অবলুপ্তির ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না:

আরো শর্ত থাকে যে, ট্রাস্টির অনুমতি ব্যতীত কোনো প্রকার ব্যাংক হিসাব খোলা বা বন্ধকরণ বা এক হিসাবের অর্থ অন্য কোনো হিসাবে স্থানান্তর করা যাইবে না।

১৩। মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের নামে রক্ষিত কোনো ব্যাংক হিসাব হইতে কোনো প্রকার নগদ অর্থ উত্তোলন করা যাইবে না।

১৪। বিধি মোতাবেক প্রাপ্য ফি বা খরচ ব্যতীত কোন প্রকার অর্থ সম্পদ ব্যবস্থাপক বা কোনো ফান্ড সংশ্লিষ্ট পক্ষ বা উহাদের কোনো পরিচালক বা প্রধান নির্বাহী বা উহাদের স্বার্থ সংশ্লিষ্ট কোনো পক্ষ বা কানেক্টেড পার্সন বা উহাদের ব্যাংক হিসাবে ধার দেয়া বা অগ্রীম প্রদান বা অন্য কোনোভাবে প্রদান বা স্থানান্তর করা যাইবে না।

সপ্তম তফসিল
[বিধি ৮১ দ্রষ্টব্য]
মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদন

১. বার্ষিক প্রতিবেদনে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবেঃ—

(ক) তহবিলের বিভিন্ন স্কীম পরিচালনা, ঐ বছরের মোট তহবিল এবং তহবিলের ভবিষ্যৎ কর্মসূচী সংক্রান্ত ট্রাস্টির প্রতিবেদন।

(খ) এই তফসিলের ২,৩, ৪ ও ৫ অনুচ্ছেদের সহিত সামঞ্জস্যপূর্ণ আর্থিক অবস্থার বিবরণী, লাভ বা ক্ষতি এবং অন্যান্য বিশদ আয় বিবরণী, ইক্যুইটি বা মালিকানাস্বত্ব পরিবর্তন বিবরণী এবং নগদ প্রবাহ বিবরণী।

(গ) এই তফসিলের ৬ অনুচ্ছেদ অনুযায়ী নিরীক্ষকের প্রতিবেদন।

(ঘ) নিম্নবর্ণিত বিষয়ে ট্রাস্টির সংক্ষিপ্ত বিবরণ—

(অ) ট্রাস্টির দায়িত্ব ও কর্তব্য;

(আ) প্রতিটি স্কীমের বিনিয়োগ উদ্দেশ্য;

(ই) স্কীমের বিনিয়োগ ভিত্তি ও নীতি;

(ঈ) স্কীম যদি আংশিক অথবা সম্পূর্ণরূপে শেয়ার, বন্ড, ডিবেঞ্চার অথবা সিকিউরিটিতে বিনিয়োগের অনুমতি দেয় যেগুলির দরে হ্রাসবৃদ্ধি ঘটে তাহা হইলে, নিম্নরূপ বিবৃতি থাকিবে:

"ইউনিটের দাম ও পরিশোধিতব্য মূল্য এবং উহা হইতে লব্ধ আয়ে বিনিয়োগের বাজার মূল্যের উঠানামার সহিত হ্রাস-বৃদ্ধি ঘটিবে"।

(ঙ) এই তফসিলের ৭ অনুচ্ছেদ অনুযায়ী ইউনিট প্রতি প্রাসংগিক পরিসংখ্যানের বিবরণ।

(চ) নিম্নরূপ বিবৃতি :—

"বর্তমান ও সম্ভাব্য ইউনিট মালিক/বিনিয়োগকারীগণ লিখিত আবেদনের ভিত্তিতে ট্রাস্ট চুক্তিপত্র, বার্ষিক প্রতিবেদন এবং সংশ্লিষ্ট স্কীমের বিষয়বস্তু সংগ্রহ করিতে পারিবেন"।

২. আর্থিক অবস্থার বিবরণীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবেঃ—

(ক) আর্থিক অবস্থার বিবরণীতে স্কীমের সম্পদ ও দায়দেনার স্কীম ভিত্তিক বিবরণ থাকিবে। এই বিবরণে অন্যান্য কিছুর মধ্যে বিনিয়োগ মূল্যায়নের হিসাব নীতি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলি প্রকাশ করা হইবে।

(খ) বিনিয়োগ যদি ক্রয়মূল্যে অথবা অভিহিত মূল্যমানে করা হয় তাহা হইলে প্রত্যেক প্রকার বিনিয়োগের সামষ্টিক ফেয়ার ভ্যালু পৃথকভাবে নিম্নভাগে উল্লেখ করিতে হইবে; যেমন, স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সাধারণ শেয়ার, অগ্রাধিকারযুক্ত শেয়ার, রূপান্তরযোগ্য বন্ড, ডিবেঞ্চার, শরীয়াহ ভিত্তিক সিকিউরিটিজ অরূপান্তরযোগ্য ডিবেঞ্চার অথবা বন্ড এবং সরকারি সিকিউরিটিজ ইত্যাদি।

(গ) আর্থিক অবস্থার বিবরণীতে প্রত্যেক প্রকার বিনিয়োগের ক্ষেত্রে নিষ্ক্রিয় বিনিয়োগের সামষ্টিক ক্রয়মূল্য ও ফেয়ার ভ্যালু উল্লেখ করিতে হইবে। (নিষ্ক্রিয় অর্থ এমন কোনো বিনিয়োগ যাহা হইতে মিউচ্যুয়াল ফান্ডের সর্বশেষ হিসাব বর্ষ হইতে পূর্ববর্তী দুই বছরের বেশী সময় ধরিয়া সুদ অথবা লভ্যাংশ হিসাবে কিছুই প্রাপ্তি ঘটে নাই।)

(ঘ) আর্থিক অবস্থার বিবরণীতে নিষ্ক্রিয় বিনিয়োগের মূল্য ঘাটতি/ক্ষতির সঞ্চিতি উল্লেখ করিতে হইবে।

(ঙ) আর্থিক অবস্থার বিবরণীতে হিসাব বর্ষ শেষে ইউনিট প্রতি নীট সম্পদ মূল্যের উল্লেখ থাকিবে।

(চ) আর্থিক অবস্থার বিবরণীতে প্রতিটি বিষয়ের বিপরীতে পূর্ববর্তী হিসাব বর্ষ শেষের উদ্বৃত্ত অংকের উল্লেখ থাকিবে।

৩. লাভ বা ক্ষতি এবং অন্যান্য বিশদ আয় বিবরণীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে:

(ক) লাভ বা ক্ষতি এবং অন্যান্য বিশদ আয় বিবরণীতে মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের আয়, ব্যয় এবং উদ্বৃত সম্পর্কিত স্কীম ভিত্তিক বিবরণ।

(খ) যদি লাভ বা ক্ষতি এবং অন্যান্য বিশদ আয় বিবরণীতে একই মিউচ্যুয়াল ফান্ডের আন্তঃস্কীম বিনিয়োগ হস্তান্তরে লাভ অথবা ক্ষতি হইয়া থাকে তাহা হইলে ঐ লাভ/ক্ষতির সমষ্টি তৃতীয় পক্ষের নিকট বিনিয়োগ হস্তান্তরের লাভ/ক্ষতির সহিত যৌথভাবে না দেখাইয়া পৃথকভাবে প্রদর্শন করিতে হইবে।

(গ) বিনিয়োগের রাজস্ব ও আয় (লভ্যাংশ ও সুদ সমেত) এর স্বীকৃত করার হিসাব নীতি অবহিত করিতে হইবে।

(ঘ) মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার অধীন পরিচালিত স্কীম পরিচালনার জন্য অপরিহার্য যে সকল খরচ বিশেষ করিয়া স্কীম ইস্যুর প্রাথমিক খরচের উক্ত আর্থিক বছরের জন্য অবলোপনের (Write off) অংশ, সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি এবং হেফাজতকারীকে প্রদত্ত ফি, স্কীম প্রচারণার বিজ্ঞাপনী ব্যয় (প্রযোজ্য ক্ষেত্রে), বিক্রয় ও বিপণন ব্যয়, বার্ষিক ফি, নিরীক্ষা খরচ, ইউনিট হোল্ডারদের কর্তৃক সভা আহবান করিলে সভা সংক্রান্ত খরচ, NAV এবং অন্যান্য স্কীম সংক্রান্ত প্রকাশনার খরচ, স্টক এক্সচেঞ্জের লেনদেন ব্যয়, ক্রয় মূল্য অপেক্ষা ফেয়ার ভ্যালু যদি কম হয় তবে তাহার জন্য সঞ্চিতি, ইত্যাদি।

৪. ইক্যুইটি বা মালিকানাস্বত্ব পরিবর্তন বিবরণীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে:

(ক) ইক্যুইটি বা মালিকানাস্বত্ব পরিবর্তন বিবরণীতে হিসাব বছর সমাপ্তির তারিখে ফান্ডের স্কীমভিত্তিক ইক্যুইটি বা মালিকানাস্বত্ব পরিবর্তন সংক্রান্ত বিবরণ।

(খ) ইক্যুইটি বা মালিকানাস্বত্বের প্রারম্ভিক ও সমাপ্তি উদ্বৃত্ত সমন্বয়ের উল্লেখ থাকিবে যাহাতে ইক্যুইটি বা মালিকানাস্বত্বের প্রতিটি উপাদানের পরিবর্তন পৃথকভাবে অন্তর্ভুক্ত থাকিবে।

৫. নগদ প্রবাহ বিবরণীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে:

(ক) মিউচ্যুয়াল ফান্ডের নগদান প্রবাহ বিবরণীতে অন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহের স্কীম ভিত্তিক বিবরণ।

(খ) নগদ প্রবাহ বিবরণীতে সকল নগদ অন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ তিনটি শ্রেণিতে বিভক্ত থাকিবে, যথা পরিচালনা, বিনিয়োগ এবং আর্থিক কর্মকান্ড সংক্রান্ত।

(গ) নগদ প্রবাহ বিবরণীতে অর্থ বিবৃতিতে আর্থিক অবস্থার বিবরণীর তারিখে সমাপ্ত বর্ষের নগদ উদ্বৃত্ত অথবা ঘাটতি এবং প্রারম্ভিক ও সমাপ্তি উদ্বৃত্তের সমন্বয়ের উল্লেখ।

৬. নিরীক্ষকের প্রতিবেদন:

(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের আর্থিক বছর শেষ হওয়ার ৭ দিনের মধ্যে ট্রাস্ট দলিল অনুযায়ী নিরীক্ষক নিয়োগ দিবে এবং নিরীক্ষক নিয়োগ পাওয়ার ৩০ দিনের মধ্যে নিরীক্ষা কার্যক্রম শেষ করিবে এবং নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ট্রাস্টি বরাবর প্রেরণ করিবে যা উক্ত মিউচ্যুয়াল ফান্ড বা উহার স্কীমের বার্ষিক প্রতিবেদনের অংশ হিসেবে পরিগণিত হইবে। ইহার সহিত সংক্ষিপ্ত আর্থিক অবস্থার বিবরণী, লাভ বা ক্ষতি এবং অন্যান্য বিশদ আয় বিবরণী, নগদান প্রবাহ বিবরণী এবং ইক্যুইটি বা মালিকানাস্বত্ব পরিবর্তন বিবরণী সংযুক্ত থাকিবে। নিরীক্ষকগণ ইউনিট মালিকগণের নিকট নহে, ট্রাস্টির নিকট প্রতিবেদন পেশ করিবেন।

(২) নিরীক্ষক ঘোষণা করিবেন যে—

(ক) তিনি সকল তথ্য ও ব্যাখ্যা পাইয়াছেন কি না যাহা তাহার জ্ঞান ও বিশ্বাসমতে তাহার নিরীক্ষা কাজে প্রয়োজন ছিল;

(খ) আর্থিক অবস্থার বিবরণী, লাভ বা ক্ষতি এবং অন্যান্য বিশদ আয় বিবরণী, নগদ প্রবাহ বিবরণী এবং ইক্যুইটি বা মালিকানাস্বত্ব পরিবর্তন বিবরণী তহবিলের হিসাব বহির সহিত সামঞ্জস্যপূর্ণ কি না, এই বিধিমালার বিধি ৭৯ অনুযায়ী প্রভিশনিং করা হইয়াছে কিনা এবং তা IFRS/ IAS অনুযায়ী প্রস্তুতকৃত কি না;

(গ) আর্থিক অবস্থার বিবরণীতে বিনিয়োগের মূল্যায়ন ফেয়ার ভ্যালুতে (Fair Value) ভিত্তিতে করা হয়েছে কি না; এবং

(ঘ) নিরীক্ষিত ফান্ড বা স্কিমের বার্ষিক মোট ব্যয় এই বিধিমালায় নির্দেশিত সীমার মধ্যে ছিল কি না।

(৩) নিরীক্ষক তাহার মতামত দিবেন যে—

(ক) আর্থিক অবস্থার বিবরণীতে হিসাব বছর সমাপ্তির তারিখে তহবিল বা ফান্ডের স্কীমভিত্তিক আর্থিক অবস্থা সত্য ও ন্যায্য কি না;

(খ) লাভ বা ক্ষতি এবং অন্যান্য বিশদ আয় বিবরণীতে হিসাব বছর সমাপ্তির তারিখে তহবিল বা ফান্ডের স্কীমভিত্তিক উদ্বৃত্ত/ঘাটতি সত্য ও ন্যায্য কি না;

(গ) নগদ প্রবাহ বিবরণীতে হিসাব বছর সমাপ্তির তারিখে তহবিল বা ফান্ডের স্কীমভিত্তিক নগদান অন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহর সত্য ও ন্যায্য কি না; এবং

(ঘ) ইক্যুইটি বা মালিকানাস্বত্ব পরিবর্তন বিবরণীতে হিসাব বছর সমাপ্তির তারিখে তহবিল বা ফান্ডের স্কীমভিত্তিক মালিকানাস্বত্ব পরিবর্তন সঠিক ও ন্যায্য কিনা;

৭. ইউনিট প্রতি যথানুপাতিক পরিসংখ্যান:

এই বিবরণী বিগত তিন বছরের স্কীমভিত্তিক ইউনিট প্রতি নিম্নরূপ পরিসংখ্যান প্রদর্শন করিবে :—

(ক) ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য (ক্রয়মূল্য ও ফেয়ার ভ্যালুতে);

(খ) ইউনিট প্রতি মোট আয়, নিম্নরূপ শ্রেণিতে:

(অ) বিনিয়োগ বিক্রয় হইতে লাভ বা অন্যান্য আয়;

(আ) বিনিয়োগের হইতে প্রাপ্ত লভাংশ বা মুনাফা বা সুদ;

(ই) তৃতীয় পক্ষের নিকট বিনিয়োগ বিক্রয় হইতে লাভ;

(ঈ) গত বছরের রিজার্ভ হইতে রাজস্ব হিসাবে স্থানান্তর;

(গ) ইউনিট প্রতি সামষ্টিকভাবে ব্যয়, মূল্যহ্রাস, অবচয় ও অবসান (Write-off) ইউনিট প্রতি বিনিয়োগ মূল্যহ্রাসের সঞ্চিতি পৃথকভাবে উল্লেখ করিতে হইবে;

(ঘ) ভার-আরোপিত ইউনিট প্রতি নীট আয় (Weighted Average Earnings Per Unit);

(ঙ) ইউনিট প্রতি অনাদায়ী মূল্য বৃদ্ধি/সঞ্চিতিবিহীন মূল্যহ্রাস;

(চ) ইউনিটসমূহ যদি লেনদেন অথবা পুনঃক্রয়/পুনঃবিক্রয় করা হয়, এই বৎসরে ইউনিট প্রতি সর্বোচ্চ ও সর্ব নিম্ন দর।

অষ্টম তফসিল
[বিধি ৮৭, বিধি ৮৮ দ্রষ্টব্য]

ট্রাস্টি, হেফাজতকারী এবং সম্পদ ব্যবস্থাপকের আচরণ বিধি

আরচণ বিধি।—(১) প্রত্যেক ট্রাস্টি, হেফাজতকারী এবং সম্পদ ব্যবস্থাপক

(ক) তাহার দায়িত্ব পালনকালে সততা ও নিষ্ঠার পরিচয় প্রদান করিবেন;

(খ) শ্রম, যত্ন ও স্বাধীন পেশাগত বিচার বিশ্লেষণ দ্বারা সংশ্লিষ্ট সকলকে সেবা ও পরামর্শ প্রদান করিবেন;

(গ) অন্য কোনো ট্রাস্টি, হেফাজতকারী এবং সম্পদ ব্যবস্থাপক কোনো সম্পদ ব্যবস্থাপকের স্বার্থের পরিপন্থী অথবা তাহার দায়িত্ব পালনে বিঘ্ন সৃষ্টি করিতে পারে এমন কোনো বক্তব্য প্রদান অথবা প্রতিযোগিতায় লিপ্ত হইবেন না;

(ঘ) তাহার মক্কেলের অথবা ইউনিট হোল্ডারের কাছে নিজের যোগ্যতা, দক্ষতা ও সাফল্য সম্পর্কে অতিরঞ্জিত তথ্য পরিবেশন করিবেন না;

(ঙ) তাহার ইউনিট হোল্ডার এর ইউনিট সম্পর্কিত যাবতীয় বিষয় গোপন রাখিবেন;

(চ) মিউচ্যুয়াল ফান্ডের সিকিউরিটি সম্পর্কিত যাবতীয় বিষয় গোপন রাখিবেন এবং বিধিবহির্ভূতভাবে কোথাও প্রকাশ করিবেন না;

(ছ) বিনিয়োগকারীকে কমিশন কর্তৃক নির্ধারিত প্রকৃত ও পর্যাপ্ত তথ্য সরবরাহ করিবেন এবং বিনিয়োগের সম্ভাব্য ঝুঁকি সম্পর্কে অবহিত করিবেন;

(জ) বিনিয়োগকারীর নিকট সংশ্লিষ্ট প্রসপেক্টাস, মেমোরেন্ডাম এবং আনুষংগিক ও প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ নিশ্চিত করিবেন;

(ঝ) বিনিয়োগের উদ্দেশ্যে ইউনিট হোল্ডার হইতে প্রাপ্ত অর্থ অথবা ফান্ড গঠনের উদ্দেশ্যে ইউনিট হোল্ডারগণের নিকট থেকে সংগৃহীত অর্থ যতশীঘ্র সম্ভব বিনিয়োগ ব্যবস্থা করিবেন এবং ইউনিট হোল্ড্ারের পাওনা অর্থ যথাসময়ে পরিশোধের ব্যবস্থা করিবেন;

(ঞ) গুজব সৃষ্টির মাধ্যমে সিকিউরিটিজের মিথ্যা বাজার সৃষ্টিকরণে সহযোগিতা করিবেন না;

(ট) দর কারচুপি অথবা সিকিউরিটিজের ক্ষেত্রে অপ-কৌশল প্রয়োগ করিবেন না;

(ঠ) ফ্রন্ট রানিং করিবে না;

(ড) স্টক-ব্রোকার, স্টক-ডিলার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার অথবা পুঁজিবাজারের অন্যান্য মধ্যস্থতাকারীকে (Intermediaries) মূল্য সংক্রান্ত সংবেদনশীল তথ্য সরবরাহ করিবেন না;

(ঢ) ইউনিট হোল্ডার অথবা বিনিয়োগকারীদের যে কোনো অভিযোগ সঠিকভাবে তদন্ত করিবেন এবং অভিযোগ প্রাপ্তির এক মাসের মধ্যে উহা প্রতিকারের ব্যবস্থা করিবেন;

(ন) ট্রাস্টি, হেফাজতকারী এবং সম্পদ ব্যবস্থাপক অগ্রাধিকারের সহিত ইউনিট হোল্ডারদের সর্বোচ্চ স্বার্থ সংরক্ষণ করিবেন;

(২) উপ-দফা (১) এ উল্লিখিত আচরণ পরিপালন ও মান্যকরণ ছাড়াও, প্রত্যেক ট্রাস্টি, হেফাজতকারী এবং সম্পদ ব্যবস্থাপক কমিশন কর্তৃক, সময় সময়, নির্ধারিত অন্যান্য আচরণ বিধি মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

খন্দকার রাশেদ মাকসুদ
চেয়ারম্যান।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd